Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ৩৫ কলকাতা শুক্রবার, ৩০ মার্চ ২০১৮/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১৫ চৈত্র ১৪২৪ দাম ₹৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

# পশ্চিমবঙ্গ পুলিশে ৬১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর

রাজ্য পুলিশে ৬,১০০ কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর পদে নিয়োগের দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরু হতে চলেছে ১ এপ্রিল। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ১৬ মার্চ সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পুলিশে শীঘ্রই নেওয়া হবে ৬১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে এই নিয়োগের খবর আগাম জানানো হয়েছিল। দরখাস্ত করা যাবে কনস্টেবল পদের ক্ষেত্রে ১ এপ্রিল থেকে ৩০ এপ্রিল এবং সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ৬ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত। সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে নিয়োগ করা হবে আন-আর্মড ও আর্মড ব্রাঞ্চে। মহিলারাও আবেদনের যোগ্য। কনস্টেবল পদের ক্ষেত্রে হোম গার্ড পার্সোনেল, সিভিক ভলান্টিয়ার এবং ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সে কর্মরতরা শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**কনস্টেবল:** সম্ভাব্য শূন্যপদ ৫,৩০০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। ১-১-২০১৮ তারিখ অনুসারে সিভিক ভলান্টিয়ার, হোম গার্ড ও ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সে ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা আবেদনের যোগ্য।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৬০ সেমি)। পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি। উভয় ক্ষেত্রেই উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। হোম গার্ড এবং ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সে কর্মরতরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2018/WBPRB.

**সাব-ইনস্পেক্টর:** সম্ভাব্য শূন্যপদ ৮০০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। **দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৬৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৬০ সেমি)। বুকের ছাতি পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি। ওজন: পুরুষদের ক্ষেত্রে অন্তত ৫১.৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে অন্তত ৪৫ কেজি)। বয়স: ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 05/2018/WBPRB.

সব ক্ষেত্রেই প্রার্থীকে বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (দার্জিলিং ও কালিম্পং জেলার বিভিন্ন সাব-ডিভিশনের স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

তফসিলি উপজাতি, গোর্খা, রাজবংশীরা দৈহিক মাপজোকে ছাড় পাবেন। এছাড়া তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.policewb.gov.in এছাড়া অফলাইনেও আবেদন করা যাবে। অনলাইন-অফলাইন দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরু হচ্ছে কনস্টেবল পদের ক্ষেত্রে ১ এপ্রিল

*এরপর পনেরোর পাতায়*

## রাজ্যে আরও ৩৬৭৩ কর্মী নিয়োগের সিদ্ধান্ত মন্ত্রিসভার বৈঠকে

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন পদে ৩,৬৭৩ জন কর্মী নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। ২৩ মার্চ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিন পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় জানান, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে এই ৩,৬৭৩ জন কর্মীকে নিয়োগ করা হবে। সূত্রের খবর, যে-যে দপ্তরে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তার মধ্যে রয়েছে আইন, শিক্ষা, প্রশাসনিক সংস্কার, পার্বত্য বিষয়ক দপ্তরগুলি। এছাড়া, জঙ্গলমহল ও পাহাড়ের মতো স্পর্শকাতর অঞ্চলগুলিতে আইনশৃঙ্খলা রক্ষার জন্য একটি বিশেষ বাহিনী গড়ারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে এদিনের মন্ত্রিসভার বৈঠকে।

## লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট: কিছু উত্তরপত্র ফের যাচাই করছে পি এস সি

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষার কিছু উত্তরপত্রের মূল্যায়ন নিয়ে পাবলিক সার্ভিস কমিশন সন্তুষ্ট না হওয়ায় পরীক্ষার ফলাফল ঘোষণা আটকে রয়েছে। যে উত্তরপত্রগুলি নিয়ে প্রশ্ন উঠেছে সেগুলি নতুন করে যাচাই করার কাজ শুরু হয়েছে। এই প্রক্রিয়া সম্পূর্ণ হলে মেধাতালিকা প্রকাশ করা হবে। পি এস সি সূত্রে একথা জানা গিয়েছে।

# এয়ারফোর্সে ১৪৫ গ্রুপ 'সি'

**মাল্টি টাস্কিং স্টাফ, হাউস কিপিং স্টাফ, মেস স্টাফ, কুক, পেইন্টার, টেলর, লোয়ার ডিভিশন ক্লার্ক**

১৪৫ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। মাল্টি টাস্কিং স্টাফ, হাউস কিপিং স্টাফ, ড্রাফটসম্যান, কুক, পেইন্টার, কার্পেন্টার, লন্ড্রিম্যান, ফায়ারম্যান-সহ বিবিধ পদে নিয়োগ করা হবে বিভিন্ন ইউনিটে।

**ইউনিট অনুসারে শূন্যপদ:** এয়ারফোর্স স্টেশন, কানপুর: **লন্ড্রিম্যান:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ২টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **হাউস কিপিং স্টাফ:** ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, প্রাক্তন সমরকর্মী ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Station, Chakeri, Kanpur-208 008.

ওয়ান বেস রিপেয়ার ডিপো, কানপুর: **হিন্দি টাইপিস্ট:** ১টি (ও বি সি)। **পেইন্টার:** ১টি (ও বি সি)। **এ সি মেকানিক:** ১টি (সাধারণ)। **ইনস্ট্রুমেন্ট রিপেয়ারার:** ১টি (ও বি সি)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ২টি (তফসিলি জাতি)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 1 Base Repair Depot, Air Force Station Chakeri, Kanpur-208 008.

বেস রিপেয়ার ডিপো, চণ্ডিগড়: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৪টি (সাধারণ ২, ও বি সি ১, প্রাক্তন সমরকর্মী ১)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (তফসিলি জাতি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Chandigarh-160 003.

ফোর বেস রিপেয়ার ডিপো, কানপুর: **ড্রাফটসম্যান গ্রেড-টু:** ১টি (ও বি সি)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি

*এরপর পনেরোর পাতায়*

# রাজ্যের সরকারি হাসপাতালে ১০৯৮ মেডিক্যাল অফিসার

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তর ১,০৯৮ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার নেবে। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে (বেসিক গ্রেড)। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ করা হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MO/48(1)/1/2018.

**মোট শূন্যপদ:** ১,০৯৮টি (সাধারণ ৮৯, তফসিলি জাতি ২৯৮, তফসিলি উপজাতি ২০২, বি সি-এ ২২৪, বি সি-বি ১৯৮, দৈহিক প্রতিবন্ধী ৮৭)।

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস, সঙ্গে স্টেট মেডিক্যাল কাউন্সিল বা মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ৩৬ (স্নাতকোত্তর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৪০) বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

*এরপর পনেরোর পাতায়*

# এইমসে ২১৭ অধ্যাপক

বিভিন্ন বিভাগের জন্য ২১৭ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর এবং প্রফেসর নিয়োগ করবে হৃষীকেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস।

নিয়োগ হবে এই সব বিভাগে: অ্যানাস্থেশিওলজি, অ্যানাটমি, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওলজি, কার্ডিওথোরাসিক সার্জারি, কমিউনিটি মেডিসিন/ফ্যামিলি মেডিসিন, ডেন্টিস্ট্রি, ডার্মাটোলজি, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, ই এন টি, ফরেন্সিক মেডিসিন/টক্সিকোলজি, গ্যাস্ট্রোএন্ট্রোলজি, জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, মেডিক্যাল অঙ্কোলজি/হেমাটোলজি, মাইক্রোবায়োলজি, নিওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনেকোলজি, অপথ্যালমোলজি, অর্থোপেডিক্স, পেডিয়াট্রিক্স সার্জারি, পেডিয়াট্রিক্স, প্যাথলজি/ল্যাব মেডিসিন, ফার্মাকোলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, ফিজিওলজি, সাইকিয়াট্রি, পালমোনারি মেডিসিন, রেডিও ডায়াগনসিস, সার্জিক্যাল গ্যাস্ট্রোএন্ট্রোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন

*এরপর পনেরোর পাতায়*

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১৪ অধ্যাপক

বিভিন্ন বিভাগের জন্য ১১৪ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করবে যাদবপুর বিশ্ববিদ্যালয়।

নিয়োগ হবে এই সব বিভাগে: বাংলা, ইংরেজি, ইকনমিক্স, ফিল্ম স্টাডিজ, হিস্ট্রি, ইন্টারন্যাশনাল রিলেশনস, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ফিলজফি, সংস্কৃত সোশিওলজি, আর্কিটেকচার, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ারিং,

*এরপর সাতের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# সুপ্রিম কোর্টে জুনিয়র কোর্ট অ্যাটেন্ড্যান্ট ও চেম্বার অ্যাটেন্ড্যান্ট

৭৮ জন জুনিয়র কোর্ট অ্যাটেন্ড্যান্ট ও চেম্বার অ্যাটেন্ড্যান্ট নেবে সুপ্রিম কোর্ট। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.3/2018-SCA (I).

**শূন্যপদের বিবরণ: জুনিয়র কোর্ট অ্যাটেন্ড্যান্ট:** ৬৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ড্রাইভিং বা রান্না বা ইলেক্ট্রিশিয়ান বা কার্পেন্ট্রির কাজে দক্ষতা থাকতে হবে। ড্রাইভারদের ক্ষেত্রে বৈধ কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স (লাইট বা হেভি মোটর ভেহিক্যাল) থাকতে হবে। একাধিক কাজে দক্ষতা-সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

**চেম্বার অ্যাটেন্ড্যান্ট:** ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে হাউসকিপিং, সিকিউরিটি, ওয়াচ অ্যান্ড ওয়ার্ড এবং কেয়ারটেকিং-সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৩-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, স্বাধীনতা সংগ্রামীদের পরিজনেরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহ-বিচ্ছিন্না বা আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মূল বেতন:** প্রতি মাসে ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

সব ক্ষেত্রেই তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১০০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ এবং জেনারেল অ্যাওয়্যারনেস। সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৫×৩.৮ সেমি মাপে, ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২.৫×৫ সেমি মাপে, ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন আবেদনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (তফসিলি, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী এবং স্বাধীনতা সংগ্রামীদের পরিজনদের ক্ষেত্রে ১৫০ টাকা)। ফি জমা দিতে হবে অনলাইনে। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদন-পত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৮ সংখ্যা ৩৫ □ ৩০ মার্চ ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক থেকে স্নাতক। বয়সসীমা: ১৮ থেকে ৩০ বছর। বেতন: ১২,৭০০ থেকে ১৯,৩০০ টাকা + EPF, ESIC, Medical. প্রয়োজনে অনভিজ্ঞদের কাজ শিখিয়ে স্পট জয়েনিংয়ের ব্যবস্থা। IPC, KOL-91. কলকাতা: 98742-35889 হাওড়া: 86979-48348 দুর্গাপুর: 97351-46325 বর্ধমান: 84361-40813.

□

সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারে (চক্ষু হাসপাতাল) - Kolkata উঃমাধ্যমিক / স্নাতক যুবক ও যুবতী আবশ্যক। ৭ দিনের মধ্যে যোগাযোগ করতে হবে By Email - career.susrut@gmail.com বয়সসীমা ২৫ বছরের মধ্যে হতে হবে। টাইপিং স্পিড ৩০ ওয়ার্ড / মিনিট। যোগাযোগ: 90739-97720 (10am - 5pm). Address: HB-36/A/1, Salt Lake City. Sec-III, Kol-106.

□

**Naptol, Airtel, Vodafone, কাস্টমার** কেয়ার ও Banking Process-এ স্থায়ী পদে বাংলা ও হিন্দি জানা M/F নিয়োগ চলছে। মাধ্যমিক-স্নাতক। জেলাভিত্তিক নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, PF, ESI, Car, O.T, Incentive-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। কলকাতা, হাওড়া: 98007-80569, মেদিনীপুর, বাঁকুড়া: 84368-61388. Add: NIGAM TORI, Kharagpur, Paschim, Medinipur.

□

**STATE BANK OF INDIA (INDIRECT 3rd PARTY)**
**নিম্ন ব্রাঞ্চ ও অফিসের পদে নিয়োগ:**
১। BRE (বেতন: ১২-১৫ হাজার টাঃ)
২। RE (বেতন: ১২-১৫ হাজার টাঃ)
কলকাতা, হাওড়া ও হুগলির জন্য FREE Interview, Fixed Salary. যোগ্যতা: ন্যূনতম H.S, বয়স: ১৮-৩৪, যোগাযোগ: MEDS, Board of Selectors, Khirodtala, Howrah-1. (M): 98362-30502.

□

**Airtel/Jio/SBI কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F চাই। যোগ্যতা: MP/ H.S বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90075-59111.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩১ মার্চ দুপুর ২টো পর্যন্ত।
□□□
১৩ এপ্রিল **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**PORT-এ চাকরি**
**GULF PVT. LTD**
**Govt. Regd. L/C No.: 662176**
**স্থায়ী চাকরি**
**সরাসরি যোগ্যতার ওপর নির্ভর করে** PORT-এ পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: (৮ম-স্নাতক), বয়স: (17-42)-এর মধ্যে। বেতন: 16,500/- – 52,500/-. DIRECT COMPANY-র পেরোলে। বেতনের সাথে খাওয়া, থাকা, খরচ কম্পানির। এছাড়া PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুবিধা আছে। প্রত্যেক 5 মাস DUTY করলে 1 মাসের ছুটি WITH SALARY. POSTING এরিয়া-খিদিরপুর, হলদিয়া, আন্দামান, গোয়া, মুম্বই, চেন্নাই ও বিশাখাপত্তনম। দেশের মধ্যে নিজের পছন্দমতো জায়গায় কাজ পেতে গেলে শীঘ্রই BIODATA পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ যোগাযোগ করুন। ফর্ম: 101 টাকা। স্টেশন রোড, রানাঘাট, নদিয়া। গৌরব চ্যাটার্জী, M: 77976-76092.

□

**URGENT VACANCY**
**ফোন করে নিজের ভবিষ্যৎ নিজে গড়ুন**
**গ্যারান্টি-সহ স্থায়ী কাজ এবং 4 দিনে স্পট জয়েনিং**
**Govt. Regd. L. No.: WB-3045**
**উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার** বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সম্পূর্ণ বিনা ডোনেশনে সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কন্ট্রাক্টরের অধীনে AIRPORT, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি Direct পে-রোলে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 45,600/-). OT, PF, ESI. ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে সত্বর যোগাযোগ করুন। M:77185-43880, S.T.Rd, Nowa Para, শ্যামনগর, Sona Corporate.

□

**বাংলা/হিন্দি BPO কাস্টমার কেয়ার ও** Banking প্রসেসে স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: মাধ্যমিক-M.A,. Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Incentive-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur, HWH-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68587.

□

**হোটেলে 8,200/- – 16,700/- আয়**
**3-5 স্টার হোটেলে স্থায়ী পদে FREE** থাকা, খাওয়া-সহ বিভিন্ন পদে প্রচুর কাজের সুযোগ। PRIDE, আনন্দপুর, Kol-107. Kolkata: 98313-43039, বহরমপুর: 97488-35074, বীরভূম: 96099-08663.

□

**Jio/SBI/Voda কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F চাই। যোগ্যতা: মাধ্যমিক- স্নাতক। বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90517-30543.

□

**উঃ দঃ বঙ্গে স্থায়ী চাকরি**
**বিভিন্ন প্রাইভেট কম্পানি, ফ্যাক্টরি,** অফিস, টাওয়ার Co, ATM, প্রাইভেট ক্লিনিক, হোটেলে কাজের জন্য কর্মী চাই, ১০,৫০০/- - ১৬,৫০০/-। M: 78728-49742. R.J.S. 11C, RBL, Kol-9.

□

## কর্মখালি

**কন্ট্রাক্টরের অধীনে**
**AIRPORT-এ চাকরি**
**GOVT. REGD No.: S/IL-52147**
**সরকারি নিয়মানুযায়ী চুক্তিপত্রের মাধ্যমে** ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সরাসরি নিয়োগ চলছে। বয়স হতে হবে 18 থেকে 45-এর মধ্যে। যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। যোগ্যতা অনুসারে পদ ও বেতন যথাক্রমে: 14,300/- – 43,700-এর মধ্যে। এছাড়াও BONUS-এর সুবিধা থাকবে। ইচ্ছুক ব্যক্তিরা বায়োডাটা, পরিচয়পত্র, স্কুল সার্টিফিকেট ফটো-সহ নিজে যোগাযোগ করুন। বিস্তারিত আরও জানতে কথা বলুন। T. A. S, Airport, Kol-52, Ph: 78720-53066.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**
**শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের** জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**হোটেলে স্থায়ী চাকরি**
**কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত ও** ISO স্বীকৃত) অনূর্ধ্ব ৩০ ছেলে চাই। আয়: 6,000/- থেকে শুরু + থাকা + খাওয়া ফ্রি। চাকরির লিখিত গ্যারান্টি। bshm.co.in, L.N. কলোনী, Kol-47, গড়িয়া: 92361-80651.

□

**Urgent Vacancy for 'Godrej ABF', needs telecaller (F) (18-25y)** & Sales Officer (M/F). VISION PLUS, Lake Town, Kol-48. Ph: 87777-63973, 83348-80378.

□

**CONTACT IMMEDIATELY FOR** VACANCIES MEDICAL REPRESEN -TATIVE, AREA MANAGER, REGIONAL MANAGER & PLACEMENT ORIENTED MR COURSE INCLUDING INTERVIEW SKILLS. CONTACT: INFUSION, 60 KHELAT BABU LANE, KOLKATA-700 037. 98368-53752, 70037-64053.

□

**SBI/ Voda/ Jio-4G/ Tata Sky-এর** ডায়রেক্ট Co/ অফিসিয়াল কাজের জন্য স্থায়ী পদে MP-MA (18-35) স্মার্ট বাংলাভাষী ছেলেমেয়ে URGENT চাই। বেতন: INC+OT+TA-সহ 10,850/- থেকে শুরু। W2C, 111, F. Rd, Kol-56. দমদম/কল্যাণী: 83348-59516 হাওড়া/বর্ধমান: 90629-77779.

□

**URGENT VACANCY**
**SAI SERVICE**
**G.R.L/C No.: 786876**
**M: 7797680122**
**গভঃ স্বীকৃত অফিস একমাত্র চাকরির** সেরা ঠিকানা। দেশের বিভিন্ন পোর্ট ও বন্দর অঞ্চলে ছেলেদের জন্য জরুরীভিত্তিক কাজের নিয়োগ চলছে। যোগ্যতা: (৮ম-স্নাতক)। বয়স: (18-42), বেতন: 14,700/- –52,300/- সুবিধা: PF, ESI, OT, বোনাস, থাকা, খাওয়া, প্রমোশন। 5 মাসে 1 মাস ছুটি। বেতন-সহ ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সরাসরি নিয়োগ চলছে। যোগাযোগ করুন। ফর্ম: 101 টাকা। রানাঘাট, NH 34, নদিয়া।

□

## কর্মখালি

**পোর্টে চাকরি**
**British Pvt. Ltd**
**Govt. Regd. L/C No.: 220162**
**Govt. স্বীকৃত অফিস চাকরির সেরা** ঠিকানা। দেশের বিভিন্ন স্থানে PORT-এ ছেলেদের জন্য জরুরীভিত্তিক কাজের নিয়োগ চলছে। যোগ্যতা: (৮ম-স্নাতক), বয়স: (17-42), বেতন: 18,000/- – 52,000 পর্যন্ত। বেতনের সাথে থাকা, খাওয়া, PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুবিধা আছে। 5 মাসে 1 মাসের WITH SALARY. পোস্টিং এরিয়া-কলকাতা, খিদিরপুর, হলদিয়া, মুম্বই, চেন্নাই, গোয়া, বিশাখাপত্তনম, আন্দামান প্রভৃতি জায়গায় দেশের মধ্যে নিজের পছন্দমতো জায়গায় কাজ করতে চাইলে অতি শীঘ্রই যোগাযোগ করুন। পরিচয়পত্র ও যোগ্যতার DOCUMENTS-সহ। ফর্ম: 101 টাকা। স্টেশন রোড, রানাঘাট, নদিয়া। আদিত্য চ্যাটার্জী, M: 77976-82401.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**
**৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয়** ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রুপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

**Shine Pvt. Ltd কলি-52**
**Govt. Regd. L. No. 099630**
**এয়ারপোর্ট ও মেট্রোরেল**
**বিভিন্ন পদে সরাসরি নিয়োগ। শূন্যপদে** 270, M/F চাই। যোগ্যতা অনুসারে পদ ও বেতন: 16,700/- – 19,900/- – 27,000/-. বয়স: 17-42. শারীরিক সুস্থতা প্রয়োজন। কর্মপ্রার্থী বায়োডাটা-সহ নিজ সাক্ষাৎ। কলি-52, Mob: 97324-08834 (Sudip Sen).

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 14,500/- – 42,700/-. সত্বর যোগাযোগ করুন। M: 77975-75900, D. L. Corporate, C46 School Rd, Kol-110.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ার পোর্ট ও মেট্রোতে নিয়োগ**
**সম্পূর্ণ পেপার-সহ জয়েনিং। নামসই-** স্নাতক। M/F কর্মপ্রার্থী প্রয়োজন। বয়স: ১৭ থেকে ৪২। বেতন: ১৪,৫০০/- - ৩৬,৩০০/-, ESI, OT, PF, বোনাস-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। S. E. বিদ্যাসাগর মঞ্চ, Sec-I, Nadia, M: 77976-09745.

□

**BANK KYC-তে**
**কম্পিউটার অপারেটর**
**স্থায়ী পদে অফিসিয়াল Database** Maintain করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,430/- – 12,770/-. Innovative Technology, P.W.D. Rd., Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**JIO/SBI/DISH TV বাংলা**
**কাস্টমার কেয়ারে স্মার্ট M/F চাই**
**কল রিসিভ করার জন্য MP-Graduate** (18-35) ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে জয়েনিং-এর ব্যবস্থা আছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + Bonus-সহ 10,950/- সাথে অন্যান্য সুবিধা। দমদম (H.O): 84206-66060 বর্ধমান: 98301-88881 দমদম (উঃ): 99032-23211 গড়িয়া: 90020-33880.

□

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

সরাসরি ব্যাঙ্কে ফ্রন্ট ও ব্যাক অফিস, পিওন ও ক্লার্ক পদে প্রচুর প্রার্থী চাই। VCS কল্যাণী / কৃষ্ণনগর: 76058-23407 / 90731-45096 নৈহাটি / বেলঘড়িয়া: 76058-23407 / 90731-45817 হাওড়া / মেদিনীপুর: 98747-57021 / 86097-40709 হুগলি / শ্রীরামপুর: 84810-32673 / 84789-52090, আরামবাগ / ব্যান্ডেল: 90389-48397 / 82828-92029 বেহালা / বজবজ: 84204-72894 / 86970-46152 বালিগঞ্জ / সোনারপুর: 79986-28710 / 72783-29716 বনগাঁ / বসিরহাট: 90389-48319 / 83358-57883 বারাসাত / দমদম: 85830-98434 / 84204-72303.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
**Pvt. ব্যাঙ্কের অফিসিয়াল পদে প্রার্থী** চাই। হাওড়া ও হুগলি: 86975-95917 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 97484-94791 দমদম ও ডানলপ: 74497-02185 গড়িয়া ও সোনারপুর: 86976-16100 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654. Need Counseling, ডানলপ-108.

□

**VODAFONE, JIO, AIRTEL 4G** কাস্টঃ কেয়ারে (10 A.M-6 P.M) NEW SIM সংক্রান্ত কাস্টমারদের incoming কল verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (M/F) সরাসরি নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. SAL: 10,800/- – 45,800 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ ২৪ পরগনা: 79800-86310.

□

**JIO/VODA কাস্টমার কেয়ারে বাংলায়** কল রিসিভ করার জন্য 18-40 (মাধ্যমিক/ MA) M/F সরাসরি নিয়োগ। SAL: 9,800/- – 35,500/- + Others. IING, ডায়মন্ড/বারুইপুর: 90515-85928, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

**সরাসরি নিয়োগ M/F চাই**
**www.gcajob.co.in** যোগ্যতা: ৪র্থ-স্নাতক। বয়স: ১৮-৪৮। প্রতিটি জেলায় ATM, শপিং মল, Tower 4G, নার্সিং হোম ও MNC-তে অফিসিয়াল বিভিন্ন পদে বিনা ডোনেশনে স্থায়ী কাজ। বেতন: 11,200/- – 26,700/-, ESI, PF-এর সুযোগ। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

**স্থায়ী চাকরি**
**উঃ ও দঃ বঙ্গের জেলায় জেলায় A.T.M** গার্ড, টাওয়ার Co, রোড সার্ভে, ফ্যাক্টরি ও কোম্পানিতে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। M.J.S.-11C, R.B.L, Kol-09. বেতন: (12,500/- – 18,500), সত্বর যোগাযোগ: M: 90519-14620.

## স্কুল-কলেজ শিক্ষা

পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CITA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

**নাইটিঙ্গল নার্সিং**
**ট্রেনিং ANM কোর্সে মার্চ 18 সেশনে ভর্তি** চলছে। ন্যূনতম H. S. চাকরি নিশ্চিত। AC-162, প্রফুল্ল কানন (E), Kol-101. (M): 98745-29443.

□

**B. Ed, M.Ed**
**W.B.-70K, A.P. 55K, D.Ed (W.B)-70K- (RCI)**, Rajarhat, Dum Dum, Garia, 98746-06164, 87770-49063.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**
**Pre Primary & Primary Teachers** Training approved by (BSS Govt. of India), সরাসরি ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 94323-65899 শ্যামবাজার: 98308-15220 টালিগঞ্জ: 90510-74736 বালিগঞ্জ: 98317-89536 বর্ধমান: 94759-35165 / 94746-39105 আসানসোল: 92318-77546 বালি: 91635-73125.

□

**নার্সিং ট্রেনিং**
**ANM NURSING (2 Years)** Installment-এর সুবিধা আছে। Approved by BSS/ NSDC Govt. of India, Placement, রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916.

□

**Math & Eng.** সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**LL.B (3 yrs)** ২ বছর ৩ মাসে পাস। Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

□

**B. Ed-M.Ed**
**D.E.L.Ed**
**এছাড়াও BA/ MA/ MBA/ LLB/** GNM/ ITI কোর্সে ভর্তি চলছে। কোর্সগুলি UGC/NCTE/DEB দ্বারা স্বীকৃত। প্রচুর ছাত্রছাত্রী উপকৃত। Digitech- Saltlake, Ranaghat, Barrackpore: 90514-72054.

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ক্যান তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



নিজস্ব প্রতিনিধি: জ্যাম-জেলি, মাছ-মাংস, রসগোল্লা বা অন্যান্য খাদ্যদ্রব্য ক্যানে ভরে দেশে-বিদেশে বিক্রি করা হয়। এই মেশিনের সাহায্যে ছোট-বড়, সরু-মোটা বিভিন্ন ধরনের ক্যান তৈরি করা যায়।

**কীভাবে করবেন:** বাজার থেকে প্রথমে ল্যামিনেটেড টিনের শিট কিনে আনতে হবে। এই শিট সস্তায় পাওয়া যায় মানিকতলা ও বড়বাজার অঞ্চলে। অ্যাডজাস্টিং ডাইসের সাহায্যে পছন্দ-মতো বিভিন্ন মাপের ক্যান তৈরি সম্ভব। প্রথমে যেরকম সাইজের ক্যান তৈরি করতে চান, সেই মাপ অনুযায়ী টিনের শিট কেটে নিতে হবে। এবার সেই শিট মেশিনের নির্দিষ্ট জায়গায় দিয়ে মেশিন চালু করলে সেই শিট গোল আকার নেবে। এরপর ওই গোল আকারের শিটটিকে অপর একটি জায়গায় দিয়ে মেশিন চালু করলেই নির্দিষ্ট আকারের ক্যান তৈরি হয়ে বেরিয়ে আসবে। মেশিনটি চালাতে ২ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর সমেত ক্যান তৈরির এই মেশিনটির দাম পড়বে ৮০,০০০ টাকা। অ্যাডজাস্টিং ডাইসের দাম পড়বে ৫,০০০ থেকে ৭,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: M/s. S Bhanco, 35, Sarat Chandra Dhar Road, Kolkata-90. Ph: 98312 26009, 98319 15043.

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *খুব সম্প্রতি তামিলনাড়ুতে গিয়ে ঘেরকিন ফলটি সম্পর্কে জানতে পেরেছি। এই ফলটি বিপুল পরিমাণে রপ্তানি হয়ে থাকে। ঘেরকিন ফল ও তার ব্যবসার সুযোগ সম্পর্কে জানতে চাই। —শুভাশিস মাইতি, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।*

□□ ঘেরকিন শশা প্রজাতির ফল। বৈজ্ঞানিক নাম 'কিউকুমিস অ্যাঙ্গুরিয়া'। রান্না করে বা কাঁচা অবস্থায় খাওয়া হয়। ভালো আচার তৈরি হয়। সালাডেও ব্যবহৃত হয় ফলটি। সংরক্ষিত হয় ভিনিগারে।

ভারতে এই ফলটির চাষ শুরু হয় নব্বইয়ের দশকে, কর্নাটকে। পরবর্তী-কালে এর চাষ ছড়িয়ে পড়ে তামিলনাড়ু ও অন্ধ্রপ্রদেশে। এই তিন রাজ্য মিলিয়ে বর্তমানে বছরে প্রায় ২ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন ঘেরকিন উৎপাদিত হয়। সম্পূর্ণতই রপ্তানি হয়ে থাকে। রপ্তানি হয় আমেরিকা, ফ্রান্স, জার্মানি, জাপান, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে। ভারতে উৎপাদিত ঘেরকিনের চাহিদা এইসব দেশে বিপুল।

দক্ষিণ ভারতের আবহাওয়া ঘেরকিন চাষের অনুকূল। ১৫-৩৫ ডিগ্রি সেন্টিগ্রেড উত্তাপ ঘেরকিন চাষের পক্ষে আদর্শ। দোআঁশ মাটিতে ঘেরকিনের চাষ ভালো হয়। মাটিতে পি এইচের আদর্শ মাত্রা ৬-৬.৮।

পশ্চিমবঙ্গে ঘেরকিনের চাষের সম্ভাবনা সম্পর্কে জানার জন্য কোনও হর্টিকালচার বিশেষজ্ঞের পরামর্শ নিন। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: হর্টিকালচার বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ময়ূখ ভবন, পঞ্চমতল, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: (০৩৩) ২২৫৩-৫২৯৩।

□ *মিনারেল ওয়াটার প্ল্যান্ট তৈরির ইচ্ছা। মেশিনপত্রের দাম কেমন? — শান্তনু সাঁতরা, মশাট, হুগলি।*

□□ উৎপাদন ক্ষমতা অনুসারে মেশিনের দাম। বিভিন্ন মেশিন, সে-গুলির দাম সম্পর্কে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.dir.indiamart.com/mineral waterplants

প্রসঙ্গত, মিনারেল ওয়াটার তৈরির জন্য ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডের (বি আই এস) সার্টিফিকেশনের দরকার হবে। এই সার্টিফিকেশন বাধ্যতা-মূলক।

□ *বর্তমানে ব্যবসা গড়ে তোলার জন্য নানা নিয়মকানুন মেনে চলতে হয়। একটি ম্যানুফ্যাকচারিং ইউনিট গড়ার জন্য কী কী লাইসেন্সের দরকার হয়, রাজ্যের কোন কোন অঞ্চলে ব্যবসার জন্য ইনসেন্টিভ পাওয়ার সুযোগ আছে— এইসব বিষয়ে তথ্যের দরকার রয়েছে। কীভাবে এইসব তথ্য পাওয়া যেতে পারে? —সব্যসাচী মজুমদার, শালিমার, হাওড়া।*

□□ ম্যানুফ্যাকচারিং এবং সার্ভিস, উভয় প্রকার ব্যবসার ক্ষেত্রেই প্রযোজ্য নিয়মকানুন, সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ামক সংস্থা, ব্যবসার অঞ্চল অনুসারে ইনসেন্টিভের ব্যবস্থা ইত্যাদি সম্পর্কে বিশদ তথ্য পাবেন পশ্চিমবঙ্গ সরকারের এই ওয়েবসাইটে: www.myenterprisewb.com

□ *ঘর সাজানোর জন্য নানা প্রদেশের পুতুল বিক্রি করতে চাই। আমি এইসব পুতুল সংগ্রহ করি। কিন্তু আমার কোনও দোকান নেই। বাড়ি থেকে বিক্রি হতে পারে কি? —সুষমা দত্ত, ঠাকুরপুকুর, কলকাতা।*

□□ হতে পারে। সেক্ষেত্রে বাড়িতেই স্থায়ী প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। লোককে জানাতেও হবে আপনার ঠিকানা। ভিজিটিং কার্ড, লিফলেট বিলি করে সে-ব্যবস্থা করতে পারেন।

প্রচারের জন্য ফেসবুকের সাহায্য নিতে পারেন। চাইলে ব্লগ তৈরি করতে পারেন। হস্তশিল্প মেলাগুলিতে অংশ-গ্রহণ করতে পারেন।

# অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি



নার্সিং এবং বিজ্ঞান শাখার বেশ কয়েকটি বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। ভর্তি নেওয়া হবে প্রতিষ্ঠানের নিউদিল্লি, পাটনা, ভোপাল, যোধপুর, ভুবনেশ্বর, হৃষীকেশ এবং রায়পুর ক্যাম্পাসে।

**কোর্সের বিবরণ: বি এসসি (অনার্স) নার্সিং:** আসনসংখ্যার বিন্যাস: হৃষীকেশ: ১০০টি। নয়া দিল্লি: ৭৭টি। ভোপাল: ৬০টি। ভুবনেশ্বর: ৬০টি। যোধপুর: ৬০টি। পাটনা: ৬০টি। রায়পুর: ৬০টি। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদনের যোগ্য। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংরেজিতে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) উচ্চমাধ্যমিক পাশ। কোর্সের মেয়াদ: ৪ বছর।

**ব্যাচেলর অব অপ্টোমেট্রি:** আসনসংখ্যা: ১৯টি। কোর্সের মেয়াদ: ৪ বছর। **বি এসসি (অনার্স) মেডিক্যাল টেকনোলজি ইন রেডিওগ্রাফি:** আসনসংখ্যা: ৯টি। কোর্সের মেয়াদ: তিন বছর। **বি এসসি ইন ডেন্টাল অপারেটিং রুম অ্যাসিস্ট্যান্ট:** আসনসংখ্যা: ৮টি। **বি এসসি ইন অপারেশন থিয়েটার টেকনোলজি:** আসনসংখ্যা: ২০টি। এই কোর্সগুলির মেয়াদ সাড়ে তিন বছর। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্সে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩০ জুনের মধ্যে ফল প্রকাশ হয়ে থাকতে হবে।

বয়স: ৩১-১২-২০১৮ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে। জন্মতারিখ ২-১-২০০২ তারিখের পরে হলে আবেদন করা যাবে না।

**বি এসসি নার্সিং (পোস্ট বেসিক):** শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। পাশাপাশি, স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। কোর্সের মেয়াদ: ২ বছর।

**এম এসসি নার্সিং: আসনসংখ্যা:** দিল্লি: ২২টি। হৃষীকেশ: ১৬টি। যোধপুর: ২৬টি। ভুবনেশ্বর: ২০টি। রায়পুর: ২টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে নার্সিংয়ে বি এসসি অনার্স বা বি এসসি (পোস্ট সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বা বি এসসি অনার্স। সেই সঙ্গে যে-কোনও স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**এম বায়োটেকনোলজি:** আসনসংখ্যা: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বায়োটেকনোলজিতে বি টেক বা ভেটেরিনারি সায়েন্স বা ফার্মাসি বা ফিজিও থেরাপিতে স্নাতক অথবা যে কোনও শাখায় বি এসসি অথবা ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এম বি বি এস বা বি ডি এস। এই কোর্সটি পড়ানো হবে দিল্লি এইমসে।

**এম এসসি:** আসনসংখ্যা: অ্যানাটমি: ৫টি, বায়োকেমিস্ট্রি: দিল্লি: ৫টি। বায়োফিজিক্স: ৫টি, ফিজিয়োলজি: ৫টি। ফার্মাকোলজি: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বায়োটেকনোলজিতে বি টেক বা ভেটেরিনারি সায়েন্স বা ফার্মাসি বা ফিজিও থেরাপিতে স্নাতক অথবা যে কোনও শাখায় বি এসসি অথবা ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এম বি বি এস বা বি ডি এস।

**পারফিউশন টেকনোলজি:** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** বায়োলজিতে বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে বটানি বা জুলজি পড়ে থাকতে হবে। অথবা পারফিউশন টেকনোলজিতে বি এসসি। **রিপ্রোডাকটিভ বায়োলজি অ্যান্ড ক্লিনিক্যাল এমব্রায়োলজি:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: বায়োলজি বা সমতুল শাখায় বি এসসি। **নিউক্লিয়ার মেডিসিন টেকনোলজি:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: নিউক্লিয়ার মেডিসিনে বি এসসি অথবা বি এসসি ডিগ্রি, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে অথবা রেডিও ডায়াগনসিস বা রেডিওথেরাপি বা সমতুল বিষয়ে বি এসসি অথবা লাইফ সায়েন্সে বি এসসি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। **কার্ডিওভাসকুলার ইমেজিং অ্যান্ড এন্ডোভাসকুলার টেকনোলজিস:** আসনসংখ্যা: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: রেডিওগ্রাফিতে বি এসসি।

সবক'টি কোর্সের মেয়াদ ২ বছর। স্নাতকোত্তর কোর্সে ভর্তির ক্ষেত্রে ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩১ জুলাইয়ের আগে ফল প্রকাশ হয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। বি এসসি (অনার্স) নার্সিং কোর্সে ভর্তির পরীক্ষা নেওয়া হবে সারা দেশজুড়ে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (WB08)। পরীক্ষা ২৪ জুন। অন্যান্য কোর্সে ভর্তির পরীক্ষা নেওয়া হবে দিল্লিতে। বি এসসি নার্সিং (পোস্ট-বেসিক) কোর্সের ভর্তির পরীক্ষা ২ জুন। বি এসসি কোর্সে ভর্তির পরীক্ষা ৯ জুন। এম এসসি নার্সিং কোর্সে ভর্তির পরীক্ষা ৯ জুন। এম এসসি এবং এম বায়োটেকনোলজি কোর্সে ভর্তির পরীক্ষা ২ জুন। পরীক্ষা-সংক্রান্ত খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiimsexams.org

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org অনলাইন আবেদন করা যাবে ১২ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জেপিজি/জেপেগ/জি আই এফ/পি এন জি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা ফটো (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড থাকতে হবে এবং ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে হতে হবে), সই (২০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ITI (NCVT)
DIRECT ADMISSION
EDUCATION Work Centre
BONGAON (মধুসাহা মার্কেট, দ্বিতল)
Mobile No.: 9732667302
8436488318/ 9332582191

SBI / VODA ও NAPTOL
কাস্টঃ কেয়ার পরিষেবায় ছেলেমেয়ে চাই
পঃবঃ বিভিন্ন জেলা থেকে M.P. - M.A., 18-35 পুরুষ ও মহিলাদের কাস্টমার কেয়ারে নাইট ও ডে Shift-এ কাজ করার জন্য ৮৯০ টি শূণ্যপদ। প্রার্থী বাছাই করা হবে দক্ষতার উপর ভিত্তি করে।
১০ এপ্রিল ২০১৮ এর মধ্যে
অদক্ষ প্রার্থীদের ১২ দিনের ট্রেনিং-এর পর কাজে জয়েনিং দেওয়া হবে।
বেতনঃ যোগ্যতানুসারে ইনসেনটিভ ও ওভারটাইম সহ 10,950/- + অন্যান্য সুবিধা ও যাতায়াত ফ্রী। বহিরাগত ছেলেমেয়েদের জন্য হোস্টেলের সুবিধা। সরাসরি কল করে শীঘ্রই যোগাযোগ করুন।
8420455516
8420666060

**JADAVPUR UNIVERSITY**
Kolkata - 700 032

**DEPARTMENT OF ADULT, CONTINUING EDUCATION AND EXTENSION**

*Offers*

**POST GRADUATE DIPLOMA IN MASS COMMUNICATION**

Duration : 1 Years, Course Fee : Rs.20,000/-, Date of Commencement : **25.09.2018,** Eligibility : Any Graduate, Application forms (Rs.50/- only) will be available from Information office J.U. Last date of receiving application : **30.04.2018** at DACEE.Class hours : Monday-Friday 5.30 P.M. - 8.30 P.M., Selection Process : Written test (Media related objective & Writing skill). SC/ST/OBC/PD reservation & Full / Half free ship as per University norms.

Written Test on : **30.06.2018.**

For further details please visit departmental notice board.

REGISTRAR

**কৃষ্ণনগর পৌরসভা**
কৃষ্ণনগর, নদীয়া
নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

নং ৪২৮৬/৮ - ১/১৮ তারিখ ১৬-০৩-২০১৮

কৃষ্ণনগর পৌরসভার অধীন বিভিন্ন স্থায়ীপদে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফর্ম -এ আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। মোট শূন্য পদের সংখ্যা ৭৭। পঃ বঃ সরকারের বিভিন্ন সময়ে প্রদত্ত অনুমোদন সাপেক্ষে শূন্য পদের সংখ্যা পরিবর্তিত হতে পারে। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ০২-০৪-২০১৮।

আরও বিস্তারিত জানার জন্য আমাদের ওয়েবসাইটটি দেখুন krishnanagarmunicipality.com। আবেদন পত্র ওয়েবসাইট থেকে ডাউনলোড করে A-4 মাপের কাগজে পৌরসভায় জমা দিতে হবে।

অসীম সাহা
পৌরপ্রধান
কৃষ্ণনগর পৌরসভা

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*বড় কাজ, ভালো কাজের জন্য উৎসাহটা থাকতেই হবে। ওই উৎসাহটাই অনুপ্রেরণা। তারপর সেই উৎসাহের সঙ্গে পরিশ্রমের মেলবন্ধন ঘটাতে হবে। দরকারে কঠিন পরিশ্রম করতে হবে।*

*— স্যার এডমন্ড হিলারি*

*(প্রথম এভারেস্টজয়ী পর্বতারোহী)*

## আমার সাহসী মেয়েরাই আমাকে আরও সাহসী করে তোলে



**মুর্শিদা খাতুন**

প্রধান শিক্ষিকা, দেবকুণ্ডু শেখ আব্দুর রাজ্জাক মেমোরিয়াল গার্লস হাই মাদ্রাসা, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ

'কর্মক্ষেত্র' থেকে যোগাযোগ করেছেন, ভালো লাগছে। গণিতে এম এসসি সম্পূর্ণ করার পরে যখন চাকরি খুঁজছি, সেরকম এক সময়ে আমার এক মাস্টারমশাই হাতে তুলে দিয়েছিলেন 'কর্মক্ষেত্র' পত্রিকাটি। 'কর্মক্ষেত্র' দেখেই স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক-শিক্ষিকা নিয়োগের পরীক্ষায় বসেছিলাম। আজ আমি দেবকুণ্ডু শেখ আব্দুর রাজ্জাক মেমোরিয়াল গার্লস হাই মাদ্রাসার প্রধান শিক্ষিকা।

সংগ্রামের জীবন আমার। বর্তমান জায়গাটিতে পৌঁছানোটা খুব সহজে হয়নি। তাই হয়তো সহজে হাল না ছাড়ার মানসিকতাটা তৈরি হয়ে গেছে। পড়াশোনাটাকে আঁকড়ে ধরেছিলাম ছাত্রাবস্থায়। বাধা-বিপত্তি এসেছে। হাল ছাড়িনি। মনে হয়েছিল, ওই পড়াশোনার পথ ধরেই আমার মুক্তি ঘটতে পারে। আমার ছাত্রীদের সেই কথাটাই বলি। হাল ছেড়ো না মেয়েরা। আমাদের মাদ্রাসাটি মুর্শিদাবাদের বেলডাঙ্গা ব্লকে অবস্থিত। আমার যে ছাত্রীরা, তাঁদের বেশির ভাগই আসে অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া সমাজ থেকে। অর্থনৈতিক সংকট, সাংস্কৃতিক সংকট, পারিবারিক বাধা-নিষেধ, এতসব ভারে একটি নিম্নবিত্ত পরিবারের মেয়ে দুমড়ে-মুচড়ে যায়। অকালে বিয়ে হয়ে যাওয়া, অসুখ-বিসুখ, অকালে বুড়িয়ে যাওয়া, কীভাবে কচি প্রাণগুলো দ্রুত ন্যুব্জ হয়ে পড়ে, এ তো আমার নিজের চোখে দেখা। তাই মনে হয়েছিল, রুখে দাঁড়ানো যাক। কিন্তু রুখে দাঁড়ানোটা সহজ কথা তো নয়। নাবালিকার বিয়ে আটকাতে গিয়ে কত যে ঝড়ের মুখে পড়তে হয়েছে। কখন যে এ সবের মধ্যে দিয়ে আমি ওইসব মেয়েদের কাছে 'মুর্শিদা আপা' হয়ে উঠেছি তার খোঁজ রাখিনি। ওদের ওই ভালোবাসাটুকুই তো আমার প্রাণের আরাম।

ওই যে মেয়েরা, তাঁরা সকলেই তো আর পড়াশোনায় তুখোড় হয় না। আর সেটাই হয়ে ওঠে অভিভাবকদের দুর্দান্ত অজুহাত। মেয়ে পড়াশোনায় ভালো না। তাই যত তাড়াতাড়ি সম্ভব ওর বিয়ে দিয়ে দাও। আমি দেখলাম, গ্রামাঞ্চলের খাটনিদার মেয়ে সব। পড়াশোনায় ভালো হতে না পারে, কিন্তু কোনও কাজেই কি গুণগুলো ফুটে উঠবে না? ওদের জন্য খেলাধুলার ব্যবস্থা করার কথা ভাবলাম। খেলাধুলার টিচার নিয়োগ করা সম্ভব হল না। খুঁজে বের করলাম মিলনতারা নামের একটি মেয়েকে। গ্রামের মেয়ে। সাইক্লিং, কবাডি, ভলিবলে রাজ্য ও জাতীয় স্তরের নানা পুরস্কার পাওয়া মেয়ে মিলন। মা অসুস্থ। দুর্ঘটনায় দাদার পা ক্ষতিগ্রস্ত। সামান্য টাকায় মিলন আমাদের মেয়েগুলোকে তালিম দিতে রাজি হল। বেঁকে বসলেন অভিভাবকরা। মেয়েরা খেলবে, দুর্নাম হবে, বিয়ে হবে না, এমন সব ভাবনার বিরুদ্ধে লড়তে হয়েছে তখন। টানা দু'বছর আমাদের সাইক্লিং দলের মেয়েরা রাজ্য চ্যাম্পিয়ন। আমাদের মাদ্রাসার মেয়েরা জাতীয় স্তরের সাইক্লিং প্রতিযোগিতাতেও যোগ দিচ্ছে। ওদের সম্বন্ধে অভিভাবকদের ধারণা বদলেছে, বদলে চলেছে। গত ডিসেম্বর মাসে দিল্লিতে একটি সংগঠন আয়োজিত এক অনুষ্ঠানে দেশি-বিদেশি প্রতিনিধিদের উপস্থিতিতে আমাকে 'ফিয়ারলেস গার্ল'-এর সম্মান দেওয়া হয়। আমি জানিয়েছি, আমার মেয়েরাও ক্রমশ সাহসী হয়ে উঠছে। ওরাই আমাকে নির্ভয় করে তুলছে।

**এ বছরের ১৪ মার্চ মুসৌরির লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল অ্যাকাডেমি অব অ্যাডমিনিস্ট্রেশনে প্রশিক্ষণরত হবু আই এ এস, আই পি এস, আই এফ এস অফিসারদের সামনে আমার সামাজিক কাজকর্মের কথা বিবৃত করার ডাক পেয়েছিলাম। আমার মেয়েগুলো, তাদের লড়াই আমাকে ওরকম একটি মঞ্চে বক্তৃতা দেওয়ার অনুপ্রেরণা জুগিয়েছিল।**

এ বছরের ১৪ মার্চ মুসৌরির লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল অ্যাকাডেমি অব অ্যাডমিনিস্ট্রেশনে প্রশিক্ষণরত হবু আই এ এস, আই পি এস, আই এফ এস অফিসারদের সামনে এ পর্যন্ত আমার সামাজিক কাজকর্মের কথা বিবৃত করার ডাক পেয়েছিলাম। আমার মেয়েগুলো, তাদের লড়াই আমাকে ওরকম একটি মঞ্চে বক্তৃতা দেওয়ার অনুপ্রেরণা জুগিয়েছিল। বক্তৃতা ঠিক নয়, আমার অভিজ্ঞতার কথাই বলেছি মাত্র। কথা থামতে হাততালির ঝড়। আমার মেয়েগুলোর মুখ মনে পড়ছিল তখন।

'কর্মক্ষেত্র'-র সব পাঠক-পাঠিকাকে বলব, তোমরা সুস্থ থেকো। আর সময়টা খুব মূল্যবান। সে-কথা মনে রেখে সময়টাকে ব্যবহার করো। তোমাদের প্রত্যেকের ক্ষমতা অনেক। দায়িত্বও কম নয়। তোমরা যোগ্য হয়ে ওঠো।

---

***✓ ফিজিওলজির অনার্স গ্র্যাজুয়েট ছাত্রী। একটি নার্সিং হোমে অ্যাডমিনিস্ট্রেশন বিভাগে চাকরি করছি ২ বছর যাবৎ। সম্প্রতি সরকারি চাকরির জন্য সচেষ্ট হয়েছি। পড়াশোনাও শুরু করেছি। বয়স ২৫ বছর। আমাকে চাকরির খবর দেবেন।***

*নাম প্রকাশে অনিচ্ছুক, হরিনাভি, দক্ষিণ ২৪ পরগনা-৭০০ ১৪৮।*

□ বিভিন্ন সরকারি চাকরির জন্যই আবেদন করতে পারবেন। চাকরি বাছাই করে পড়াশোনা করলে প্রস্তুতি নিতে সুবিধা হবে।

স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা রয়েছে আপনার। হেলথ কেয়ার ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা করে নেওয়ার কথাও ভাবতে পারেন। চাকরির বাজারে এক্ষেত্রের পেশাদারদের ভালো চাহিদা রয়েছে।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৬জন পেশেন্ট কেয়ার কো-অর্ডিনেটর নেবে সরকারি সংস্থা ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালটেন্টস ইন্ডিয়া। আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ মার্চ সংখ্যায় 'ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালটেন্টস ইন্ডিয়ায় ১৩১' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.becil.com প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৯ এপ্রিলের মধ্যে পৌঁছাতে হবে এই ঠিকানায়: Assistant General Manager (HR), BECIL Bhawan, C-56/A-17, Sector-62, Noida-201307 (U.P)

কিছু ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট নেবে সি আই ডি-র ফিঙ্গার প্রিন্ট ব্যুরো। আপনি আবেদন করতে পারেন। তিন বছরের প্রবেশন। তারপর একটি পরীক্ষা দিয়ে সার্টিফায়েড ফিঙ্গার প্রিন্ট এক্সপার্টের স্বীকৃতি পেতে হবে। এই পদের বেতনক্রম: ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। 'কর্মক্ষেত্র'-র ১৬ মার্চ সংখ্যায় 'সি আই ডি-তে সায়েন্স গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৩ এপ্রিলের মধ্যে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

***পরে আবেদন করতে পারবেন:*** রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্লার্ক, প্রবেশনারি অফিসার, রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কের অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তার আগে এইসব পদের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় বসতে হবে। পরীক্ষা নেয় ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস), স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে আবেদনের জন্য আই বি পি এসের পরীক্ষায় বসতে হয় না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার জুনিয়র অ্যাসোসিয়েট পদেও আবেদন করতে পারবেন। প্রশাসনিক চাকরিতে আগ্রহ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে পারবেন। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন।

***✓ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি ৭২ শতাংশ নম্বর-সহ। বর্তমানে সাইকোলজি অনার্স পড়ছি। একটা চাকরি পেলে খুব উপকার হয়। আমাকে চাকরির খবর জানাবেন।***

*সৌমিত্র মজুমদার, ভদ্রেশ্বর, হুগলি।*

□ উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আবেদন করতে পারবেন। প্রতিযোগিতামূলক পরীক্ষায় সফল হতে পারলে তবেই তো চাকরি, ফলে চাকরি পাওয়ার জন্য নিয়মিত পড়াশোনা করে পরীক্ষার জন্য প্রস্তুত হতে হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে ৪৫জন টেকনিশিয়ান (ফিল্ড/ল্যাব রিসার্চ) নেওয়া হবে। আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ মার্চ সংখ্যায় 'ফরেস্ট রিসার্চে ৯৫ টেকনিশিয়ান, ক্লার্ক, ড্রাইভার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ এপ্রিল থেকে ২১ এপ্রিলের মধ্যে। তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.fri.res.in

আগ্রহী হলে রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'রেলে ২৬৫০২: দরখাস্ত গ্রহণ শুরু' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। যে-কোনও একটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে আবেদন করা যাবে। যে রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে আবেদন করবেন তার ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত করার শেষ দিন ৩১ মার্চ। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটগুলি: www.rrbkolkata.gov.in, www.rrbmalda.gov.in www.rrbsiliguri.org

চাইলে রেলের গ্রুপ 'ডি' পদেও আবেদনের সুযোগ রয়েছে। 'কর্মক্ষেত্র'-র ১৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি': কীভাবে আবেদন করবেন' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করার শেষ দিন ৩১ মার্চ। যে-কোনও একটি আর আর বি-র শূন্যপদে আবেদন করতে পারবেন। যে আর আর বি-র শূন্যপদে আবেদন করবেন তার ওয়েবসাইটের মাধ্যমেই দরখাস্ত করতে হবে। তথ্যের জন্য কলকাতা আর আর বি-র ওয়েবসাইট দেখতে পারেন।

***পরে আবেদন করতে পারবেন:*** রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলের টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করেছি ২০১৭-য়। বর্তমানে বি কম পড়ছি। রাতে কলেজ করি। দিনেরবেলায় একটি সংস্থায় মার্কেট সার্ভের কাজ করি। আমার তাড়াতাড়ি চাকরি পাওয়া খুব জরুরি। মাধ্যমিকের পর থেকেই টাইপিং শিখছি। আমাকে কিছু চাকরির কথা জানাবেন। সরকারি চাকরির জন্য পড়াশোনা করতে চাই।***

*অপূর্ব মুখোপাধ্যায়, বাগমারি রোড, কলকাতা-৫৪।*

□ প্রায় ৩ বছর ধরে টাইপিং প্র্যাক্টিস করছেন। দ্রুত গতিতে টাইপ করার দক্ষতা অর্জন করেছেন বলে ধরে নেওয়া যায়। কম্পিউটারে মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার লক্ষ্য রাখুন। আর এই গতি যদি ইতিমধ্যেই আয়ত্ত করে থাকেন তাহলে তো খুবই ভালো। টাইপিংয়ের দক্ষতা চাকরি পাওয়ার ক্ষেত্রে অবশ্যই সহায়ক হবে। এবার চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা শুরু করুন জোর কদমে।

***এখনই আবেদন করতে পারেন:*** কৃষ্ণনগর পুরসভায় ১৯জন ক্লার্ক নেওয়া হবে। আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ মার্চ সংখ্যায় 'কৃষ্ণনগর পুরসভায় চাকরি' শীর্ষক সংবাদে এই চাকরির বিষয়ে প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.krishnanagarmunicipality.com প্রয়োজনীয় নথিপত্র-সহ ২ এপ্রিল বিকেল ৪টের মধ্যে দরখাস্ত পৌঁছাতে হবে এই ঠিকানায়: Krishnanagar Municipality, R.N.Tagore Road, P.O.: Krishnanagar, District- Nadia, PIN : 741 101.

দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে কিছু লোয়ার ডিভিশন ক্লার্ক নেওয়া হবে, আবেদন করতে পারেন। ২৩ মার্চ সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'ফরেস্ট রিসার্চে ৯৫ টেকনিশিয়ান, ক্লার্ক, ড্রাইভার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ এপ্রিল থেকে ২১ এপ্রিল পর্যন্ত। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/FRI/GC/2018 তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.fri.res.in

এয়ারফোর্সের কয়েকটি কেন্দ্রে লোয়ার ডিভিশন ক্লার্ক নেওয়া হবে। মিনিটে অন্তত ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। আগে লিখিত পরীক্ষা। সফল হলে টাইপিং টেস্ট। 'কর্মক্ষেত্র'-র ১৬ মার্চ সংখ্যায় 'এয়ারফোর্সে গ্রুপ 'সি' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। যে কেন্দ্র বা স্টেশনের শূন্যপদে আবেদন করবেন, তার ঠিকানায় দরখাস্ত পৌঁছতে হবে ১৫ এপ্রিলের মধ্যে। 'কর্মক্ষেত্র'-য় উল্লিখিত সংবাদে দরখাস্তের বয়ান পাবেন। এই বয়ান এ-ফোর মাপের কাগজে টাইপ করিয়ে নিয়ে তারপর নিজের হাতে পূরণ করবেন। আলাদা কাগজে অ্যাকনলেজমেন্ট কার্ডটিও টাইপ করিয়ে নিয়ে নির্দিষ্ট কলমগুলি পূরণ করবেন। দরখাস্তের সঙ্গে প্রয়োজনীয় নথিপত্র পাঠাবেন।

রেলে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি: কীভাবে আবেদন করবেন' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন আবেদনের শেষ দিন ৩১ মার্চ।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের জেলা পরিষদগুলিতে গ্রাম পঞ্চায়েত কর্মী, গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক, মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। ডাক বিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

**এই বিভাগে চিঠি পাঠানোর ঠিকানা:**

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের সার্টিফিকেট কোর্স



লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে উত্তর চব্বিশ পরগনার পিপলস (জনতা) গভর্নমেন্ট কলেজ। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স শুরু হবে এপ্রিলে।

**আসনসংখ্যা:** ৫০টি। এর মধ্যে ১৫টি আসন কর্মরত লাইব্রেরিয়ানদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। কর্মরতদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল, সেই সঙ্গে সরকারি বা সরকারি সাহায্য-প্রাপ্ত লাইব্রেরিতে অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। কর্মরতদের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৫০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbpublibnet.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

নথিপত্রগুলি গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদন-পত্র ৫ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Principal, People's (Janata) Govt. College, Banipur, North 24 Pgs., Pin-743 233.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓উচ্চমাধ্যমিক (প্রযোজ্য ক্ষেত্রে মাধ্যমিক)-এর মার্কশিট এবং অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা রেশন কার্ড বা ভোটার কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ২৭×১২ সেমি মাপের একটি খাম।

# ভুবনেশ্বরের সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টারে ডিপ্লোমা কোর্স



টুল অ্যান্ড ডাই মেকিং এবং মেকট্রনিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভুবনেশ্বরের সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার। এটি কেন্দ্রের মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। টুল অ্যান্ড ডাই মেকিং চার বছরের কোর্স এবং মেকট্রনিক্স তিন বছরের কোর্স।

**আসনসংখ্যা:** কোর্স প্রতি ৬০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশে (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মাধ্যমিক। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে ১৫ থেকে ১৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৩ বছরের ছাড় পাবেন।

**কোর্স ফি:** সেমেস্টার প্রতি ১৯,০০০ টাকা।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। তফসিলিদের কোনও কোর্স ফি লাগবে না।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা ২৯ এপ্রিল (রবিবার), সকাল ৯টা। পরীক্ষা-কেন্দ্র ভুবনেশ্বর।

অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই আবেদন করা যাবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.cttc.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর ফটো এবং বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অফলাইনে আবেদন করতে চাইলে আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। আবেদন-পত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্র এবং পরীক্ষার অ্যাডমিট কার্ডে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো সেঁটে দেবেন। আবেদনপত্রে সাঁটানো ফটোটি প্রত্যয়িত করিয়ে নিতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ফি জমা দেওয়া যাবে। অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'Central Tool Room & Training Centre'-এর অনুকূলে ভুবনেশ্বরে প্রদেয় হতে হবে। পূরণ করা আবেদনপত্র-ভরা খামের ওপর যে কোর্সের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Managing Director, Central Tool Room & Training Centre, Plot No.: B-36, Chandaka Industrial Area, Bhubaneswar-751 024. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২১ এপ্রিল।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সহজে শিখুন কম্পিউটার

**যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।**

## মাইক্রোসফট এক্সেল

**=DDB(Double Declining Balance)**

এখন আমরা নীচের চার্টের Formula-গুলি Excel-এ একে একে প্রয়োগ করব। প্রথমে Worksheet-এ Formula লিখে depreciation বের করব, তারপরে Function Arguments-এর মাধ্যমে depreciation বের করব।

| | Description | Formula |
|---|---|---|
| 1 | ১ম দিনের depreciation, double declining method ব্যবহার করে, default factor হল 2 | =DDB(C1,C2,C3*365,1) |
| 2 | ১ম মাসের depreciation | =DDB(C1,C2,C3*12,1,2) |
| 3 | ১ম বছরের depreciation | =DDB(C1,C2,C3,1,2) |
| 4 | ২য় বছরের depreciation, factor 1.5 ব্যবহার করে | =DDB(C1,C2,C3,2,1.5) |
| 5 | ১০ম বছরের depreciation, default factor 2 ব্যবহার করে | =DDB(C1,C2,C3,10) |

১ম দিনের depreciation বের করার জন্য—

➪ প্রথমে, 'Depreciation'-এর Worksheet-টি Open করুন।

➪ এবার যে-কোনও একটি সেলে, যেখানে Result বের করতে চান, সেল পয়েন্টার নিয়ে গিয়ে ক্লিক করুন।

➪ ওপরের চার্টের প্রথম Formula-টি লিখে 'Enter' দিন।







➪ দেখুন মেশিনটির ১ম দিনের Depreciation কত হবে তা দেখাচ্ছে।




এবার 'Function Arguments'-এর মাধ্যমে মেশিনটির ১ম দিনের Depreciation বের করব। এর জন্য—

➪ Formulas → Financial → DDB-তে ক্লিক করুন।

➪ Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

➪ এবার Cost-এর ঘরে ক্লিক করে C1 cell-এ ক্লিক করুন।

➪ Salvage-এর ঘরে ক্লিক করে C2 cell-এ ক্লিক করুন।

➪ Life-এর ঘরে ক্লিক করে C3*365 লিখুন এবং Period-এর ঘরে ক্লিক করে 1 লিখুন।

দেখুন, Formula result-এ মেশিনটির প্রথমদিনের depreciation দেখাচ্ছে।




ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



টাইপ করতে জানি। আর্টস শাখায় স্নাতক। কম্পিউটারে কী ধরনের কোর্স করতে পারি? —রীতা নাথ, রানাঘাট, নদিয়া।

□□ ভালো টাইপ করতে জানলে কম্পিউটারের কাজ করতে সুবিধা হয়। বিশেষ করে এমএস ওয়ার্ডে যাঁরা কাজ করেন তাঁদের ভালো টাইপ করতে জানা দরকার। এছাড়া ওয়ার্ড প্রসেসিংয়ের কাজের জন্যও কম্পিউটারে দ্রুত টাইপ করতে জানার প্রয়োজন হয়। আপনি কম্পিউটার অ্যাপ্লিকেশনের যেকোনও সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্সে ভর্তি হয়ে যেতে পারেন।

কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে কম্পিউটার সায়েন্স বিষয়ে কী কী কোর্স পড়া যায়? —অমর কুমার নায়ক, বর্ধমান।

□□ কলকাতা বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে বি টেক এবং এম টেক পড়া যায়। এছাড়া কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স বিষয়ে এম এসসি পড়ারও সুযোগ রয়েছে।

বাড়িতে বিদ্যুৎ সংযোগে সমস্যা থাকার জন্য কম্পিউটার চালানো যাচ্ছে না। সামান্য সময়ের জন্য বিদ্যুৎ সংযোগ চলে যাওয়ায় কম্পিউটার বন্ধ হয়ে গিয়ে আবার রিস্টার্ট হচ্ছে। এ রকম চললে কি কম্পিউটার নষ্ট হয়ে যেতে পারে? —নবীনকুমার ব্যানার্জি, পানিহাটি, উত্তর ২৪ পরগনা।

□□ এটা নিয়মিত চলতে থাকলে হার্ড ডিস্কে সমস্যা হবে। এমনকি নষ্টও হয়ে যেতে পারে। আপনার অবশ্যই ইউপিএস ব্যবহার করা উচিত।

**The Association of Engineers, India**

IA-11, Sector-3, Salt Lake, Kolkata-700097.
Ph: 2335-9466 (12-4 PM) (M) 94333 14489

| | |
|---|---|
| কোর্সের নাম | (1) Advance Diploma in Industrial Safety. (2) Surya Shakti Skill Development. (3) Rain Water Harvesting. |
| শিক্ষাগত যোগ্যতা | (1) BE / B.Tech / Diploma in any branch of Engineering / B.Sc (Pure Sc) (2), (3)— minimum qualification– Madhyamik Pass. |

৩টি কোর্সের ভর্তি প্রক্রিয়া চলছে। বিশদ বিবরণের জন্য সল্টলেক 13নং ট্যাঙ্কের কাছে উপরের ঠিকানায় যোগাযোগ করুন।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সি আই ডি-তে জুনিয়র সিভিলিয়ান ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —ইন্দ্রনীল সরকার, খাতরা, বাঁকুড়া।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সি আই ডি-র ফিঙ্গার প্রিন্ট ব্যুরোতে জুনিয়র সিভিলিয়ান ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স গ্র্যাজুয়েট। কম্পিউটারের অন্তত প্রাথমিক জ্ঞান থাকতে হবে। বাংলা পড়তে, লিখতে ও বলতে জানতে হবে। এ ছাড়া দৃষ্টিশক্তি থাকতে হবে দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৬, কাছের ক্ষেত্রে উভয় চোখে ০/৫। প্রার্থী বাছাই হবে ২০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা ও ১০০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাপ্টিটিউড, ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। সময় আড়াই ঘণ্টা। ওয়েবসাইট: www.pscwbapplication.in

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারে মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি) পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শুভরঞ্জন মণ্ডল, ভদ্রপুর, বীরভূম।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারে মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ল্যাবরেটরি টেকনোলজিতে ২ বছরের ডিপ্লোমা। অথবা বি এসসি, সঙ্গে ল্যাবরেটরি টেকনোলজিতে ১ বছরের ডিপ্লোমা। ল্যাবরেটরি টেকনোলজিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা কোনও সরকারি হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে ফ্যাশন অ্যান্ড রিটেল মার্চেন্ডাইজ বিষয়ে এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। এ বিষয়ে বিস্তারিত জানাবেন। —গোবিন্দ সরকার, শলপ, হাওড়া।*

□□ ফ্যাশন অ্যান্ড রিটেল মার্চেন্ডাইজ বিষয়ে এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। কোর্স শুরু হবে অগস্টে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক হলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। ইংরেজি ভাষায় জ্ঞান থাকতে হবে। কোর্স ফি সেমেস্টার প্রতি নয়ডায় ৯১,৪০০ টাকা এবং অন্যান্য ক্যাম্পাসের ক্ষেত্রে ৭১,৪০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে দুই প্রক্রিয়ায়— প্রার্থী যদি ক্যাট বা ম্যাট বা জ্যাট বা জি-ম্যাট বা সমতুল পরীক্ষা দিয়ে থাকেন, সে ক্ষেত্রে এই পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে। প্রার্থী যদি এই সকল পরীক্ষায় অংশ না নিয়ে থাকেন, সে ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় পরীক্ষা— অল ইন্ডিয়া সিলেকশন টেস্ট (এ আই এস টি)-এর মাধ্যমে। পরীক্ষা ২৭, ২৮ এবং ২৯ এপ্রিল। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় ২০০ নম্বরের মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে চারটি সেকশনে। কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স এবং ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড বিষয়ে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। প্রতিটি সেকশন ৫০ নম্বরের। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fddiindia.com অনলাইন আবেদনের শেষ তারিখ ২ এপ্রিল।

## উচ্চশিক্ষা

□ *কম্পিউটার অ্যাপ্লিকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেকা-২০১৮' কবে আয়োজিত হবে? কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? বিস্তারিত জানাবেন। —প্রবাল দাস, দেবগ্রাম, পশ্চিম মেদিনীপুর।*

□□ পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার অ্যাপ্লিকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেকা-২০১৮' আয়োজিত হবে ২৩ জুন (শনিবার)। শিক্ষাগত যোগ্যতা: (১) মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এবং উভয় স্তরেই ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক। অথবা, (২) ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে বা উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতকরা আবেদন করবেন না। অথবা, (৩) যে-কোনও শাখায় স্নাতক। বি ই বা বি টেক বা বি সি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পাওয়া বাধ্যতামূলক। অথবা, (৪) ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি এসসি (অনার্স)। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং উভয় ক্ষেত্রেই ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক। 'জেকা-২০১৮' পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) বিষয়ে। ম্যাথমেটিক্স বিষয়ের পরীক্ষা সকাল ১১টা থেকে ১টা এবং অ্যাপ্টিটিউড বিষয়ের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৩টে পর্যন্ত। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.wbjeeb.in

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পাঁচ বছরের ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জে ই ই ডি ই সি-২০১৮' সম্পর্কে বিস্তারিত জানতে চাই। —প্রীতি দাস, আরামবাগ, হুগলি।*

□□ পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড কর্তৃক আয়োজিত যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পাঁচ বছরের ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জে ই ই ডি ই সি-২০১৮' হবে ২৩ জুন (শনিবার)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্সে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। তার মধ্যে ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ ডিপ্লোমা। পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষা নেওয়া হবে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত। পরীক্ষায় ৫০টি মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৭ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে।

## অন্যান্য চাকরি

□ *ন্যাবার্ডে মাইনর ইরিগেশন (ওয়াটার রিসোর্সেস) শাখায় অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সুবল মাইতি, বাসন্তী, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ন্যাবার্ডে মাইনর ইরিগেশন (ওয়াটার রিসোর্সেস) শাখায় অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: হাইড্রোলজি বা অ্যাপ্লায়েড হাইড্রোলজিতে স্নাতক। অথবা হাইড্রোজিওলজি বা ইরিগেশন বা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেশন অন্যতম বিষয়ে হিসেবে নিয়ে জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজিতে স্নাতক। অথবা হাইড্রোলজি বা অ্যাপ্লায়েড হাইড্রোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকোত্তর স্তরে অন্যতম বিষয় হিসেবে হাইড্রোজিওলজি বা ইরিগেশন বা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেশন পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৫০ শতাংশে (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ২ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nabard.org

□ *ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে ইলেক্ট্রনিক্স শাখায় সায়েন্টিস্ট 'বি' পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দেব সরকার, চাপুই, বর্ধমান।*

□□ ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে ইলেক্ট্রনিক্স শাখায় সায়েন্টিস্ট 'বি' পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স বা রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্সে এম এসসি। অথবা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার বা টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন বা কমিউনিকেশন বা অপটিক্স অ্যান্ড অপ্টোইলেক্ট্রনিক্সে বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট পরীক্ষায় ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (ই সি) পত্রে উত্তীর্ণ হতে হবে। ১৪ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ntrorectt.in

□ *কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি প্রকল্পে ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মোহন বারিক, সামসেরগঞ্জ, মুর্শিদাবাদ।*

□□ কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি প্রকল্পে ল্যাবরেটরি টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। এর পাশাপাশি, ইন্টারনেট ও এম এস অফিস-সহ কম্পিউটারের ব্যবহার জানতে হবে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ মার্চের মধ্যে সরাসরি গিয়ে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টে (শনিবার সকাল ১১টা থেকে দুপুর ২টো)-র মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Room No.254, 2nd floor, 5, S.N. Banerjee Road, Kolkata 700 013.

## বিবিধ

□ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক কোর্স করেছি। আমি কি এন সি টি ই স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে এখন ডি এল এড কোর্সটি করতে পারব? আমার দু'টি কোর্সই কি বৈধ হবে? —রাহুল রায়, চক ভৃগু, দক্ষিণ দিনাজপুর।*

□□ আপনার দু'টি প্রশ্নের উত্তরই হ্যাঁ। এন সি টি ই-র নিয়মানুসারে একটি ডিগ্রি ও একটি ডিপ্লোমা কোর্স একইসঙ্গে করায় কোনও বাধা নেই। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ncte-india.org

নাম : ................................
ঠিকানা : ................................
................................
................................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হয়েও মিলছে না ইন্টারভিউয়ের ডাক

চরম অনিশ্চয়তার মুখে আমি ও আমার মতো হাজার হাজার প্রার্থী। স্কুল সার্ভিস কমিশন আয়োজিত টেট পরীক্ষায় পাশ করেও ইন্টারভিউয়ের জন্য এখনও ডাক পেলাম না। উচ্চপ্রাথমিকে সহশিক্ষক নিয়োগের টিচার এলিজিবিলিটি টেস্ট (টেট) পরীক্ষায় পাশ করেছিলাম। ২০১২ সালের এই পরীক্ষায় পাশ করে যে শংসাপত্র পেয়েছিলাম, তার মেয়াদ এ বছরের ৩১ মার্চ শেষ। তা হলে ভবিষ্যৎ কী? তখন আমাদের বলা হয়েছিল, এই শংসাপত্রের ভিত্তিতে সফল প্রার্থীদের সরাসরি ইন্টারভিউয়ে ডাকা হবে। আর কবে ডাকবে এস এস সি কর্তৃপক্ষ? দীর্ঘদিনের এই বঞ্চনার বহিঃপ্রকাশও ঘটেছে সম্প্রতি। ক্ষুব্ধ চাকরিপ্রার্থীদের নিয়ে গঠিত পশ্চিমবঙ্গ এস এস সি চাকরিপ্রার্থী মঞ্চ বিধাননগরের স্কুল সার্ভিস কমিশনের দপ্তর অভিযান করে। পুলিশ-বিক্ষুব্ধদের মধ্যে খণ্ডযুদ্ধ বেধে যায়। কিন্তু এতে কি সমস্যার সমাধান হবে? কাগজে হেডলাইন হবে, কিন্তু বেকারদের

উচ্চপ্রাথমিকে সহশিক্ষক নিয়োগের টেট পরীক্ষায় পাশ করেছিলাম। ২০১২ সালের এই পরীক্ষায় পাশ করে যে শংসাপত্র পেয়েছিলাম, তার মেয়াদ এ বছরের ৩১ মার্চ শেষ। তা হলে ভবিষ্যৎ কী? তখন আমাদের বলা হয়েছিল, এই শংসাপত্রের ভিত্তিতে সফল প্রার্থীদের সরাসরি ইন্টারভিউয়ে ডাকা হবে। আর কবে ডাকবে এস এস সি কর্তৃপক্ষ?

সমস্যার সুরাহা হবে কি? ইন্টারভিউয়ের ডাক পাওয়ার আশায় বসে আছি দীর্ঘ তিন-চার বছর। কমিশনের তরফে জানানো হয়েছিল, সার্টিফিকেট-প্রাপ্ত টেট-উত্তীর্ণ প্রার্থীরা ফের টেট পরীক্ষায় বসলে, তাঁরা যদি ফেল করেন তাহলে তাঁদের আগের শংসাপত্র বাতিল হয়ে যাবে। সেই আশঙ্কায় পরবর্তীকালে এস এস সি আয়োজিত টেট পরীক্ষায় আর বসিনি। এখন, সার্টিফিকেটের মেয়াদ শেষ হওয়ার সময় আগতপ্রায়, কিন্তু কী করণীয় কিছুই বুঝে উঠতে পারছি না। এস এস সি দপ্তরে ফোন করলে কেউ ধরে না। সশরীরে গিয়েও যোগাযোগ করলে কোনও পদস্থ ব্যক্তি দেখা করেন না, যাঁদের দেখা পাওয়া যায় তাঁদের কাছে সদুত্তর পাওয়া যায় না।

একাদশ-দ্বাদশ শ্রেণিতে সহশিক্ষক নিয়োগের কাউন্সেলিংয়ের তারিখ দেওয়া হচ্ছে না। অথচ গত বছরের নভেম্বরে তাদের প্যানেল প্রকাশ হয়ে গিয়েছে। অন্য দিকে, উচ্চপ্রাথমিকের (পঞ্চম থেকে অষ্টম শ্রেণি) জন্য পরীক্ষা হয়েছে ২০১৫ সালে। ফল প্রকাশ হয়েছে ২০১৬-র সেপ্টেম্বর মাসে। দু'বছরে প্যানেল প্রকাশ বা ইন্টারভিউ কিছুই হয়নি। গ্রুপ 'সি' এবং 'ডি' পদের জন্য গত জানুয়ারিতে কাউন্সেলিং হয়েছে। তবে এখনও নিয়োগ হয়নি। গত ১২ মার্চ নবম-দশম শ্রেণিতে সহশিক্ষক নিয়োগের ফলপ্রকাশ হয়েছে। কেবলমাত্র সেই দিনই রেজাল্ট ওয়েবসাইটে দেখতে পাওয়া গিয়েছিল। পরের দিন থেকেই সেই রেজাল্ট তুলে নেওয়া হয়েছে, আর দেখা যাচ্ছে না। এস এস সি-র বিভিন্ন নিয়োগের ক্ষেত্রে ক্রমাগত এই দোলাচল ও অস্বচ্ছতায় আমরা বিরক্ত ও হতাশ। কমিশনের হেন নিয়োগ নেই, যা আদালতে মামলার কারণে আটকে নেই। কোনও না কোনও আইনি জটিলতায় নিয়োগ আটকে নিয়োগপ্রক্রিয়া দীর্ঘতর হচ্ছে। সুবিচারের আর্জি জানাচ্ছি।

প্রকাশ খাটুয়া, সাঁওতালডিহি, পুরুলিয়া।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কেন্দ্রীয় সরকারে জিওলজিস্ট, জিওফিজিসিস্ট কেমিস্ট এবং জুনিয়র হাইড্রোজিওলজিস্ট

৭০ জন জিওলজিস্ট, জিওফিজিসিস্ট, কেমিস্ট এবং জুনিয়র হাইড্রোজিওলজিস্ট (সায়েন্টিস্ট বি) নিয়োগ করবে কেন্দ্রীয় সরকারের খনি মন্ত্রকের অধীনস্থ জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া এবং জলসম্পদ মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৮'-র মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 7/2018-GEOL.

**শূন্যপদের বিবরণ: ক্যাটেগরি-ওয়ান: জিওলজিস্ট, গ্রুপ 'এ'**: ২৪টি। শিক্ষাগত যোগ্যতা: জিওলজিক্যাল সায়েন্স বা জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা জিও-এক্সপ্লোরেশন বা মিনারেল এক্সপ্লোরেশন বা ইঞ্জিনিয়ারিং জিওলজি বা মেরিন জিওলজি বা আর্থ সায়েন্স অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট বা ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়াজ স্টাডিজ বা পেট্রোলিয়াম জিওসায়েন্স বা পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন বা জিওকেমিস্ট্রি বা জিওলজিক্যাল টেকনোলজি বা জিওফিজিক্যাল টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি।

**জিওফিজিসিস্ট, গ্রুপ 'এ'**: ১৭টি। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা জিওফিজিক্স বা মেরিন জিওফিজিক্স বা অ্যাপ্লায়েড জিওফিজিক্সে এম এসসি। অথবা এক্সপ্লোরেশন জিওফিজিক্সে ইন্টিগ্রেটেড এম এসসি বা অ্যাপ্লায়েড জিওফিজিক্সে এম এসসি (টেকনোলজি)।

**কেমিস্ট, গ্রুপ 'এ'**: ৬টি। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা অ্যানালিটিক্যাল কেমিস্ট্রিতে এম এসসি।

**ক্যাটেগরি টু: জুনিয়র হাইড্রোজিওলজিস্ট (সায়েন্টিস্টি বি), গ্রুপ 'এ'**: ২৩টি। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা মেরিন জিওলজি বা হাইড্রোজিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে জিওলজিস্ট, জিওফিজিসিস্ট এবং কেমিস্ট পদের ক্ষেত্রে ২১ থেকে ৩২ বছর এবং জুনিয়র হাইড্রোজিওলজিস্ট পদের ক্ষেত্রে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ২৯ জুন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইংলিশ-সহ সংশ্লিষ্ট বিষয়ে। জেনারেল ইংলিশের পত্রে প্রশ্ন হবে ১০০ নম্বরের। সংশ্লিষ্ট বিষয়ের তিনটি পত্রের প্রতিটিতে প্রশ্ন হবে ২০০ নম্বরের, সময় ৩ ঘণ্টা করে। জুনিয়র হাইড্রোজিওলজিস্ট পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের প্রথম দু'টি পত্রে জিওলজি এবং তৃতীয় পত্রে হাইড্রোজিওলজি-সংক্রান্ত প্রশ্ন হবে। এরপর হবে ২০০ নম্বরের ইন্টারভিউ বা পার্সোন্যালিটি টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৬ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের দু'টি অংশ— পার্ট-ওয়ান এবং পার্ট-টু। পার্ট-ওয়ান দরখাস্ত পূরণের সময় রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপিজি ফর্ম্যাটে ৩ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ পে-ইন-স্লিপের মাধ্যমে নগদ ২০০ টাকা জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনও শাখায়। অথবা অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অফলাইনে ফি জমা দিতে চাইলে পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন ব্যাঙ্কে গিয়ে নগদে ফি জমা দেবেন। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ এপ্রিল। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in অথবা যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০১১)২৩৩৮-৫২৭১/১১২৫।

# আলিপুরদুয়ার জেলায় ১৫৩ আশাকর্মী

১৫৩ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে আলিপুরদুয়ার জেলার সাব-ডিভিশনাল অফিস। শুধু বিবাহিত, আইনগতভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। নিয়োগ হবে আলিপুরদুয়ার ব্লক-১, আলিপুরদুয়ার ব্লক-২, ফালাকাটা, মাদারিহাট-বীরপাড়া, কুমারগ্রাম এবং কালচিনি ব্লকে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 67/Apd/ASHA/REC-18. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রাম বা স্থানের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। কোনও স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা হলে, লিংক ওয়ার্কার হলে, ধাইয়ের কাজে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। এছাড়াও তফসিলিরা অগ্রাধিকার পাবেন।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.alipurduar.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে জন্মশংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓মাধ্যমিক পরীক্ষার মার্কশিটের প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আইডি বা রেশন কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্বনির্ভর গোষ্ঠীর সদস্যপত্র বা প্রশিক্ষণপ্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার হিসেবে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।
- ✓সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নম্বর, ক্রমিক নম্বরের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১১ এপ্রিলের মধ্যে যে-কোনও কাজের দিন সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি ডি ও)-এর অফিসে সরাসরি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হাওড়া জেলায় ১৩৮ অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা

অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে ১৩৮ জন মহিলা কর্মী নেবে হাওড়া জেলার আমতা ও বাগনানের শিশুবিকাশ সেবা প্রকল্প আধিকারিক অফিস। আমতা-১ এবং বাগনান-১ পঞ্চায়েত সমিতির অন্তর্গত গ্রামপঞ্চায়েতের স্থায়ী বাসিন্দারাই আবেদন করবেন।

শূন্যপদের বিবরণ: **অঙ্গনওয়াড়ি কর্মী**: আমতা-১: মোট শূন্যপদ ১০টি। বাগনান-১: মোট শূন্যপদ ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই প্রকল্পের অন্তর্গত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

**অঙ্গনওয়াড়ি সহায়িকা**: আমতা-১: মোট শূন্যপদ ৭৭টি। বাগনান-১: মোট শূন্যপদ ৪১টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাশ। প্রার্থীকে অবশ্যই প্রকল্পের অন্তর্গত সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

বয়স: ১-৩-২০১৮ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে এগুলি কোনও স্থায়ী সরকারি চাকরি নয়। নির্বাচিত প্রার্থীরা সরকারের নির্ধারিত সাম্মানিক ভাতা পাবেন।

আমতার ক্ষেত্রে নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৬৩/আই. সি. ডি. এস./আমতা-১ এবং বাগনানের ক্ষেত্রে নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২৮২/আই. সি. ডি. এস/বাগ-১।

প্রার্থী বাছাই করা হবে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.howrah.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর প্রার্থী যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং প্রার্থীর নাম, জাতি, গ্রাম পঞ্চায়েতের নাম ও সম্পূর্ণ ঠিকানা লিখে দেবেন। দরখাস্ত যে-কোনও কাজের দিন সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট ব্লকের শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের অফিসে। আমতার ক্ষেত্রে দরখাস্ত ৬ এপ্রিল বিকেল ৩টের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: সুসংহত শিশুবিকাশ প্রকল্প আধিকারিক, আমতা ১ সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, হাওড়া-৭১১ ৪০১ এবং বাগনান-১-এর ক্ষেত্রে ১৩ এপ্রিল, বিকেল ৩টের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: সুসংহত শিশুবিকাশ প্রকল্প আধিকারিক, বাগনান ১ নম্বর সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, হাওড়া।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓আমতার ক্ষেত্রে প্রার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের ফটো এবং ১ কপি স্ট্যাম্প সাইজের ফটো। একটি পাসপোর্ট ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং আড়াআড়িভাবে সই করে দেবেন। বাগনানের ক্ষেত্রে প্রার্থীর ২ কপি করে পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ফটো। এর মধ্যে পাসপোর্ট সাইজের ফটোগুলি দরখাস্ত এবং প্রবেশপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। দরখাস্তে সাঁটানো ফটোর ওপর আড়াআড়িভাবে সই করে দেবেন। অন্য দু'টি ফটোর পিছনে প্রার্থীর নাম লিখে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে আধার কার্ড বা ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৬ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ১০×৪ ইঞ্চি মাপের একটি খাম।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**এপ্রিল-এর প্রতিযোগিতার জন্য মার্চ মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ এপ্রিল-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১৪ অধ্যাপক

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড টেকনোলজি অ্যান্ড বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, প্রিন্টিং ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, স্কুল অব বায়োসায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, স্কুল অব এনভায়রনমেন্টাল স্টাডিজ, স্কুল অব ওশানোগ্রাফিক স্টাডিজ এবং স্কুল অব ওয়াটার রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সিদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

দরখাস্তের শেষ তারিখ ২৭ এপ্রিল। আগ্রহী প্রার্থীরা বিস্তারিত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

**Admission in B.Ed 2018**
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700109 | Ph: 8697743361/ 8697743362

National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিজ্ঞপ্তি। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com তে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য **www.jisuniversity.ac.in** দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপের ব্যবস্থা। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

**Combined Technical ব্যাচ শুরু 1st April (12.00 P.M.) থেকে।**
RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পূর্বভারতের নিঃশব্দ বিপ্লব ঘটানো প্রতিষ্ঠান
**তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল®** Govt. Regd.
ভদ্রেশ্বর, [illegible] ও হুগলি আমাদের কোনো শাখা নেই
**M. : 8820022385, 9681026768** (9am-5pm)
FOR **ITI, DIPLOMA & B.TECH** STUDENTS : RAIL (SSE,JE, ALP,Technician),SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL
FOR **MP, HS & Graduate students** RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GR'D' etc
**ALP, Technician & Gr'D' স্পেশাল নতুন ব্যাচে ভর্তি চলছে**
চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ মিঃ সুকুমার পালের বিশেষ গাইড নিয়ে আপনিও হতে পারেন ভারতীয় রেল পরিবারের একজন

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৫ মার্চ-১৯ মার্চ

**১৫ মার্চ** প্রথম বার একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ খেলার স্বীকৃতি অর্জন করল নেপাল। আইসিসি বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে এ দিন পাপুয়া নিউ গিনিকে ছ'উইকেটে হারিয়ে আইসিসির ছাড়পত্র আদায় করে নেয় নেপাল। এই স্বীকৃতি পাওয়ার দৌড়ে নেপালের পাশাপাশি দৌড়ে ছিল হংকং এবং পাপুয়া নিউ গিনিও।

## মমতা-চামলিং বৈঠকে সহযোগিতার সুর




১৬ মার্চ: পাহাড়ে গোর্খা জনমুক্তি মোর্চার আন্দোলনকে কেন্দ্র করে গত বছর থেকে পশ্চিমবঙ্গ ও সিকিমের মধ্যে যে ভুল বোঝাবুঝি চলেছে, তা এখন অতীত বলে জানালেন দুই রাজ্যের মুখ্যমন্ত্রী। এ দিন শিলিগুড়ির উত্তরকন্যায় বৈঠক করেন মমতা বন্দ্যোপাধ্যায় ও পবনকুমার চামলিং। বৈঠকের পর দুই মুখ্যমন্ত্রী একত্রে সাংবাদিক বৈঠক করেন। মমতা বলেন, 'সিকিম আমাদের বন্ধু। পরিবহণ থেকে পর্যটন, সমস্ত বিষয়ে পূর্ণ সহযোগিতা করব আমরা।' অন্যদিকে চামলিং বলেন, 'কিছু ভুল বোঝাবুঝি ছিল। মিটে গিয়েছে। দার্জিলিং-বাংলা আমাদের পাশেই থাকবে। আমরা একযোগে দুই রাজ্যের সুন্দর ভবিষ্যতের জন্য কাজ করব।' ছবি: পিটিআই

**১৬ মার্চ** সুরাহার আশায় সুপ্রিম কোর্টে আর্জি জানিয়েও বড় ধাক্কা খেলেন পাহাড়ের বিতর্কিত নেতা বিমল গুরুঙ্গ। তাঁর বিরুদ্ধে রাজ্য উদ্দেশ্যপ্রণোদিত ভাবে দমনমূলক ব্যবস্থা নিচ্ছে, এই অভিযোগ এনে, গ্রেপ্তারির হাত থেকে বাঁচতে শীর্ষ আদালতে যান গুরুঙ্গ। কিন্তু সুপ্রিম কোর্ট এ দিন তাঁর আর্জি খারিজ করে জানাল, 'গুরুঙ্গ কোনও সুরাহা পাওয়ার অধিকারী নন।' এর ফলে গুরুঙ্গকে গ্রেপ্তার করতে বা আইনি ব্যবস্থা নিতে রাজ্যের সামনে বাধা রইল না। বিচারপতিরা তাঁদের রায়ে বলেছেন, 'গোর্খা জনমুক্তি মোর্চার নেতা হিসেবে গুরুঙ্গ পৃথক রাজ্যের দাবিতে আন্দোলন করছিলেন। রাজ্য আইনশৃঙ্খলা রক্ষা এবং নাগরিকদের সম্পত্তি, জীবনের সুরক্ষার ব্যবস্থা করতে বাধ্য। শান্তি ফেরাতে রাজ্যকে প্রয়োজনীয় পদক্ষেপ করতেই হতো।'

**১৭ মার্চ** আগামী বছরের লোকসভা ভোটের দিকে তাকিয়ে এখন থেকেই জোটের পক্ষে সওয়াল শুরু করল কংগ্রেস। নয়াদিল্লিতে এ দিন কংগ্রেসের পূর্ণাঙ্গ অধিবেশনে প্রধানমন্ত্রীকে জোরালো আক্রমণ করে জোটের পক্ষে বার্তা দিলেন সনিয়া গান্ধী। একই সঙ্গে তিনি বুঝিয়ে দিয়েছেন রাহুল গান্ধীর নেতৃত্বে কংগ্রেসই হবে সেই জোটের প্রধান দল। এ দিনের অধিবেশনে যে রাজনৈতিক প্রস্তাব পাশ হল, তাতে বলা হয়েছে, '২০১৯ সালে বিজেপি-আরএসএস-কে হারাতে সমমনোভাবাপন্ন দলগুলির সঙ্গে বাস্তবসম্মত দৃষ্টিভঙ্গি নিয়ে অভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে।' কংগ্রেস সভাপতি রাহুল গান্ধীও বলেছেন,'দেশে ক্রোধ ছড়ানো হচ্ছে। বিভাজন করা হচ্ছে। নরেন্দ্র মোদী রাস্তা দেখাতে পারছেন না। রোজগার না পেয়ে যুবকরা ক্লান্ত। তাঁদের রাস্তা দেখাবে কংগ্রেসই।'

**পাক কূটনীতিককে হেনস্থা করা হয়েছে,** এই অভিযোগে দিল্লিতে আসন্ন বিশ্ব বাণিজ্য সংস্থার (ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন) সম্মেলন বয়কট করার কথা জানাল পাকিস্তান। ১৯-২০ মার্চ দিল্লিতে ওই সম্মেলন হয়েছে। এ দিন পাক বিদেশ মন্ত্রকের তরফে বলা হয়েছে, তাদের কূটনীতিক ভারতে হেনস্থার শিকার হওয়ায় প্রতিবাদ জানাতে বাণিজ্যমন্ত্রীকে ভারতে পাঠাচ্ছেন না তাঁরা।

**স্বপন বন্দ্যোপাধ্যায় সিপিআইয়ের নতুন** রাজ্য সম্পাদক হলেন। গত ডিসেম্বরে তমলুকে দলের রাজ্য সম্মেলনে তিনি সহকারী সম্পাদক নির্বাচিত হয়েছিলেন। সম্প্রতি রাজ্য সম্পাদক প্রবোধ পণ্ডার আকস্মিক মৃত্যুর পর এ দিন সিপিআইয়ের রাজ্য কার্যনির্বাহী সমিতি ও রাজ্য পরিষদ বৈঠকে বসে উত্তর ২৪ পরগণার নেতা স্বপনবাবুকেই পূর্ণ সময়ের দায়িত্ব দিয়েছে।

## এনডিএ ছাড়লেন চন্দ্রবাবু



১৬ মার্চ: নরেন্দ্র মোদী সরকারের ওপর থেকে সমর্থন তুলেছিলেন আগেই। এ দিন তেলেগু দেশম পার্টির নেতা তথা অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নায়ডু এনডিএ জোট ছাড়ার ঘোষণা করলেন। সাংসদ সংখ্যার বিচারে এনডিএ-র সবচেয়ে বড় শরিক ছিল টিডিপি। টিডিপি এনডিএ ছাড়ার সঙ্গে সঙ্গেই গোটা দক্ষিণ ভারত হয়ে গেল বিজেপি মুক্ত। জোট ছাড়ার ঘোষণার পরই চন্দ্রবাবু বলেন, 'অন্ধ্রের প্রতি অবিচারের জন্য দায়ী প্রধানমন্ত্রীই।' নিজেদের দুর্বলতা ঢাকতে বিজেপি অবশ্য বলেছে, চন্দ্রবাবু জোট ছাড়ায় অন্ধ্রে দলের শক্তি বাড়ানোর সুযোগ এল। জোট ছাড়ার আগেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কের সমর্থন পেয়েছেন চন্দ্রবাবু। ছবি: পিটিআই



"আমি এখানে সেই সব আফ্রিকান-মার্কিন মেয়েদের কথা বলতে চাই, যাদের খবর দেশের জাতীয় সংবাদপত্রের প্রথম পাতায় জায়গা পায় না। সান্ধ্য খবরেও ওরা শিরোনামে আসে না। আমি সেই সব আফ্রিকান-মার্কিন মেয়েদের কথা বলছি, যারা অস্ত্র হিংসার শিকার। যাদের শুধু একটা সংখ্যা হিসেবে দেখা হয়। সুন্দর সেই মেয়েগুলোর মধ্যে যে কী অপার শক্তি ছিল, সেটা কেউ মাথায় রাখে না।"

নেওমি ওয়াডলার, *জর্জ ম্যাসন এলিমেন্টারি স্কুলের ১১ বছর বয়সি পড়ুয়া*

*২৪ মার্চ নিউইয়র্কে কড়া অস্ত্র আইনের দাবিতে 'মার্চ ফর আওয়ার লাইভস' মিছিলে অংশ নিয়ে*

## ভুল বিদেশনীতির সমালোচনা মনমোহনের



১৮ মার্চ: কংগ্রেসের প্লেনারি অধিবেশনের বক্তৃতায় প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং বর্তমান বিদেশনীতি নিয়ে নরেন্দ্র মোদীর কড়া সমালোচনা করলেন। এ দিন মনমোহন যা বলেছেন তার মূল কথা, ভুল নীতি অনুসরণ করে মোদী সরকার সমস্ত প্রতিবেশী দেশকে ক্ষুব্ধ করে তুলেছেন। যার ফলে গোটা দক্ষিণ এশিয়ায় ভারত কার্যত একা হয়ে পড়েছে। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক রয়েছে চরম উত্তেজনাময় অবস্থায়। চিনের সঙ্গে ডোকলাম নিয়ে পারস্পরিক অবস্থা এমন জায়গায় পৌঁছেছিল, যাতে যুদ্ধ পরিস্থিতি তৈরি হতে পারত। বাংলাদেশ, নেপাল, মালদ্বীপ, শ্রীলঙ্কা, ভুটানের মতো ভারতের বন্ধু দেশগুলিও অনেক ক্ষেত্রেই মুখ ফিরিয়ে নিচ্ছে। মনমোহন বলেন কংগ্রেস বরাবরই প্রতিবেশীদের সঙ্গে সহযোগিতার মাধ্যমে এগিয়ে চলার নীতি নিয়ে চলেছে। তাঁর কথায়, 'পরস্পরের প্রতি দোষারোপ করে নয়, গলা ফুলিয়ে কথা বলে নয়, শান্তিপূর্ণ পথে আলোচনার মাধ্যমেই এক মাত্র প্রতিবেশী দেশগুলির সঙ্গে সমস্যা মেটানো সম্ভব।' ছবি: পিটিআই

## প্রেসিডেন্ট চিনফিংয়ের ডেপুটি হলেন ওয়াং



১৭ মার্চ: চিনা পার্লামেন্টের সিদ্ধান্তে দ্বিতীয় দফায় প্রেসিডেন্ট আগেই ঘোষিত হয়েছেন শি চিনফিং। এ দিন সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত কার্যকর করার পাশাপাশি চিনফিংয়ের ঘনিষ্ঠ ওয়াং ছিশানকে ভাইস প্রেসিডেন্ট পদে উন্নীত করা হয়েছে। শি এবং ওয়াং এ দিন শপথ নিয়েছেন। ৬৯ বছর বয়সি ওয়াং গত বছর অক্টোবরে কমিউনিস্ট পার্টির কাউন্সিল থেকে সরে দাঁড়ান। তবে পলিটব্যুরোর স্ট্যান্ডিং কমিটির সদস্যদের সঙ্গে আলোচনায় তিনি উপস্থিত থেকেছেন। প্রেসিডেন্ট চিনফিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ রাজনৈতিক উপদেষ্টা তিনি। গত পাঁচবছরে চিনফিং কড়া হাতে দুর্নীতি দমন করতে দলের অন্তত ১৫ লক্ষ সদস্যকে শাস্তি দিয়েছেন। গোটা প্রক্রিয়ায় ওয়াং তাঁর সঙ্গী ছিলেন।

**উন্নয়নের দৌড়ে এক ধাপ এগিয়ে গেল** বাংলাদেশ। স্বল্প উন্নয়নের দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হল তারা। রাষ্ট্রপুঞ্জের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)-র পক্ষ থেকে যোগ্যতা অর্জনের এই শংসাপত্র রাষ্ট্রপুঞ্জে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেনের হাতে তুলে দেওয়া হল। উল্লেখ্য, এ দিনই ছিল বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের নায়ক, স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি মুজিবর রহমানের জন্মদিন। রাষ্ট্রপুঞ্জ সদস্য দেশগুলিকে বিভিন্ন সূচকের নিরিখে তিনটি তালিকায় ফেলে— স্বল্পোন্নত, উন্নয়নশীল ও উন্নত। মাথাপিছু আয়, মানবসম্পদ উন্নয়ন ও অর্থনৈতিক উন্নয়নের সূচকের মধ্যে যে কোনও দু'টিতে কাঙ্ক্ষিত মানে সূচক পৌঁছলে উন্নয়নশীল দেশের তালিকায় উন্নীত করা হয় সংশ্লিষ্ট দেশকে। বাংলাদেশ তিনটি সূচকেই প্রার্থিত মান অর্জন করে উন্নয়নশীল দেশের তালিকায় উঠে এল। সে দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্তোষ প্রকাশ করে বলেন, 'এই লক্ষ্য আমরা পূরণ করতে পেরেছি। বাংলাদেশকে আর পিছিয়ে রাখা যাবে না।'

**১৮ মার্চ** পাকিস্তানি হামলায় জম্মুর পুঞ্চে মেন্ধর এলাকায় একই পরিবারের পাঁচজন নিহত হয়েছেন। হামলার জবাব দিয়েছে ভারতীয় সেনাও। ভারতীয় সেনা জানিয়েছে নিহতেরা পাক বাহিনীর মর্টার হানার শিকার। সেনা কর্তাদের মতে পুঞ্চে কিছুটা সুবিধাজনক অবস্থায় রয়েছে পাক সেনা। কারণ ওই এলাকায় পাক অধিকৃত কাশ্মীর ভূখণ্ডের উচ্চতা কিছুটা বেশি। ফলে পাক সেনার পক্ষে হামলা চালানোও সেখানে সহজ। উল্লেখ্য, ২০১৭ সালে কাশ্মীরে পাক হামলায় ২৮ ভারতীয় সেনা নিহত হন। আহত হন ৭০ জওয়ান। ভারতীয় সেনার পাল্টা হামলায় ১৩৮ পাক সেনা নিহত হয়।

## রাশিয়ায় পুনর্নির্বাচিত পুতিন



১৮ মার্চ: রাশিয়ায় চতুর্থ বারের জন্য প্রেসিডেন্ট নির্বাচিত হলেন ভ্লাদিমির পুতিন। সে দেশের সেন্ট্রাল ইলেকশন কমিশন ঘোষণা করেছে প্রায় ৭৭ শতাংশের কাছাকাছি ভোট পেয়ে ফের নির্বাচিত হয়েছেন তিনি। এ দিন রাতে ফল ঘোষণা হওয়ার পর মস্কোর রেড স্কোয়ারের কাছে এক বিরাট জনসভায় পুতিন বলেন,'এই ঐক্যটা বজায় রাখা খুব প্রয়োজন। আমাদের মহান মাতৃভূমির ভবিষ্যতের চিন্তা এখান থেকেই শুরু হোক।' নির্বাচনে পুতিনের নিকট প্রতিদ্বন্দ্বী কমিউনিস্ট নেতা পাভেল গ্রুদিনিন পেয়েছেন ১৩ শতাংশ ভোট। আর জাতীয়তাবাদী নেতা ভ্লাদিমির ঝিরিনোভস্কি পেয়েছেন মাত্র ৬ শতাংশ ভোট। ২০১৪ সালে ইউক্রেনের সঙ্গে যুদ্ধ করে ছিনিয়ে নেওয়া ক্রিমিয়ার ৯২ শতাংশ মানুষও পুতিনকেই ভোট দিয়েছেন। নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী, সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পরে রাশিয়ার কোনও নেতা এত বিপুল ভোটে কখনও জয় পাননি। ২৪ বছর ক্ষমতায় থাকার নিরিখে জোসেফ স্তালিনের পাশে উঠে এলেন পুতিন। তাঁর আগে একমাত্র স্তালিনই ২৪ বছর ক্ষমতায় ছিলেন। বিরোধীরা অবশ্য ভোটে ব্যাপক কারচুপির অভিযোগ এনেছেন। পুতিনের জয়ে উচ্ছ্বসিত চিনা প্রেসিডেন্ট শি চিনফিং জানিয়েছেন, পুতিনের জয়ে দু'দেশের কূটনৈতিক সম্পর্ক আরও নিবিড় হবে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও অভিনন্দন জানিয়েছেন পুতিনকে। ছবি: পিটিআই

**প্রাক্তন দমকলমন্ত্রী ও বামফ্রন্টের শরিক** মার্ক্সবাদী ফরওয়ার্ড ব্লকের শীর্ষ নেতা প্রতিম চট্টোপাধ্যায় (৭৯) প্রয়াত হলেন। একটানা ১৫ বছর দমকলমন্ত্রী ছিলেন তিনি। রাজনীতির পাশাপাশি বাংলা ছবিতে একাধিক চরিত্রে অভিনয় করেছেন। হুগলির তারকেশ্বর ছিল তাঁর বিধানসভা কেন্দ্র। পরিবর্তনের বছরে প্রাক্তন আইপিএস রচপাল সিংয়ের কাছে হারের পর আর ভোটে দাঁড়াননি। ভগ্নস্বাস্থ্যের কারণেই রাজনীতি থেকেও অব্যাহতি নিয়েছিলেন তিনি। প্রতিমবাবুর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সিপিএমের রাজ্য সম্পাদক সূর্যকান্ত মিশ্র-সহ বাম নেতৃত্ব এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

**১৯ মার্চ** কংগ্রেসকে বাদ দিয়ে আগামী লোকসভা নির্বাচনে বিরোধী জোট গড়তে উদ্যোগী হওয়ার লক্ষ্যে কলকাতায় এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক করলেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী চন্দ্রশেখর রাও। নবান্নে দুই মুখ্যমন্ত্রীর বৈঠক হয়। পরে চন্দ্রশেখর বলেন, 'বিজেপির ওপর রাগ হলে কংগ্রেস এসে যাবে। তাতে কী লাভ হবে? কংগ্রেস এবং বিজেপি উভয়েরই প্রশাসন দেশের পক্ষে ক্ষতিকারক। তাই বিকল্প হল মুক্তমনের নেতাদের নিয়ে ফেডেরাল ফ্রন্ট। আমরা সেটাই চাইছি।' মমতা বন্দ্যোপাধ্যায়ও ফেডেরাল ফ্রন্টকে সমর্থন জানিয়েছেন। তাঁর মতে, সব দলের একে অপরকে সম্মান করা উচিত। তবে, ফ্রন্টকে সমর্থন করলেও সব দলের সঙ্গে আলোচনা করে তিনি এগোতে চান বলে জানিয়েছেন।

**পশুখাদ্য কেলেঙ্কারি-সংক্রান্ত মামলায়** এই নিয়ে চতুর্থ বার দোষী সাব্যস্ত হলেন আরজেডি প্রধান তথা বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী লালুপ্রসাদ যাদব। এ দিন দুমকা ট্রেজারির মামলায় লালুকে দোষী সাব্যস্ত করেন সিবিআইয়ের বিশেষ আদালতের বিচারক শিবপাল সিং। তবে পশুখাদ্য মামলায় বিহারের আরেক প্রাক্তন মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্রকে বেকসুর মুক্ত করে দিয়েছে আদালত।

## শ্রীলঙ্কায় টি-টোয়েন্টি চ্যাম্পিয়ন ভারত




১৮ মার্চ: শ্রীলঙ্কায় ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজের রুদ্ধশ্বাস ফাইনালে বাংলাদেশকে ৪ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন হল ভারত। বাংলাদেশ প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৬৬ রান করে। ভারতের যজুবেন্দ্র চহাল ১৮ রানে ৩ উইকেট এবং উনাদকাট ৩৩ রান দিয়ে ২ উইকেট নেন। জবাবে ভারত ব্যাট করতে নামলে শেষ বল পর্যন্ত খেলা গড়ায়। সৌম্য সরকারের শেষ বলে ছয় মেরে ভারতকে ম্যাচ জেতান দীনেশ কার্তিক। ভারতের পক্ষে অধিনায়ক রোহিত শর্মা উল্লেখযোগ্য ৫৬ রান করেন। কার্তিক ২৯ রানে অপরাজিত থাকেন। ম্যাচের সেরাও হয়েছেন তিনি। ছবি: পিটিআই

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। গণিত, রিজনিং, সাধারণ জ্ঞান ও বিজ্ঞানের প্রশ্ন আসবে।
'কর্মক্ষেত্র'-র পাঠকদের জন্য সমাধান-সহ ২ সেট নমুনা প্রশ্ন প্রস্তুত করেছেন **সৃষ্টিধর বেরা ও কমল বৈদ্য**

## প্রথম সেট

1. যে বিন্দুতে পদার্থ কঠিন, তরল ও বায়বীয় অবস্থায় একই সঙ্গে অবস্থান করতে পারে তাকে কী বলে?
(a) স্ফুটনাঙ্ক (b) গলনাঙ্ক (c) ট্রিপল পয়েন্ট (d) কঠিনাঙ্ক
2. ক্যানডেলা কীসের একক?
(a) বস্তুর পরিমাণ (b) দীপ্তি-প্রাবল্য (c) বিদ্যুৎ প্রবাহ (d) তাপ গতি সংশ্লিষ্ট
3. পুলিশ কাঁদানে গ্যাস হিসেবে ব্যবহার করেন:
(a) ক্লোরোফ্লুরো কার্বন (b) ক্লোরো ফ্লুওরিন (c) ক্লোরো পিকরিন (d) ক্লোরো ফ্লুরো মিথেন
4. নীচের কোন অ্যাসিডটি সিরাপ ও ঔষধ তৈরিতে ব্যবহৃত হয়?
(a) HCl (b) $H_2SO_4$ (c) $HNO_3$ (d) $CH_3COOH$
5. জার্মান সিলভারে কী আছে?
(a) তামা, নিকেল, রুপো (b) রুপো, তামা, দস্তা (c) তামা, দস্তা, নিকেল (d) রুপো, নিকেল, দস্তা
6. তাপমাত্রা অপরিবর্তিত থাকলে নির্দিষ্ট ভরের কোনও গ্যাসের আয়তন ওর চাপের সঙ্গে ব্যস্তানুপাতে পরিবর্তিত হয়। এটি:
(a) চার্লসের সূত্র (b) বয়েলের সূত্র (c) কেলভিনের সূত্র (d) অ্যাভোগাড্রোর সূত্র
7. মানুষের হাত একটি:
(a) প্রথম শ্রেণির লিভার (b) দ্বিতীয় শ্রেণির লিভার (c) তৃতীয় শ্রেণির লিভার (d) চতুর্থ শ্রেণির লিভার
8. কেলভিন স্কেলে $0^\circ$C-কে ধরা হয়:
(a) $-273^\circ$ K (b) $273^\circ$ K (c) $-32^\circ$ K (d) $32^\circ$ K
9. প্রেশার কুকারের মূলনীতি হল:
(a) চাপ হ্রাসে স্ফুটনাঙ্ক হ্রাস পায় (b) চাপ হ্রাসে স্ফুটনাঙ্ক বৃদ্ধি পায় (c) চাপ বৃদ্ধিতে স্ফুটনাঙ্ক কমে (d) চাপ বৃদ্ধিতে স্ফুটনাঙ্ক বাড়ে
10. নীচের কোন অ্যাসিডকে 'অ্যাকোয়া ফর্টিস' বলা হয়?
(a) HCl (b) $H_2SO_4$ (c) $HNO_3$ (d) $H_2S$
11. ন্যাপথলিনের সংকেত হল:
(a) $C_{10}H_8$ (b) $C_2H_5OH$ (c) $CO(NH_2)_2$ (d) $(NH_4)_2SO_4$
12. কোন মাধ্যমে শব্দ সবচেয়ে বেশি হয়?
(a) কঠিন মাধ্যমে (b) তরল মাধ্যমে (c) গ্যাসীয় মাধ্যমে (d) স্থিতিস্থাপক মাধ্যমে
13. বাড়ির বৈদ্যুতিক সংযোগ ব্যবস্থায় 'Earthware'-এর ক্ষেত্রে ব্যবহৃত তারের রং:
(a) লাল (b) নীল (c) কমলা (d) সবুজ
14. পর্যায় সারণীর কোন পর্যায়ে সর্বাধিক মৌল থাকে?
(a) তৃতীয় (b) চতুর্থ (c) পঞ্চম (d) ষষ্ঠ
15. ফেরাস সালফেট কী নামে পরিচিত?
(a) ব্লু ভিট্রিয়ল (b) গ্রিন ভিট্রিয়ল (c) ইয়োলো ভিট্রিয়ল (d) হোয়াইট ভিট্রিয়ল
16. নীচের কোন অ্যাসিডটির সঙ্গে বলয় পরীক্ষা সংযুক্ত?
(a) HCl (b) $HNO_3$ (c) $H_2SO_4$ (d) $H_2CO_3$
17. শুষ্ক বরফ বলতে বোঝায়:
(a) কঠিন $CO_2$-কে (b) কঠিন $H_2O$-কে (c) কঠিন $O_2$-কে (d) কঠিন $H_2S$-কে
18. পৃথিবীর মধ্যে সর্বাধিক প্রাপ্ত কয়লার প্রকৃতি হল:
(a) অ্যানথ্রাসাইট (b) বিটুমিনাস (c) লিগনাইট (d) পিট
19. নীচের কোনটি তড়িৎ ঋণাত্মক মৌল?
(a) $SO_4$ (b) Cl (c) Ca (d) K
20. সৌরজগতের আবিষ্কারক হলেন:
(a) কেপলার (b) নিউটন (c) কোপারনিকাস (d) গ্যালিলিও
21. জলাতঙ্ক রোগটি একটি:
(a) ব্যাক্টেরিয়াঘটিত (b) ভাইরাসঘটিত (c) প্রোটোজোয়াঘটিত (d) ছত্রাকঘটিত
22. নীচের কোন অভয়ারণ্যটি রাজস্থানে অবস্থিত?
(a) কানহা (b) রণথম্ভর (c) বন্দিপুর (d) মেলঘাট
23. ফাজ ভাইরাস:
(a) DNA যুক্ত (b) RNA যুক্ত (c) RNA ও DNA যুক্ত (d) কোনওটিই নয়
24. অ্যাট্রোপিন নামক উপক্ষারটি পাওয়া যায়:
(a) চা গাছ থেকে (b) ইপিকাক গাছ থেকে (c) বেলেডোনা গাছ থেকে (d) আফিং গাছ থেকে
25. নীচের কোনটি যকৃতের কাজের মধ্যে পড়ে না?
(a) রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণ করা (b) রক্ত শোষণ করা (c) রক্ত তঞ্চনে সাহায্য করা (d) জননকার্যে সাহায্য করা
26. নীচের অঙ্গগুলির মধ্যে কোনটি বেরিবেরি রোগের দ্বারা প্রভাবিত হয়?
(a) শ্বাসতন্ত্র (b) বৃক্ক (c) যকৃৎ (d) স্নায়ুতন্ত্র
27. নীচের কোনটি বায়ুবাহিত পরাগ সংযোগকারী ফুলের বৈশিষ্ট্য নয়?
(a) ছোট, সহজে দৃষ্টিগোচর হয় না, এমন ফুল (b) বড় ফুল বা আকর্ষণীয় পুষ্পবিন্যাস (c) পরাগধানী থেকে উৎপন্ন অত্যধিক পরিমাণ হালকা, মসৃণ পরাগরেণু (d) এগুলির কোনওটিই সঠিক নয়
28. ইউগ্লিনা বংশবৃদ্ধি করে:
(a) দ্বিখণ্ডিত বিভাজনের দ্বারা (b) আনুষঙ্গিক বিভাজনের দ্বারা (c) যৌন জনন প্রক্রিয়ার মাধ্যমে (d) এর কোনওটিই নয়
29. শ্বাসনালী উন্মুক্ত হয়:
(a) মুখগহ্বরে (b) বক্ষপিঞ্জরে (c) পাকস্থলীতে (d) গলবিলে
30. ডাইনোসর কোন শ্রেণিভুক্ত?
(a) স্তন্যপায়ী (b) সরীসৃপ (c) উভচর (d) পক্ষী
31. নীচের কোন ফসলটি শুষ্ক কৃষি পদ্ধতিতে চাষ করা হয়?
(a) মিলেট (b) গম (c) ওট (d) কার্পাস
32. পাপুয়া নিউগিনি দ্বীপটি কোন মহাসাগরের তলদেশে অবস্থিত?
(a) প্রশান্ত মহাসাগরে (b) আটলান্টিক মহাসাগরে (c) ভারত মহাসাগরে (d) সুমেরু মহাসাগরে
33. কোন হ্রদের মুখে ভারতের মিসাইল পরীক্ষা কেন্দ্র শ্রীহরিকোটা অবস্থিত?
(a) পুলিকট হ্রদ (b) কোলেরু হ্রদ (c) চিলকা হ্রদ (d) সম্বর হ্রদ
34. LCD-এর পুরো নাম হল:
(a) Large Compact Disc (b) Liquid Crystal Display (c) Linear Compact Disc (d) Lucid Compact Disc
35. অজন্তা ও এলিফ্যান্টার গুহাচিত্র কোন বংশীয় স্থাপত্য কীর্তি?
(a) চোল বংশীয় (b) পাল বংশীয় (c) পল্লব বংশীয় (d) চন্দ্রেল্ল বংশীয়
36. 'পাপেতি' কোন ধর্মের উৎসব?
(a) শিখ (b) বৌদ্ধ (c) জৈন (d) পারসি
37. দ্য লিটল কর্পোরেল কাকে বলা হয়?
(a) হিটলার (b) নেপোলিয়ন (c) বল্লভভাই প্যাটেল (d) আব্দুল গফফর খান
38. Hens live in a ______ .
(a) den (b) convent (c) hive (d) coop
39. Byte কী?
(a) 4টি বিটের সমন্বয় (b) 8টি বিটের সমন্বয় (c) 1024টি বিটের সমন্বয় (d) 2টি বিটের সমন্বয়
40. মাইকেল জ্যাকসনের আত্মজীবনীর নাম কী?
(a) Moon Walk (b) Earth Walk (c) Space Walk (d) Walk Alone
41. আইস হকি খেলার মাঠের নাম কী?
(a) কোর্ট (b) রিং (c) অ্যারেনা (d) রিঙ্ক
42. শোথ রোগের উপসর্গ:
(a) থাইরয়েড গ্রন্থি বৃদ্ধি হয় (b) পেটের অসুখ ও বমিভাব হয় (c) দেহে জল জমে (d) যকৃতের আয়তন বাড়ে
43. তরুণের স্বপ্ন বইটির লেখক হলেন:
(a) মহাত্মা গান্ধী (b) মাস্টারদা সূর্য সেন (c) নেতাজি সুভাষচন্দ্র বসু (d) অরবিন্দ ঘোষ
44. কানাডার জাতীয় খেলা হল:
(a) বেসবল (b) রাগবি (c) বাস্কেটবল (d) আইস হকি
45. 'গুপীগাইন বাঘা বাইন' ছবির সংগীত পরিচালক হলেন:
(a) সত্যজিৎ রায় (b) রবিশঙ্কর (c) অজয় চক্রবর্তী (d) ভানু আথাইয়া
46. রোহিঙ্গা মুসলিম কোন দেশ থেকে বিতাড়িত হল?
(a) পাকিস্তান থেকে (b) আফগানিস্তান থেকে (c) বাংলাদেশ থেকে (d) মায়ানমার থেকে
47. মহিলা বিশ্বকাপ ক্রিকেটে রানার্স হল কোন দেশ?
(a) ভারত (b) অস্ট্রেলিয়া (c) নিউজিল্যান্ড (d) পাকিস্তান
48. ভারতের বর্তমান উপরাষ্ট্রপতির নাম কী?
(a) রাজনাথ সিং (b) বেঙ্কাইয়া নাইডু (c) রামনাথ কোবিন্দ (d) শাহনওয়াজ হোসেন
49. কোন নদীর গতিপথে ভারতের দীর্ঘতম সেতু নির্মিত হল?
(a) নর্মদা (b) তাপ্তি (c) সরাবতী (d) সবরমতী
50. GST-এর পুরো নাম কী?
(a) General Service Tax (b) Goods and Services Tax (c) Gross Service Tax (d) Gold Service Tax
51. নীচের ছবিতে লুপ্ত সংখ্যাটি কত?




(a) 34 (b) 36 (c) 38 (d) 40
52. 8, 27, 64, _?_ .
(a) 125 (b) 130 (c) 135 (d) 140
53. 16, 33, _?_ , 135.
(a) 87 (b) 67 (c) 77 (d) 66
54. 36, 64, ?, 144
(a) 91 (b) 100 (c) 121 (d) 130
55. 20, 26, 34, _?_ .
(a) 40 (b) 42 (c) 44 (d) 46
56. 144, 121, 100, 81, 64 _?_ .
(a) 49 (b) 50 (c) 51 (d) 52
57. 'DAD'-এর কোড যদি 414 হয় তবে 'PAD'-এর কোড হবে:
(a) 1624 (b) 1614 (c) 1634 (d) 1644
58. নীচের কোন ছবিটি অন্যগুলির থেকে আলাদা?



(a) (b) (c) (d)

এরপর এগারোর পাতায়

# রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. গদর আন্দোলন শুরু করেছিলেন:
(a) অজিত সিং (b) লালা হংসরাজ (c) লালা হরদয়াল (d) সোহন সিং বাখানা
2. রক্তে গ্লুকোজের পরিমাণ কম হয়ে যাওয়াকে বলে:
(a) ডায়াবেটিস (b) টাইফয়েড (c) ম্যালেরিয়া (d) হাইপোগ্লাইসেমিয়া
3. নীচে দেওয়া কোন রাজ্যটি ভারতের মধ্যে সব থেকে বেশি পশম উৎপাদন করে?
(a) পাঞ্জাব (b) হরিয়ানা (c) গুজরাট (d) উত্তরপ্রদেশ
4. রবার চাষ বেশি দেখা যায়:
(a) মালয়েশিয়া (b) কানাডা (c) আলাস্কা (d) মেক্সিকো
5. 'Six Machine' কার আত্মজীবনী?
(a) ক্রিস গেইল (b) শচীন তেন্ডুলকর (c) বিরাট কোহলি (d) কপিলদেব
6. নীচের কোন দু'টি দেশের অন্যতম সরকারি ভাষা তামিল?
(a) মরিশাস ও মালয়েশিয়া (b) মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া (c) শ্রীলঙ্কা ও মরিশাস (d) শ্রীলঙ্কা ও সিঙ্গাপুর
7. সিন্ধুসভ্যতা মূলত ছিল:
(a) গ্রামীণ (b) শহরকেন্দ্রিক (c) জলাভূমিপ্রধান (d) কোনওটিই নয়
8. বিপন্ন প্রজাতির প্রাণীদের তালিকা পুস্তকে কোন রঙে থাকে:
(a) কালো (b) লাল (c) সবুজ (d) নীল
9. পৃথিবীর বৃহত্তম মালভূমিটি হল:
(a) পামির মালভূমি (b) অস্ট্রেলিয়ার মালভূমি (c) আফ্রিকার মালভূমি (d) বলেভিয়ার মালভূমি
10. সেন্ট্রাল অ্যারিডজোন রিসার্চ ইনস্টিটিউট' কোথায় অবস্থিত?
(a) যোধপুর (b) নাগপুর (c) জুনাগড় (d) দেরাদুন
11. নীচের কাদের হৃৎপিণ্ড শিরাযুক্ত?
(a) স্তন্যপায়ী (b) সরীসৃপ (c) মাছ (d) উভচর
12. সূর্যের নিকটতম গ্রহ হচ্ছে:
(a) ভেনাস (b) জুপিটার (c) মার্স (d) মার্কারি
13. ভারতের বৃহত্তম ব্যাঘ্র প্রকল্প হল:
(a) পেঞ্চ (b) মানস (c) নাগার্জুন সাগর-শ্রীশৈলম (d) করবেট
14. চিন ও ভারতের পর জনসংখ্যার বিচারে বিশ্বের তৃতীয় বৃহত্তম দেশ কোনটি?
(a) বাংলাদেশ (b) আমেরিকা (c) ইন্দোনেশিয়া (d) জাপান
15. রুটি তৈরিতে সাধারণত যে সমস্ত উপাদান ব্যবহৃত হয়:
(a) ময়দা ও ইস্ট (b) ময়দা ও বেকিং পাউডার (c) ময়দা ও বেকিং সোডা (d) ময়দা এবং ঘি
16. চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নেতা কে ছিলেন?
(a) প্রীতিলতা ওয়াদ্দেদার (b) সূর্য সেন (c) ক্ষুদিরাম (d) সুভাষচন্দ্র বসু
17. কপি গাছের বীজ থেকে প্রাপ্ত উপক্ষারটি হল:
(a) স্ট্রিকনিন (b) রেসারপিন (c) মরফিন (d) ক্যাফিন
18. যে ভিটামিনের অভাবে মানবদেহে স্কার্ভি রোগ হয়:
(a) ভিটামিন-A (b) ভিটামিন-B (c) ভিটামিন-C (d) ভিটামিন-D
19. কোন ভারতীয় প্রথম মহাকাশে গিয়েছিলেন?
(a) সুনীতা উইলিয়ামস (b) কল্পনা চাওলা (c) নীল আর্মস্ট্রং (d) রাকেশ শর্মা
20. শিবসমুদ্র জলপ্রপাত কোন নদীতে অবস্থিত?
(a) কৃষ্ণা (b) গোদাবরি (c) কাবেরী (d) নর্মদা
21. 'ভিনিগার' কার রাসায়নিক নাম?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) ফরমিক অ্যাসিড (c) নাইট্রিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড
22. তরলের আপেক্ষিক ঘনত্ব মাপার যন্ত্রকে কী বলে?
(a) হাইড্রোফোন (b) হাইগ্রোমিটার (c) হাইড্রোমিটার (d) হাইগ্রোস্কোপ
23. আগুন নেভাতে যে গ্যাসের ব্যবহার হয়:
(a) নিয়ন (b) নাইট্রোজেন (c) কার্বন ডাইঅক্সাইড (d) কার্বন মনোক্সাইড
24. পাখি সংক্রান্ত বিজ্ঞানকে কী বলে?
(a) অরনিথোলজি (b) অর্থইপি (c) অর্থপিডিক্স (d) ওসটিওপ্যাথি
25. মহাশূন্যে কে প্রথম পদচারণা করেন?
(a) ইউরি গ্যাগারিন (b) আলেক্সেই লিওনভ (c) ফ্রাঙ্ক বোরম্যান (d) জেমস লোভেল
26. 'মেহগিনি' কোন শ্রেণির বৃক্ষ?
(a) চিরহরিৎ (b) জেমস লোভেল (c) গুল্ম (d) ম্যানগ্রোভ
27. কাঁকড়াবিছের শ্বাসযন্ত্রের নাম কী?
(a) গিল (b) ট্রাকিয়া (c) ফুসফুস (d) বুকল্যাঙ
28. কলকাতা দূরদর্শনের প্রথম সম্প্রচার 1975 সালের কত তারিখে হয়?
(a) 1 অগস্ট (b) 5 অগস্ট (c) 9 অগস্ট (d) 14 অগস্ট
29. সরোজিনী নাইডুর বিয়ের আগের নাম ছিল:
(a) সরোজিনী মুখোপাধ্যায় (b) সরোজিনী নেহরু (c) সরোজিনী বসু (d) সরোজিনী চট্টোপাধ্যায়
30. 'তিরিচমীর' পর্বত কোন দেশে অবস্থিত?
(a) পাকিস্তান (b) চিন (c) ভারত-তিব্বত (d) নেপাল
31. 'কোষ বিষয়ক চর্চা'কে কী বলা হয়?
(a) সাইটোকেমিস্ট্রি (b) সাইটোজেনেটিক্স (c) সাইটোলজি (d) ইকনমিক্স
32. আলো পরিমাপের একক কী?
(a) পাস্কাল (b) ওহম (c) লাক্স (d) লুমেন
33. লাফিং গ্যাস কী?
(a) ফেরিক অক্সাইড (b) কার্বন ডাইঅক্সাইড (c) ফেরোসোফেরিক অক্সাইড (d) নাইট্রাস অক্সাইড
34. কোনটি উত্তর ভারতের নদী?
(a) তাপ্তী (b) গোদাবরী (c) মহানদী (d) গঙ্গা

এরপর এগারোর পাতায়

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

দশের পাতার পর

59. LIVED যদি DEVIL হয়, তবে 6323 হবে:
(a) 2336 (b) 3236 (c) 3326 (d) 6332
60. নীচের কোন অক্ষরদু'টি অন্যগুলি থেকে আলাদা?
(a) AZ (b) BY (c) CX (d) DV
61. কোনটি ভুল?
(a) DF (b) OQ (c) RT (d) GJ
62. ঘড়ির সঙ্গে অ্যালার্মের সম্পর্ক যেমন, নীচের কোনটির সঙ্গে এরূপ সম্পর্ক?
(a) মোটরগাড়ি-ইঞ্জিন (b) কারখানা-সাইরেন (c) গৃহ-কক্ষ (d) গ্রন্থাগার-পুস্তক
63. নীচের সারিটিতে পরবর্তী আংটিটি কীরকম হবে?




64.



(a) 17 (b) 18 (c) 19 (d) 20

65.



(a) E (b) F (c) G (d) H
66. খেলাধুলো, ক্রিকেট, ফুটবল, হকি




67. 100, 95 _?_ 70:
(a) 90 (b) 85 (c) 80 (d) 75
68. দেশ, প্রদেশ, রাজধানী




69. 18, 29, 42 _?_ .
(a) 57 (b) 56 (c) 58 (d) 59
70. ANT-কে যদি BOU লেখা হয়, তবে MAN-কে লেখা হবে:
(a) NBO (b) RBO (c) LBO (d) SBO
71. 256, 128, 64, 32, 16, _?_ .
(a) 10 (b) 12 (c) 8 (d) 4
72. 3, 9, 81 _?_ .
(a) 243 (b) 90 (c) 6561 (d) 729
73. 0, 6, 24 _?_ .
(a) 60 (b) 65 (c) 70 (d) 55
74. 3, 5, 9, 15 _?_ .
(a) 18 (b) 20 (c) 23 (d) 25
75. 7 : 21 : : 8 : _?_ .
(a) 16 (b) 24 (c) 32 (d) 40
76. 0, 3, 8, 15, 24, 35 _?_ 63. লুপ্ত সংখ্যাটি কী?
(a) 43 (b) 48 (c) 50 (d) 55
77. নীচের অক্ষরগুলির বিন্যাসক্রমে এরকম ক'টি M আছে যার অব্যবহিত পূর্বে N আছে?
R S N A N M M N M T T N N M V N M M
(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি
78. একটি ছাত্রের দশটি পত্রের গড় নম্বর 80। যদি গরিষ্ঠ মানটি না ধরা হয়, তবে গড় নম্বর হয় 78। গরিষ্ঠ মানটি কত?
(a) 98 (b) 90 (c) 88 (d) 86
79. একটি মিলিটারি ক্যাম্পে 600 লোকের জন্য 195 দিনের খাবার আছে। যদি 45 দিন পরে 150 জন চলে যান তাহলে বাকি খাবারে কতদিন চলবে?
(a) 150 (b) 200 (c) 250 (d) 300
80. একটি ব্যাঙ্ক একটি বিশেষ সঞ্চয় প্রকল্পে শতকরা 10% চক্রবৃদ্ধি হারে সুদ দেয়। তিন বছর পরে মূল সঞ্চয়ের কত শতাংশ বৃদ্ধি পায়?
(a) 30% (b) 33.1% (c) 35.5% (d) 39.6%
81. স্বরূপ ও সিম্পল একসঙ্গে উপস্থিত থাকতে চাইছিল একটি সেমিনারে— যেটি তাদের অফিস বিল্ডিংয়ে শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত হওয়ার ছিল। সিম্পল বেরোতে পারবে না লাঞ্চের বিরতির আগে— যেটি শুরু হয় 1টা 30 মিনিটে। মধ্যাহ্নে মিটিং শেষ হলে স্বরূপের ছুটি। কিন্তু তাকে তিন ঘণ্টার মধ্যে অফিসে ফিরতে হবে। তাহলে কতক্ষণ তারা সেমিনারে উপস্থিত থাকতে পারে?
(a) $1\frac{1}{2}$ ঘণ্টা (b) 2 ঘণ্টা (c) $2\frac{1}{2}$ ঘণ্টা (d) বের করা যাবে না
82. দু'টি সংখ্যার গ.সা.গু. হল 12 এবং তাদের ল.সা.গু. হল 1760। যদি একটি সংখ্যা 160 হয়, অন্য সংখ্যাটি কত?
(a) 122 (b) 132 (c) 140 (d) 144
83. একজন দোকানদার তার জিনিসের দাম কেনা দাম থেকে 40% বেশি লিখে রাখে এবং 10% ছাড়ে বিক্রি করে। তাহলে শতকরা কত লাভ করে?
(a) 35% (b) 30% (c) 26% (d) 20%
84. একটি ব্যাগে 5 টাকা ও 10 টাকার মোট 80টি নোট ছিল। ওই ব্যাগে মোট 600 টাকা থাকলে 10 টাকার নোটের সংখ্যা কত?
(a) 60টি (b) 50টি (c) 40টি (d) 30টি
85. 350-এর x% = 21 হলে, x = ?
(a) 8 (b) 6 (c) 7 (d) 5
86. একটি সাইকেল বিক্রি করে $12\frac{1}{2}$ % ক্ষতি হলে, ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?
(a) 25 : 2 (b) 2 : 25 (c) 8 : 7 (d) 7 : 8
87. 4 জন লোক 4 দিনে 4টি মাদুর তৈরি করে। 200 জন লোক 200 দিনে ক'টি মাদুর তৈরি করবে?
(a) 200টি (b) 10,000টি (c) 1000টি (d) 5000টি
88. দু'টি সংখ্যার যোগফল 21 ও বিয়োগফল 13 হলে সংখ্যাদু'টির বর্গের পার্থক্য কত?
(a) 273 (b) 212 (c) 272 (d) 1156
89. 1 থেকে 400 পর্যন্ত জোড়সংখ্যাগুলির যোগফল কত?
(a) 160000 (b) 80200 (c) 40200 (d) 54000
90. 2, 3, 5 দ্বারা গঠিত তিন অঙ্কের সংখ্যাগুলির যোগফল কত?
(a) 2222 (b) 2220 (c) 5220 (d) 2350
91. 7231-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 5 ও 9 দ্বারা বিভাজ্য হবে?
(a) 19 (b) 7 (c) 11 (d) 14
92. তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 9 এবং তাদের গ.সা.গু. 45 হলে বৃহত্তম সংখ্যা কত?
(a) 405 (b) 225 (c) 315 (d) 945
93. তিনটি সংখ্যার অনুপাত 2 : 3: 4 এবং তাদের গুণফল 648, সংখ্যা তিনটির গ.সা.গু. কত?
(a) 27 (b) 9 (c) 6 (d) 3
94. 6, 8, 10, 12 দ্বারা বিভাজ্য চার অঙ্কের বৃহত্তম সংখ্যা কত?
(a) 9960 (b) 9980 (c) 9990 (d) 9040
95. দু'টি সংখ্যার অনুপাত 9 : 7 এবং গ.সা.গু. 19 হলে ছোট সংখ্যাটি কত?
(a) 147 (b) 171 (c) 181 (d) 133
96. একজন ব্যক্তি 190 টাকায় তার ঘড়িটি বিক্রি করে শতকরা 5 টাকা ক্ষতি করল। ঘড়িটির ক্রয়মূল্য কত?
(a) 237.50 টাকা (b) 240 টাকা (c) 210 টাকা (d) 200 টাকা
97. 20টি দ্রব্যের ক্রয়মূল্য যদি 30টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হয়, তবে শতকরা কত টাকা লাভ বা ক্ষতি হবে?
(a) $33\frac{1}{3}$ % ক্ষতি (b) $33\frac{1}{3}$ % লাভ (c) 50% ক্ষতি (d) 50% লাভ
98. যদি 12 জন পুরুষ একটি কাজ 20 দিনে করতে পারে, তবে 15 জন পুরুষ কতদিনে কাজটি শেষ করবে?
(a) 15 দিন (b) 12 দিন (c) 18 দিন (d) 16 দিন
99. একটি আয়তক্ষেত্রের প্রস্থ, দৈর্ঘ্যের $\frac{3}{4}$ অংশ। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 192 বর্গমিটার। এর পরিধি কত?
(a) 28 মিটার (b) 12 মিটার (c) 56 মিটার (d) $74\frac{2}{3}$ মিটার
100. একটি ইটের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 10 সেমি, 4 সেমি, 3 সেমি। ইটের সমগ্র তলের ক্ষেত্রফল কত?
(a) 84 বর্গসেমি (b) 124 বর্গসেমি (c) 164 বর্গসেমি (d) 180 বর্গসেমি

## উত্তর

1(b), 2(b), 3(c), 4(a), 5(c), 6(b), 7(c), 8(a), 9(d), 10(c), 11(a), 12(a), 13(d), 14(d), 15(b), 16(b), 17(a), 18(b), 19(b), 20(c), 21(b), 22(b), 23(a), 24(c), 25(a), 26(d), 27(b), 28(a), 29(d), 30(b), 31(a), 32(c), 33(a), 34(b), 35(c), 36(a), 37(b), 38(d), 39(b), 40(a), 41(d), 42(c), 43(c), 44(d), 45(b), 46(d), 47(a), 48(b), 49(a), 50(b), 51(b), 52(a), 53(b), 54(b), 55(c), 56(a), 57(b), 58(b), 59(b), 60(d), 61(d), 62(b), 63(d), 64(c), 65(a), 66(b), 67(b), 68(c), 69(a), 70(c), 71(c), 72(c), 73(a), 74(c), 75(b), 76(b), 77(d), 78(a), 79(b), 80(b), 81(a), 82(b), 83(c), 84(c), 85(b), 86(c), 87(b), 88(a), 89(c), 90(b), 91(d), 92(a), 93(d), 94(a), 95(d), 96(d), 97(a), 98(d), 99(c), 100(c).

## সমাধান

76(b): $1 \times 1 - 1 = 0, 2 \times 2 - 1 = 3, 3 \times 3 - 1 = 8, 4 \times 4 - 1 = 15, 5 \times 5 - 1 = 24, 6 \times 6 - 1 = 35, 7 \times 7 - 1 = 48, 8 \times 8 - 1 = 63$.
77(d): R S N A N M M N M T T N N M V N M M = 4টি।
78(a): 10টি পত্রের মোট নম্বর $= 10 \times 80 = 800$, গরিষ্ঠটি না ধরলে 9টি পত্রের মোট নম্বর $= 78 \times 9 = 702$ $\therefore$ গরিষ্ঠটির মান $= 800 - 702 = 98$.
79(b): $(195 - 45) = 150$ দিন
600 জনের 150 দিন চলবে, 1 জনের $150 \times 600$ দিন চলবে
$(600 - 150) = 450$ জনের $\frac{150 \times 600}{450}$ দিন চলবে = 200 দিন।
80(b): প্রথম বছরে 100 টাকা বেড়ে হবে 110 টাকা
দ্বিতীয় বছরে 110 টাকা, 10% সুদ ধরে হবে $(110 + 11) = 121$ টাকা
তৃতীয় বছরে 121 টাকা 10% সুদ ধরে হবে $(121 + 12.1) = 133.10$
অর্থাৎ 33.1 টাকা বাড়বে।
81(a): সেমিনার হবে 9 টাকা থেকে 5 টা = 8 ঘণ্টা

এরপর তেরোর পাতায়

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

35. ঔরঙ্গজেব কোন শিখ গুরুকে মৃত্যুদণ্ড দেন?
(a) গুরু গোবিন্দ সিং (b) অর্জুন সিং (c) গুরু নানক (d) গুরু তেগ বাহাদুর
36. ভারতের জাতীয় সংগীত কত সালে প্রথম গাওয়া হয়?
(a) 1922 (b) 1923 (c) 1924 (d) 1925
37. ভারতে জনাকীর্ণ স্থানে ধূমপান কত সালে নিষিদ্ধ হয়?
(a) 2000 সালে (b) 2003 সালে (c) 2007 সালে (d) 2009 সালে
38. হিটলার কোন দেশে জন্মগ্রহণ করেন?
(a) জার্মান (b) ইতালি (c) অস্ট্রিয়া (d) ব্রিটেন
39. কোন শহরের ডাক নাম 'The Big Apple?
(a) সিডনি (b) নিউ ইয়র্ক (c) জোহানেসবার্গ (d) লন্ডন
40. মানুষের মহাশূন্যে অভিযান প্রথম শুরু হয় কত সালে?
(a) 1930 সালে (b) 1945 সালে (c) 1957 সালে (d) 1897 সালে
41. লাওৎসে কোন দেশের বিখ্যাত ধর্মপ্রচারক?
(a) চিন (b) জাপান (c) দক্ষিণ কোরিয়া (d) উত্তর কোরিয়া
42. নীচের কোন শহরটি ব্রহ্মপুত্র নদের তীরবর্তী নয়?
(a) গুয়াহাটি (b) লখনউ (c) তেজপুর (d) ডিব্রুগড়
43. 'ক্যাথলিক' শব্দটির অর্থ কী?
(a) সর্বজনীন (b) নিরপেক্ষ (c) গোঁড়া (d) স্বর্গদ্বার
44. শুষ্ক বরফ হল:
(a) কঠিন কার্বন ডাইঅক্সাইড (b) তরল অক্সিজেন (c) তরল হাইড্রোজেন (d) তরল ক্লোরিন
45. শৈবাল ও ছত্রাক সমন্বয়ে গঠিত মিথোজীবীকে কী বলে?
(a) মস ও ছত্রাক (b) ব্যাক্টেরিয়া ও ছত্রাক (c) সমুদ্র শৈবাল ও ছত্রাক (d) লাইকেন
46. সুন্দরবন হল:
(a) ম্যানগ্রোভ অরণ্য (b) পর্ণমোচী অরণ্য (c) চিরহরিৎ অরণ্য (d) ঝোড়ঝাড় অরণ্য
47. রেশমকীট কী খেয়ে বেঁচে থাকে?
(a) কীটপতঙ্গ (b) তুঁত গাছের পাতা (c) ঘাস (d) কোনওটিই নয়
48. ঝড়-বৃষ্টি, বায়ুপ্রবাহ ইত্যাদি বায়ুমণ্ডলের কোন স্তরের মধ্যে সীমাবদ্ধ?
(a) আয়নোস্ফিয়ার (b) স্ট্রাটোস্ফিয়ার (c) ট্রপোস্ফিয়ার (d) এক্সোস্ফিয়ার
49. চোল বংশের স্থপতি ছিলেন:
(a) রাজরাজ (b) প্রথম রাজেন্দ্র চোল (c) বিজয়ালয় (d) এঁদের কেউই নন
50. নীচের কোন জাতীয় প্রাণীর সংখ্যা পৃথিবীতে সর্বাধিক?
(a) সরীসৃপ (b) মাছ (c) কাচ পোকা (d) উইপোকা
51. কোন ক্ষুদ্রতম সংখ্যা 72, 90 এবং 120 দ্বারা বিভাজ্য?
(a) 260 (b) 630 (c) 360 (d) 620
52. 400 ও 500 এর মধ্যবর্তী কোন সংখ্যা 12, 16, 24 দ্বারা বিভাজ্য?
(a) 420 (b) 430 (c) 410 (d) 480
53. পরপর দু'টি সংখ্যার বর্গের পার্থক্য 81 হলে, বৃহত্তর সংখ্যা হল:
(a) 39 (b) 40 (c) 42 (d) 41
54. তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 9 এবং তাদের গ.সা.গু. 45 হলে, বৃহত্তম সংখ্যা কত?
(a) 405 (b) 225 (c) 315 (d) 495
55. তিনটি সংখ্যার অনুপাত 2 : 3 : 4 এবং তাদের গ.সা.গু. 648। সংখ্যা তিনটির গ.সা.গু. কত?
(a) 27 (b) 9 (c) 6 (d) 3
56. নীচের কোনটি সবচেয়ে ক্ষুদ্র?
(a) $\frac{1}{-2}$ (b) $\frac{1}{2}$ (c) $\frac{1}{\sqrt{2}}$ (d) $\frac{1}{(-1)^2}$
57. $\frac{36}{125}$, $1\frac{17}{25}$, $\frac{54}{55}$ -এর গ.সা.গু. কত?
(a) $\frac{108}{375}$ (b) $\frac{5}{756}$ (c) $151\frac{2}{5}$ (d) $151\frac{1}{5}$
58. 6, 8, 10, 12 দ্বারা বিভাজ্য চার অঙ্কের বৃহত্তম সংখ্যা কত?
(a) 9960 (b) 9980 (c) 9990 (d) 9040
59. দু'টি সংখ্যার যোগফল 315 এবং গ.সা.গু. 35 হলে, কত জোড়া সংখ্যা সম্ভব?
(a) 5 (b) 4 (c) 3 (d) 2
60. 200 এবং 300-এর মধ্যে বৃহত্তম কোন সংখ্যাকে 6, 8 এবং 9 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রেই 5 ভাগশেষ থাকবে?
(a) 288 (b) 283 (c) 293 (d) 228
61. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 38, 45, 52-কে ভাগ করলে অবশিষ্ট থাকবে যথাক্রমে 2, 3, 4?
(a) 7 (b) 6 (c) 9 (d) 8
62. চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম কোন সংখ্যাকে 12, 18, 27 দ্বারা ভাগ করলে ক্রমান্বয়ে 10, 16, 25 ভাগশেষ থাকবে?
(a) 9934 (b) 9936 (c) 9914 (d) 9938
63. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 635, 869 এবং 1229-কে ভাগ করলে সর্বক্ষেত্রে সমান অবশিষ্ট থাকবে?
(a) 36 (b) 54 (c) 72 (d) 108
64. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 261, 933, 1381-কে ভাগ করলে সর্বক্ষেত্রে 5 অবশিষ্ট থাকবে?
(a) 31 (b) 52 (c) 32 (d) 42
65. ক্ষুদ্রতম কোন সংখ্যাকে 20, 42, 63 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 অবশিষ্ট থাকবে?
(a) 1241 (b) 1261 (c) 1259 (d) 1239

এরপর বারোর পাতায়

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

66. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে $9\frac{5}{8}$ এবং $4\frac{3}{8}$। সংখ্যাদু'টির গুণফল:
(a) 18 (b) $18\frac{3}{8}$ (c) $15\frac{3}{8}$ (d) $17\frac{3}{8}$

67. 3, 0, 4 দ্বারা গঠিত তিন-অঙ্কের সংখ্যাগুলির যোগফল:
(a) 1554 (b) 1477 (c) 1511 (d) 1744

68. সরল করুন: $1.29 \times 1.29 \times 1.29 \times 2.71 \times 2.71 \times 2.71 + 12 \times 1.29 \times 2.71$
(a) 16 (b) 4 (c) 8 (d) 64

69. একটি সংখ্যাকে 56 দ্বারা ভাগ করলে 29 ভাগশেষ থাকে, সংখ্যাটিকে 8 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকবে:
(a) 4 (b) 5 (c) 6 (d) 7

70. কোন সংখ্যাকে 13 দ্বারা গুণ করলে 180 বৃদ্ধি পায়?
(a) 25 (b) 15 (c) 12 (d) 5

71. যে-কোনও তিন অঙ্কের সংখ্যা থেকে সংখ্যাটির অঙ্কসমষ্টি বিয়োগ করলে, বিয়োগফল সর্বদা কত দ্বারা বিভাজ্য হবে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 9

72. একটি তাঁতকলের 14 জন তাঁতি 12 দিনে 210টি শাড়ি বুনতে পারে। পুজোর সময় 10 দিনের মধ্যে 300 শাড়ি তৈরি করতে কতজন বেশি তাঁতি লাগবে?
(a) 14 (b) 10 (c) 15 (d) 12

73. দু'বছর আগে একটি গাছ লাগানো হয়েছিল। গাছটি প্রতি বছর 20% করে বাড়ে। গাছটির বর্তমান উচ্চতা 540 সেমি হলে, গাছটি লাগানোর সময় উচ্চতা কত সেমি ছিল?
(a) 228 (b) 305 (c) 375 (d) 411

74. কোনও সংখ্যাকে 8% বাড়ালে ও তাকে 3% কমালে যে দু'টি সংখ্যা হয়, তাদের অন্তর 407 হলে, সংখ্যাটি কত?
(a) 1240 (b) 3540 (c) 3700 (d) 3740

75. 11টি সংখ্যার গড় 55। তার মধ্যে প্রথম 6টি সংখ্যার গড় 60 ও শেষ 6টি সংখ্যার গড় 50 তাহলে শেষ সংখ্যাটি কত?
(a) 60 (b) 59 (c) 55 (d) 45

76. রেডিওর দাম 30% কমে গেলে রেডিওর বিক্রি 20% বেড়ে যায়। দোকানদারের আয় শতকরা কত কমবে বা বাড়বে?
(a) 16% কমবে (b) 16% বাড়বে (c) 10% কমবে (d) 10% বাড়বে

77. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 7 : 8। যদি দ্বিতীয় ট্রেনটি 5 ঘণ্টায় 400 কিলোমিটার যায়, তাহলে প্রথম ট্রেনটির গতিবেগ কত?
(a) 60 কিলোমিটার/ঘণ্টা (b) 70 কিলোমিটার/ঘণ্টা (c) 80 কিলোমিটার/ঘণ্টা (d) 100 কিলোমিটার/ঘণ্টা

78. যদি 45 কিলোমিটার/ঘণ্টা বেগে গতিশীল একটি ট্রেন 130 মিটার লম্বা একটি ব্রিজ 30 সেকেন্ডে অতিক্রম করে, তাহলে ব্রিজটির দৈর্ঘ্য কত?
(a) 300 মিটার (b) 250 মিটার (c) 245 মিটার (d) 225 মিটার

79. একজন লোক স্রোতের অনুকূলে 6 ঘণ্টায় 30 কিলোমিটার এবং স্রোতের প্রতিকূলে 6 ঘণ্টায় 18 কিলোমিটার যায়, তাহলে স্রোতের বেগ কত?
(a) 1 কিমি/ঘণ্টা (b) 2 কিমি/ঘণ্টা (c) 3 কিমি/ঘণ্টা (d) 3.5 কিমি/ঘণ্টা

80. 3.50 টাকা/লিটার দরের 40 লিটার দুধের সঙ্গে কত লিটার জল মেশালে দুধের দাম কমে 2 টাকা/লিটার হবে?
(a) 15 লিটার (b) 20 লিটার (c) 25 লিটার (d) 30 লিটার

81. Newspaper : Press : : Cloth : ?
(a) Tailor (b) Factory (c) Textile (d) Mile

82. Oxygen : Burn : : Carbondioxide : ?
(a) Foam (b) Explode (c) Extinguish d) Isolate

83. RQTP : PTQR : : KLNJ : ?
(a) LNKP (b) JNLK (c) PTRQ (d) RSTV

84. CHJR : RHJC : : TARD : ?
(a) HCJR (b) DART (c) HRJC (d) ATRD

85. 5 : 24 : : 8 : ?
(a) 63 (b) 64 (c) 62 (d) 68

86. 190 : 10 : : 102 : ?
(a) 4 (b) 3 (c) 6 (d) 8

87. ক্রমানুসারে সাজান:
1. চাবি 2. দরজা 3. তালা 4. রুম
(a) 1 2 4 3 (b) 4 2 1 3 (c) 1 2 3 4 (d) 1 3 2 4

88. ক্রমানুসারে সাজান:
1. Andhra Pradesh 2. Universe 3. Tirupati 4. World 5. India
(a) 15324 (b) 21354 (c) 31542 (d) 54213

89. যদি green-কে বলা হয় pink, pink-কে বলা হয় blue, blue-কে বলা হয় purple, purple-কে বলা হয় white, white-কে বলা হয় orange, orange-কে বলা হয় peach, তাহলে বরফের রং কী?
(a) peach (b) orange (c) purple (d) blue

90. যদি copper বলতে gold, lead বলতে silver, iron বলতে lead, gold বলতে tin এবং silver বলতে steel বোঝায় তাহলে pencil-এর মধ্যে কী আছে?
(a) lead (b) gold (c) tin (d) silver

91. বেমানান সংখ্যাটি খুঁজে বের করুন:
(a) 1000 (b) 1725 (c) 2744 (d) 4096

92. বেমানানটি খুঁজে বের করুন:
(a) Cyclotron (b) Basic (c) Pascal (d) Fortran

93. যদি a বলতে '+', b বলতে '×', c বলতে '+' এবং d বলতে '–' বোঝায় তাহলে 5 c 20 a 4 b 2 d 10 = ?
(a) 10 (b) 15 (c) 5 (d) 20

94. যদি '–' বলতে '×', '×' বলতে '+', '+' বলতে '÷' এবং '÷' বলতে '–' বোঝায়, তাহলে 27 + 3 – 3 × 11 ÷ 8 = ?
(a) 38 (b) 32 (c) 34 (d) 30

95. নীচে 4টি Dice-এর আকার দেওয়া আছে। 2-এর বিপরীতে কী সংখ্যা আছে তা বার করতে হবে:




(a) 3 (b) 4 (c) 5 (d) 6

96. নীচের চিত্রে ক'টি ত্রিভুজ রয়েছে?



(a) 24 (b) 14 (c) 28 (d) 20

97. Pen, Pencils, Stationary



(a) (b) (c) (d)

98. নীচের প্রশ্নটির উত্তর দিন:




(a) 25 (b) 37 (c) 47 ( d) 41

99.

| | | |
|---|---|---|
| 6 | (40) | 4 |
| 3 | (12) | 3 |
| 7 | (?) | 2 |

(a) 51 (b) 36 (c) 22 (d) 4

100.




(a) 127 (b) 31 (c) 217 (d) 328

### উত্তর

1(c), 2(d), 3(a), 4(a), 5(a), 6(d), 7(b), 8(b), 9(b), 10(a), 11(b), 12(d), 13(c), 14(b), 15(a), 16(b), 17(d), 18(c), 19(d), 20(c), 21(a), 22(c), 23(c), 24(a), 25(b), 26(a), 27(d), 28(c), 29(d), 30(a), 31(c), 32(c), 33(d), 34(d), 35(d), 36(c), 37(b), 38(c), 39(b), 40(c), 41(a), 42(b), 43(a), 44(a), 45(d), 46(a), 47(b), 48(c), 49(d), 50(d), 51(c), 52(d), 53(d), 54(a), 55(d), 56(a), 57(d), 58(a), 59(c), 60(c), 61(b), 62(a), 63(c), 64(c), 65(b), 66(b), 67(b), 68(d), 69(b), 70(b), 71(d), 72(b), 73(c), 74(c), 75(c), 76(a), 77(b), 78(c), 79(a), 80(d), 81(d), 82(c), 83(b), 84(b), 85(a), 86(b), 87(b), 88(c), 89(b), 90(d), 91(b), 92(a), 93(c), 94(d), 95(c), 96(c), 97(c), 98(d), 99(b), 100(c).

### সমাধান

51(c): 72, 90 এবং 120 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 72, 90, 120-এর ল.সা.গু. = 360.

52(d): 12, 16, 24 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 12, 16, 24-এর ল.সা.গু. = 48
400 – 500-এর মধ্যবর্তী 48-এর বৃহত্তম গুণিতক = 48 × 10 = 480.

53(d): সংখ্যাদু'টির বর্গের পার্থক্য x হলে, বৃহত্তম সংখ্যা = $\frac{x+1}{2}$ এবং ক্ষুদ্রতম সংখ্যা = $\frac{x-1}{2}$, বৃহত্তম সংখ্যা = $\frac{81+1}{2} = 41$.

54(a): বৃহত্তম সংখ্যা = গ.সা.গু. × বৃহত্তম আনুপাতিক পদ
বৃহত্তম সংখ্যা = 45 × 9 = 405.

55(d): গ.সাগু. = (গুণফল ÷ সংখ্যা তিনটির আনুপাতিক পদগুলির গুণফল)$^{1/3}$
নির্ণেয় গ.সা.গু. = $\{648 \div (2 \times 3 \times 4)\}^{1/3} = (648 \div 24)^{1/3} = (27)^{1/3} = 3$.

56(a): $\frac{1}{-2} = -0.5$, $\frac{1}{(-2)^2} = \frac{1}{2} = 0.25$, $-\frac{1}{2} < \frac{1}{(-2)^2}$

57(d): ল.সা.গু. = $\frac{\text{লবগুলির ল.সা.গু.}}{\text{হরগুলির গ.সা.গু.}}$ এখন $\frac{36}{125}$, $1\frac{17}{25}$, $\frac{42}{25}$ ও $\frac{54}{55}$-এর ল.সা.গু. = $\frac{\text{36, 42, 54-এর ল.সা.গু.}}{\text{125, 25, 55-এর গ.সা.গু.}} = \frac{756}{5} = 151\frac{1}{5}$.

58(a): 6, 8, 10, 12 -এর ল.সা.গু. = 120 দ্বারা চার অঙ্কের বৃহত্তম সংখ্যা 9999 -কে ভাগ করলে অবশিষ্ট থাকে 39, নির্ণেয় সংখ্যা = 9999 – 39 = 9960.

59(c): অনুপাতের পদগুলির যোগফল = 315 ÷ 35 = 9
9 = 8 + 1, 9 = 7 + 2, 9 = 4 + 5, অর্থাৎ তিনজোড়া সংখ্যা হতে পারে।

60(c): 6, 8, 9-এর ল.সা.গু. = 72
200 থেকে 300-এর মধ্যে 72-এর বৃহত্তম গুণিতক = 72 × 4 = 288
নির্ণেয় সংখ্যা = 288 + 5 = 293.

61(d): 38 – 2 = 36, 45 – 3 = 42 এবং 52 – 4 = 48
নির্ণেয় সংখ্যা = 36, 42, 48-এর গ.সা.গু. = 6.

62(a): 12, 18, 27-এর ল.সা.গু. = 108
(12 – 10) = (18 – 16) = (27 – 25) = 2 (চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা 9999 -কে 108 দ্বারা 92 বার ভাগ করা যায়)।

63(c): 869 – 653 = 216, 1229 – 869 = 360 এবং 1229 – 653 = 576
নির্ণেয় সংখ্যা = 216, 360, 576-এর গ.সা.গু. = 72.

64(c): 261 – 5 = 256, 933 – 5 = 928, 1381 – 5 = 1376
নির্ণেয় সংখ্যা = 256, 928, 1376-এর গ.সা.গু. = 32.

65(b): 20, 42, 63-এর ল.সা.গু. = 1260
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 1260 + 1 = 1261.

66(b): বড় সংখ্যা = (যোগফল + বিয়োগফল) ÷ 2
ছোট সংখ্যা = (যোগফল – বিয়োগফল) ÷ 2
অথবা, ছোট সংখ্যা = যোগফল – বড় সংখ্যা
∴ বড় সংখ্যাটি $\left(9\frac{5}{8} + 4\frac{3}{8}\right) \div 2 = 14 \div 2 = 7$ এবং ছোট সংখ্যা = $9\frac{5}{8} - 7 = 2\frac{5}{8}$ ∴ নির্ণেয় গুণফল = $7 \times 2\frac{5}{8} = 14 + \frac{35}{8} = 18\frac{3}{8}$.

67(b): 3, 0, 4 দ্বারা চারটি তিন অঙ্কের সংখ্যা গঠিত হতে পারে সংখ্যা চারটির সমষ্টি = 304 + 340 + 403 + 430 = 1477.

68(d): 1.29 = a এবং 2.71 = b ধরা হলে,
$a^3 + b^3 + 3ab(a+b) = (a+b)^3$ [3(a + b) = 3 × 4 = 12]
$(a+b)^3 = (1.29 + 2.71)^3 = (4)^3 = 64$.

69(b): (56 + 29) = {(8 × 4) + (8 × 3) + 5}-কে 8 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে 5.

70(b): সংখ্যাটি = x ধরা হলে, 13x = x + 180 বা, 12x = 180, x = 15.

71(d): যে-কোনও তিন অঙ্কের সংখ্যা থেকে অঙ্কসমষ্টি বিয়োগ করলে বিয়োগফল সর্বদা 9 দ্বারা বিভাজ্য হবে।

72(b): 12 দিনে 210টি শাড়ি কেনে 14 জন তাঁতি। 10 দিনে 300টি শাড়ি কেনে $\frac{14 \times 300 \times 12}{210 \times 10}$ জন তাঁতি বা, 24 জন তাঁতি
তাহলে আরও (24 – 14) = 10 জন তাঁতি লাগবে।

73(c): দু'বছরে মোট বাড়ে $\left(20 + 20 + \frac{20 \times 20}{100}\right)$%
বা, 44% তাহলে, 2 বছর আগে গাছটির উচ্চতা ছিল $500 \times \frac{100}{144}$ সেমি বা, 375 সেমি।

74(c): মনে করি, মূল সংখ্যাটি x-কে 3% কমালে হয় $\frac{97x}{100}$
তাহলে শর্তানুসারে, $\frac{108x}{100} - \frac{97x}{100} = 407$ বা, $\frac{108x - 97x}{100} = 407$
বা, $x = \frac{407 \times 100}{11}$ বা, 3,700, তাহলে সংখ্যাটি হল 3700.

75(c): 11টি সংখ্যার মোট ফল 11 × 55 = 605
প্রথম 6টি সংখ্যার মোট ফল 6 × 60 = 360
শেষ 6টি সংখ্যার মোট ফল 6 × 50 = 300
তাহলে ষষ্ঠ সংখ্যাটি হবে (360 + 300 – 605) = (660 – 605) = 55.

76(a): দোকানদারের আয় $\left(-30 + 20 - \frac{30 \times 20}{100}\right)$% = – 16% বাড়বে
তাহলে, আয় কমবে 16%.

77(b): ধরি, প্রথম ট্রেনের গতিবেগ 7x কিলোমিটার/ঘণ্টা এবং দ্বিতীয় ট্রেনের 8x কিলোমিটার/ঘণ্টা কিন্তু দ্বিতীয় ট্রেনের গতিবেগ $\frac{400}{5}$ = 80 কিলোমিটার/ঘণ্টা
8x = 80, x = 10 ∴ প্রথম ট্রেনের গতিবেগ 7 × 10 = 70 কিলোমিটার/ঘণ্টা।

78(c): ট্রেনটি 30 সেকেন্ডে যায় = $45 \times \frac{5}{18} \times 30$ মিটার = 375 মিটার।
∴ ব্রিজটির দৈর্ঘ্য = (375 – 130) মিটার = 245 মিটার।

79(a): স্রোতের অনুকূলে গতিবেগ = $\frac{30}{6}$ = 5 কিলোমিটার/ঘণ্টা
স্রোতের প্রতিকূলে গতিবেগ = $\frac{18}{6}$ = 3 কিলোমিটার/ঘণ্টা
∴ স্রোতের গতিবেগ = $\frac{5-3}{2}$ = 1কিলোমিটার/ঘণ্টা।

80(d): 40 লিটার দুধের দাম = 40 × 3.50 = 140 টাকা
দুধের দাম 2 টাকা/লিটার হলে মিশ্রণের পরিমাণ $\frac{140}{2}$ = 70 লিটার
∴ জল মেশাতে হবে 70 লিটার – 40 লিটার = 30 লিটার।

81(d): Newspaper অর্থাৎ সংবাদপত্র যা Press বা ছাপাখানায় তৈরি হয় একইভাবে Cloth যা Mile-এ তৈরি হয়।

82(c): Oxygen যেমন আগুন জ্বালাতে সাহায্য করে ঠিক তেমনই কার্বন ডাইঅক্সাইড আগুন নেভাবে সাহায্য করে। এখানে, Extinguish হল আগুন নেভাতে সাহায্য করে।

83(b): এখানে প্রথম ক্ষেত্রে লেখা অক্ষরের set-এর অক্ষরগুলির একটিতে আর একটির বিপরীতক্রমে লেখা আছে।
তাই,

| | |
|---|---|
| R — P | K — J |
| Q — T | L — N |
| T — Q | N — L |
| P — R | J — K |

84(b): প্রথম ক্ষেত্রে দু'টি অক্ষরের set -এ প্রথম ও চতুর্থ অক্ষরের মধ্যে স্থান পরিবর্তন করা হয়েছে।

| | |
|---|---|
| C — R | T — D |
| H — H | A — A |
| J — J | R — R |
| R — C | D — T |

85(a): $5 : \{(5^2 - 1) = 24\} : : 8 : \{(8^2 - 1) = 63\}$.

86(b): দ্বিতীয় নম্বরটি প্রথম নম্বরের digitগুলির যোগফল অর্থাৎ
190 : (1 + 9 + 0) = 10 : : 102 : (1 + 0 + 2) = 3.

87(b): রুম— দরজা, চাবি— তালা।

এরপর তেরোর পাতায়

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

*এগারোর পাতার পর*

সিম্পল 1.30-এর আগে বেরোতে পারবে না, ফলে সে একা থাকতে পারবে (5টা – 1.30 টা) = 3.30 ঘণ্টা

কিন্তু স্বরূপ 12 টায় বেরিয়ে তিনটেয় অফিসে ফিরবে

অর্থাৎ সে একা থাকতে পারবে 3 ঘণ্টা।

দু'জনে একসঙ্গে থাকতে পারবে দুপুর 1.30টা থেকে বিকাল 3টা পর্যন্ত অর্থাৎ 1.30 ঘণ্টা।

82(b): $\frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{একটি সংখ্যা}}$ = অপর সংখ্যা ∴ $\frac{1760 \times 12}{160} = 132.$

83(c): 100 টাকার জিনিস লিখে রাখে 140 টাকা

∴ 100 টাকার জিনিস বিক্রি করে 90 টাকায়

1 টাকার জিনিস বিক্রি করে $\frac{90}{100}$ টাকায়

140 টাকার জিনিস বিক্রি করে $\frac{90 \times 140}{100}$ টাকায়

∴ শতকরা (126 – 100) = 26% লাভ হয়।

84(c): 5 টাকা + 10 টাকার নোট = 80টি = 600 টাকা

∴ 10 টাকার নোট = 40টি = 40 × 10 = 400 টাকা।

85(b): 350 এর x% = 21, $350 \times \frac{x}{100} = 21$, $\frac{350x}{100} = \frac{21}{1}$

or, 350x = 2100 or, $x = \frac{2100}{350} = 6.$

86(c): ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 100 : 87.5 (100 – 12.5) = 8 : 7.

87(b): 4 জন লোক 4 দিনে 4টি মাদুর তৈরি করে

∴ 4 জন লোক 1 দিনে 1টি মাদুর তৈরি করবে

1 জন লোক 1 দিনে $\frac{1}{4}$ টি মাদুর তৈরি করবে

200 জন লোক 1 দিনে $\frac{200}{4}$ = 50টি মাদুর তৈরি করবে

∴ 1 দিনে 50টি হলে, 200 দিনে হবে 200 × 50 = 10000টি।

88(a): $(x + y) = 21, (x - y) = 13, (x^2 - y^2) = ?$

∴ $x^2 - y^2 = (x + y)(x - y)$ ∴ 21 × 13 = 273.

89(c): 1 থেকে 400 পর্যন্ত মোট সংখ্যা = 400টি

∴ জোড়সংখ্যা = $\frac{400}{2}$ = 200টি

∴ সূত্রানুসারে নির্ণেয় যোগফল = 200(200 +1) = 200 × 201 = 40200টি।

90(b): 235 + 253 + 325 + 352 + 532 + 523 = 2220

or, (2 + 3 + 5) × 222 = 10 × 222 = 2220.

91(d): 5 এবং 9 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 5 এবং 9-এর ল.সা.গু. = 45

45 দিয়ে 7231-কে ভাগ করলে অবশিষ্ট থাকে 31

∴ নির্ণেয় সংখ্যা = (45 – 31) = 14.

92(a): বৃহত্তম সংখ্যা = গ.সা.গু. × বৃহত্তম আনুপাতিক পদ = 45 × 9 = 405.

93(d): গ.সা.গু. = (গুণফল ÷ সংখ্যা তিনটির আনুপাতিক পদগুলির গুণফল)$^{1/3}$

$= (648 \div 24)^{1/3} = (27)^{1/3} = 3.$

94(a): 6, 8, 10, 12-এর ল.সা.গু. =

| | |
|---|---|
| 2 | 6, 8, 10, 12 |
| 3 | 3, 4, 5, 6 |
| 2 | 1, 4, 5, 2 |
| | 1, 2, 5, 1 |

= 120 দ্বারা চার অঙ্কের বৃহত্তম সংখ্যা 9999 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে 39

∴ নির্ণেয় সংখ্যা হবে 9999 – 39 = 9960.

95(d): ছোটসংখ্যা = গ.সা.গু. × আনুপাতিক পদগুলির মধ্যে ছোট

∴ ছোটসংখ্যা = 19 × 7 = 133.

96(d): ক্রয়মূল্য = $\frac{100}{95}$ × বিক্রয়মূল্য = $\frac{100}{95} \times 190$ = 200 টাকা।

97(a): ধরি 20টি দ্রব্যের ক্রয়মূল্য x টাকা

1টি দ্রব্যের ক্রয়মূল্য $\frac{x}{20}$ টাকা, আবার 30টি দ্রব্যের বিক্রয়মূল্য = x টাকা

1টি দ্রব্যের বিক্রয়মূল্য = $\frac{x}{30}$ টাকা ∴ ক্ষতি = $\frac{x}{20} - \frac{x}{30} = x\left(\frac{30-20}{20 \times 30}\right)$ টাকা

∴ শতকরা ক্ষতি = $\frac{\frac{x(30-20)}{20 \times 30}}{\frac{x}{20}} \times 100 = 33\frac{1}{3}$ টাকা।

98(d): M = কর্মচারী এবং D = দিনসংখ্যা হলে, $M_1 \times D_1 = M_2 \times D_2$

এক্ষেত্রে $D_2 = \frac{M_1 \times D_1}{M_2} = \frac{12 \times 20}{15}$ = 16 দিন।

99(c): আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x মিটার হলে, প্রস্থ $\frac{3}{4}x$ মিটার

∴ $x \times \frac{3}{4}x = 192, x^2 = 256, x = 16$

∴ দৈর্ঘ্য = 16 মিটার এবং প্রস্থ = $\frac{3}{4} \times 16$ = 12 মিটার

∴ পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) = 2 (16 + 12) = 56 মিটার।

100(c): কোনও আয়তঘনের সমগ্রতলের ক্ষেত্রফল = 2 (দৈর্ঘ্য × প্রস্থ + প্রস্থ × উচ্চতা + দৈর্ঘ্য × উচ্চতা) = 2(10 × 4 + 4 × 3 + 10 × 3) = 2(40 + 12 + 30) = 164 বর্গসেমি।

### দ্বিতীয় সেট

1. জীবের জন্ম, বৃদ্ধি, প্রাপ্তবয়স্কতা, বংশবিস্তার, বার্ধক্য এবং মৃত্যু এই ধারাবাহিক পর্যায়গুলিকে বলে:
(a) জন্ম ও মৃত্যু (b) পুষ্টি ও বৃদ্ধি (c) চলন ও গমন (d) জীবনচক্র

2. যেসব জীব পরিবেশ থেকে কার্বন ডাইঅক্সাইড ও জল শোষণ করে নিজেদের দেহে খাদ্য তৈরি করতে পারে তাদের বলে:
(a) পরভোজী (b) গৌণ খাদক (c) মৃতজীবী (d) স্বভোজী

3. কাজ করার ক্ষমতাকে বলে:
(a) সৃষ্টি (b) অনাসৃষ্টি (c) শ্রম (d) শক্তি

4. বিভিন্ন সজীব ও জড় বস্তু নিয়ে গঠিত যে পারিপার্শ্বিক অবস্থা সর্বদা আমাদের ওপর প্রভাব বিস্তার করে তাকে বলে:
(a) বায়ুমণ্ডল (b) পরিবেশ (c) জলস্রোত (d) উদ্ভিদ

5. সবচেয়ে উৎকৃষ্ট মানের কয়লা হল:
(a) পিট (b) লিগনাইট (c) বিটুমিনাস (d) অ্যানথ্রাসাইট

6. একজন পূর্ণবয়স্ক ব্যক্তির মোট দাঁত ক'টি?
(a) 28 (b) 30 (c) 32 (d) 34

7. যে সব খাদ্য আমাদের দেহে শক্তির জোগান দেয় তাদের কী জাতীয় খাদ্য বলে?
(a) ভিটামিন (b) শর্করা ও কার্বোহাইড্রেট (c) ফ্যাট (d) প্রোটিন

8. শরীরে আয়োডিনের অভাবে কী রোগ হয়?
(a) গলগণ্ড (b) পোলিও (c) জন্ডিস (d) অ্যানোমিয়া

9. বায়ুতে সবচেয়ে বেশি পরিমাণ আছে:
(a) অক্সিজেন (b) নাইট্রোজেন (c) কার্বন ডাইঅক্সাইড (d) হাইড্রোজেন

10. কোনটি প্রাথমিক খাদক?
(a) ঘাস (b) বাঘ (c) ছাগল (d) শকুন

11. তরুক্ষীর রেচনকারী একটি উদ্ভিদ হল:
(a) পাইন (b) নারকেল (c) পেঁপে (d) বাবলা

12. জিহ্বা ছাড়া স্বাদকোরক দেখা যায় এমন একটি দেহাংশ হল:
(a) নাক (b) মুখগহ্বর (c) আলজিহ্বা (d) গলবিল

13. ভারসাম্যের সঙ্গে নিয়োজিত একটি অংশ হল:
(a) স্যাকুলাস (b) ককলিয়া (c) ইউস্টেচিয়ান নালি (d) কর্ণকুহর

14. ফল সৃষ্টি হয়:
(a) ডিম্বাণু থেকে (b) পরাগধানী থেকে (c) ডিম্বক থেকে (d) ডিম্বাশয় থেকে

15. আরশোলার শ্বাসযন্ত্র হল:
(a) চর্ম (b) ট্রাকিয়া (c) ফুলকা (d) ফুসফুস

16. লেবুতে কোন অ্যাসিড থাকে?
(a) ইউরিক অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) ফরমিক অ্যাসিড (d) ল্যাকটিক অ্যাসিড

17. গতিশীল বস্তুর সমবেগে সরলরেখা বরাবর চলার ধর্মকে বলে:
(a) গমন (b) চলন (c) গতিজাড্য (d) ঘূর্ণন

18. উড়োজাহাজের আবিষ্কারক হলেন:
(a) অরভিল রাইট (b) অ্যাভোগাড্রো (c) আইনস্টাইন (d) কোপারনিকাস

19. কোনও দোলন ঘড়িকে ভূপৃষ্ঠ থেকে চাঁদে নিয়ে গেলে ঘড়িটি:
(a) স্লো হয়ে যাবে (b) ফাস্ট হয়ে যাবে (c) একই সময় থাকবে (d) বন্ধ হয়ে যাবে

20. ডাক্তারি স্টেথোস্কোপে জোরে শব্দ শোনার কারণ হল:
(a) শব্দের উপরিপাতন (b) গঠনমূলক ব্যতিচার (c) শব্দের উপরিপাতন নীতি (d) শব্দের প্রতিফলন

21. ব্লটিং কাগজের কালি শোষণ করার কারণ হল:
(a) কালির সান্দ্রতা (b) ক্যাপিলারি ক্রিয়ার জন্য (c) ব্লটিং কাগজের মধ্য দিয়ে কালির ব্যাপন (d) সাইফন ক্রিয়া

22. সূর্যগ্রহণের সময় সূর্যের কোন অংশটি দেখা যায়?
(a) করোনা (b) ক্রোমোস্ফিয়ার (c) আলোকমণ্ডল বা ফটোস্ফিয়ার (d) কোনওটিই নয়

23. নীচের তরলগুলির মধ্যে কোনটি সর্বাধিক তাপের পরিবাহী?
(a) জল (b) পারদ (c) ইথার (d) অ্যালকোহল

24. গৃহস্থালীতে ব্যবহৃত ফ্রিজে সাধারণত ব্যবহার করা হয়:
(a) নিয়ন (b) ফ্রিয়ন (c) স্পিরিট (d) কোনওটিই নয়

25. নীচের ধাতুগুলির মধ্যে কোনটি সর্বোৎকৃষ্ট তড়িৎ সুপরিবাহী?
(a) তামা (b) অ্যালুমিনিয়াম (c) রুপো (d) লোহা

26. তড়িৎচুম্বক হিসেবে সাধারণত কোন ধাতুটি ব্যবহার করা হয়?
(a) তামা (b) লোহা (c) নিকেল (d) কোবাল্ট

27. সূর্যের শক্তির উৎস হল:
(a) ইউরেনিয়াম বিভাজন (b) হিলিয়াম সংযোজন (c) হাইড্রোজেন সংযোজন (d) গ্যাসের দহন

28. সম্পূর্ণ অন্ধকার ঘরে কোনও কাচকে গরম করলে:
(a) সাদা দেখায় (b) কালো দেখায় (c) সবুজ দেখায় (d) হলুদ দেখায়

29. সৌরজগতের কোন গ্রহের আকর্ষণ-ক্ষমতা সবচেয়ে বেশি?
(a) প্লুটো (b) শনি (c) পৃথিবী (d) বৃহস্পতি

30. বায়ুমণ্ডলের যে স্তরে আমরা বাস করি তার নাম হল:
(a) শান্তমণ্ডল (b) আয়নমণ্ডল (c) ওজোনমণ্ডল (d) ক্ষুব্ধমণ্ডল

31. একটি আবদ্ধ পাত্রে কোন আদর্শ গ্যাসের আয়তন এবং তাপমাত্রা (K) দ্বিগুণ করা হলে ওই গ্যাসের চাপ:
(a) অপরিবর্তিত থাকবে (b) দ্বিগুণ হবে (c) এক-চতুর্থাংশ হবে (d) চারগুণ হবে

32. আগা খাঁ কাপ কোন খেলার সঙ্গে প্রদত্ত হয়?
(a) বিলিয়ার্ড (b) বক্সিং (c) হকি (d) ঘোড়দৌড়

33. ইস্কাইলাস ছিলেন একজন:
(a) রোমান কবি (b) ইতালীয় কবি (c) গ্রিক কবি (d) রুশ কবি

34. কোন ভারতীয় টেনিস খেলোয়াড়ের পিতা প্রাক্তন অলিম্পিক হকি খেলোয়াড় এবং মা প্রখ্যাত বাসকেট বল খেলোয়াড়?
(a) মহেশ ভূপতি (b) লিয়েন্ডার পেজ (c) রমেশ কৃষ্ণান (d) সানিয়া মির্জা

35. রবীন্দ্রনাথের 'তাসের দেশ' কোন ধরনের রচনা?
(a) নৃত্যনাট্য (b) ছোটগল্প (c) উপন্যাস (d) গীতিকবিতা

36. 'দুঃসময়' নাটক এক প্রখ্যাত রাজনীতিবিদের রচনা। ইনি কে?
(a) সোমনাথ চট্টোপাধ্যায় (b) অনিল বিশ্বাস (c) বুদ্ধদেব ভট্টাচার্য (d) প্রিয়রঞ্জন দাসমুন্সী

37. নীচের বইগুলির মধ্যে কোনটি কালিদাসের রচনা নয়?
(a) ঋতুসংহার (b) দশকুমারচরিত (c) মালবিকাগ্নিমিত্র (d) রঘুবংশ

38. বিখ্যাত দেশাত্মবোধক সংগীত 'মুক্তির মন্দির সোপানতলে'-র গীতিকার কে?
(a) গৌরীপ্রসন্ন মজুমদার (b) শৈলেন রায় (c) মোহিনী চৌধুরী (d) কাজী নজরুল ইসলাম

39. নীচের স্তন্যপায়ীদের মধ্যে কোনটি সর্বাপেক্ষা বুদ্ধিমান?
(a) বানর (b) হাতি (c) ডলফিন (d) গরিলা

40. 'মোহিনীঅট্টম' নৃত্য কোন রাজ্যের?
(a) কেরল (b) পাঞ্জাব (c) কর্নাটক (d) তামিলনাড়ু

41. কোন ধাতু নিষ্কাশনে সায়ানাইড পদ্ধতি ব্যবহৃত হয়?
(a) তামা (b) রুপো (c) দস্তা (d) লোহা

42. কোন পাক পরমাণু বিজ্ঞানী বিদেশে পারমাণবিক সামগ্রী পাচারের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) আব্দুল কাদের খান (b) সুজাত হোসেন (c) শৌকত আজিজ (d) আফারুল্লা খান জামালি

43. ফাদার ব্রাউন হলেন একজন:
(a) পণ্ডিত (b) বৈজ্ঞানিক (c) গোয়েন্দা (d) সাধু

44. বাংলায় মিলটনের ধাঁচ অনুসরণ কে করেছিলেন?
(a) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (b) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (c) মাইকেল মধুসূদন দত্ত (d) নবীনচন্দ্র সেন

45. গরশকভ হল:
(a) একটি ক্ষেপণাস্ত্র (b) একটি উপগ্রহ (c) একটি সুপার কম্পিউটার (d) যুদ্ধবিমান বহনকারী জাহাজ

46. কোন ধরনের আঞ্চলিক নাটকের সৃষ্টি করে একজন পুরোহিত সমাজচ্যুত হন?
(a) যাত্রা (b) আঙ্কিয় নাট (c) তামাশা (d) ভাবাই

47. পাকিস্তানের তেহরিক-ই-ইনসাফ পার্টির নেতা কে?
(a) বেনজির ভুট্টো (b) ইমরান খান (c) নওয়াজ শরিফ (d) তারিক আজিজ

48. 'কালকূট' ছদ্মনামে পরিচিত:
(a) রাজশেখর বসু (b) সমরেশ বসু (c) জয়দেব বসু (d) সমরেশ মজুমদার

49. 'সুফিয়ানা কলাম' এক ধরনের ভক্তিগীতি। এটি ভারতের কোন রাজ্যে সবচেয়ে বেশি পাওয়া যায়?
(a) উত্তরপ্রদেশ (b) পাঞ্জাব (c) কাশ্মীর (d) বিহার

50. ওস্তাদ বড়ে গোলাম আলি খান কোন ঘরানার প্রতিনিধি ছিলেন?
(a) সোনি (b) পাতিয়ালা (c) বিষ্ণুপুর (d) গোয়ালিয়র

51. ভোটে একজন প্রার্থী 62% ভোট পেয়ে 144 ভোটে জিতেছে। মোট ভোটদাতার সংখ্যা কত?
(a) 800 (b) 1200 (c) 600 (d) 760

52. রামবাবু তার আয়ের 15% ব্যাঙ্কে জমা দেন। অবশিষ্টাংশের 30% ব্যয় করেন। তারপর তার হাতে 2,380 টাকা থাকে। তার আয় কত টাকা?
(a) 2,300 (b) 4,000 (c) 2,600 (d) 2,625

53. এক ব্যক্তি মেশিন বাবদ 40%, বাড়ি বাবদ 25%, কাঁচামাল বাবদ 15%, আসবাবপত্র বাবদ 5% খরচ করলেও ওই ব্যক্তির কাছে 1,305 টাকা থাকে। তার কাছে মোট কত টাকা ছিল?
(a) 1,390 (b) 7,225 (c) 8,700 (d) 6,500

54. কোনও গ্রামের লোকসংখ্যা বছরে 4% বাড়ে কিন্তু মৃত্যুতে $\frac{1}{2}$ % জনসংখ্যা কমে যায়। 3 বছরে লোকসংখ্যা কত শতাংশ বাড়বে?
(a) 11 (b) 10.8 (c) 12.9 (d) 12

*এরপর চোদ্দোর পাতায়*

## ২৫৫০ মহিলা কনস্টেবল

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

88(c): Tirupati — Andhra Pradesh — India— World — Universe.

89(b): snow বা বরফের রং সাদা বা white, আবার white বলতে orange-কে বোঝায়।

90(d): pencil-এর মধ্যে lead বা সীসা থাকে, আবার lead বলতে silver-কে বোঝায়।

91(b): 1725 ছাড়া প্রতিটি সংখ্যাই 4 দ্বারা বিভাজ্য।

92(a): Cyclotron ছাড়া বাকিগুলি সবই Computer-এর Programme Language.

93(c): 5c 20a 4b 2d 10 = 5 + 20 ÷ 4 × 2 – 10 = 5 + 10 – 10 = 5.

94(d): 27 + 3 – 3 × 11 ÷ 8, 27 ÷ 3 × 3 + 11 – 8 = 27 + 11 – 8 = 30.

95(c): ওপরের ছবি থেকে বোঝা যায় যে 2-এর বিপরীতে 3, 4, 1, 4, 6 থাকবে না অতএব, 2-এর বিপরীতে 5 থাকবে।

97(c): Pen এবং Pencil দুটোই এক একটি Stationary goods

কিন্তু Pen ও Pencil দুটোই আলাদা শ্রেণির




98(d): কারণ: (5 × 3) + 4 =19, (7 × 5) + 4 = 41, (6 × 4) + 4 = 29.

99(b): কারণ: $6^2 + 4 = 40, 3^2 + 3 = 12, 7^2 + 2 = 51.$

100(c): $(5)^2 + 1 = 125 + 1 = 126, (6)^3 + 1 = 216 + 1 = 217.$

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

তেরোর পাতার পর

55. 2, 3, ও 7 দ্বারা গঠিত তিন অঙ্কের সংখ্যাগুলির যোগফল কত?
(a) 2222 (b) 2220 (c) 5220 (d) 2350
56. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 38 এবং 4 হলে, সংখ্যাদু'টির গুণফল কত?
(a) 537 (b) 375 (c) 357 (d) 753
57. প্রথম 20টি 7-এর গুণিতকের গড় কত?
(a) 70 (b) 73.5 (c) 72.5 (d) 75
58. যদি 8*357 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হয়, তবে লুপ্ত অঙ্কটি (*) কত হবে?
(a) 4 (b) 1 (c) 3 (d) 2
59. 225 ও 226 এর বর্গের পার্থক্য কত?
(a) 451 (b) 51 (c) 1 (d) কোনওটিই নয়
60. 512-কে কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 2 (b) 8 (c) 1 (d) 4
61. 100 + 50 × 2 = ?
(a) 75 (b) 150 (c) 200 (d) 300
62. (3080 + 6160) ÷ 28 = ?
(a) 330 (b) 440 (c) 3320 (d) 3350
63. $1+\frac{1}{2}+\frac{1}{4}+\frac{1}{8}=?$
(a) $\frac{15}{8}$ (b) $\frac{7}{8}$ (c) $\frac{3}{8}$ (d) $\frac{14}{8}$
64. কোনটি বৃহত্তম?
(a) $\frac{5}{6}$ (b) $\frac{3}{4}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{6}{7}$
65. একজন ক্রিকেটারের 9টি ইনিংসের গড় রান 49। দশম ইনিংসে কত রান করলে 10টি ইনিংসের গড় রান হবে 50?
(a) 51 (b) 55 (c) 59 (d) 60
66. একটি শ্রেণির 24 জন ছাত্রের মধ্য থেকে 10 বছরের একজন ছাত্র চলে যাওয়ায় এবং ওই স্থানে একজন নতুন ছাত্র ভর্তি হওয়ায় ছাত্রদের গড় বয়স পূর্বের তুলনায় 2 মাস বৃদ্ধি পায়। নতুন ভর্তি হওয়া ছাত্রের বয়স কত?
(a) 20 বছর (b) 18 বছর (c) 16 বছর (d) 14 বছর
67. দু'টি সংখ্যার অনুপাত 4 : 5 এবং তাদের গ.সা.গু. 5। সংখ্যাদু'টির সমষ্টি কত?
(a) 45 (b) 36 (c) 65 (d) 27
68. 3, 9, 12-এর চতুর্থ সমানুপাতী কত?
(a) 36 (b) 18 (c) 6 (d) 4
69. A-এর 30% = B-এর 0.25 = C -এর $\frac{1}{5}$ হলে, A : B : C = ?
(a) 3 : 6 : 5 (b) 6 : 3 : 5 (c) 3 : 5 : 6 (d) কোনওটিই নয়
70. এক টাকায় 12টি লজেন্স বিক্রয় করায় 4% ক্ষতি হয়। একই লজেন্স টাকায় ক'টি বিক্রয় করলে 44% লাভ হবে?
(a) 8টি (b) 7টি (c) 6টি (d) 9টি
71. একটি চৌবাচ্চা A নল দিয়ে 20 মিনিটে পূর্ণ হয় এবং অপর নল দিয়ে 30 মিনিটে খালি হয়। দু'টি নল একসঙ্গে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ হয়?
(a) 90 মিনিটে (b) 60 মিনিটে (c) 30 মিনিটে (d) 20 মিনিটে
72. যদি একটি নল দ্বারা কোনও চৌবাচ্চার $\frac{3}{5}$ অংশ পূর্ণ করতে 21 মিনিট সময় লাগে তবে 15 মিনিটে চৌবাচ্চার কত অংশ পূর্ণ হবে?
(a) $\frac{2}{7}$ অংশ (b) $\frac{5}{7}$ অংশ (c) $\frac{3}{7}$ অংশ (d) $\frac{7}{3}$ অংশ
73. 5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর গড় বয়স ছিল 23 বছর। বর্তমানে স্বামী, স্ত্রী ও একমাত্র সন্তানের গড় বয়স 20 বছর। সন্তানের বর্তমান বয়স কত?
(a) 1 বছর (b) 2 বছর (c) 3 বছর (d) 4 বছর
74. A, B-এর 4 গুণ কর্মক্ষম। যে কাজ B একা 20 দিনে করতে পারে, সেই কাজটি দু'জনে একত্রে কতদিনে শেষ করতে পারবে?
(a) 4 দিনে (b) 5 দিনে (c) 6 দিনে (d) 8 দিনে
75. কোনও বহুভুজের অন্তঃকোণগুলির সমষ্টি 1620°। বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 10 (b) 11 (c) 12 (d) 15
76. যদি 'রাম ভালো ছেলে'র সংকেত 123, 'শ্যাম ভালো জানে'র সংকেত 145 এবং 'রাম শ্যাম বন্ধু'-র সংকেত 356 হয়, তবে 'বন্ধু'র সংকেত কী হবে?
(a) 3 (b) 5 (c) 6 (d) 1
77. যদি গাছকে বলা হয় সবুজ, সবুজকে বলা হয় বৃষ্টি, বৃষ্টিকে বলা হয় জল, জলকে বলা হয় বাতাস, বাতাসকে বলা হয় নীল, তাহলে মাছ কোথায় সাঁতার কাটে?
(a) বৃষ্টিতে (b) বাতাসে (c) জলে (d) নীলে
78. যদি CAT = 356, COW = 398, DOG = 490 এবং RAT = 256 হয়, তাহলে FOX = ?
(a) 701 (b) 107 (c) 791 (d) 193
79. ফিলিপস : হল্যান্ড : : নোকিয়া : ?
(a) সুইডেন (b) জাপান (c) চিন (d) ফিনল্যান্ড
80. নীচের শব্দগুলির মধ্যে কোন দু'টি পরস্পর সদৃশ?
শিক্ষক, পুস্তক, কলম, পেনসিল
(a) কলম, পেনসিল (b) কলম, পুস্তক (c) শিক্ষক, পুস্তক (d) শিক্ষক, পেনসিল
81. কোনও পরীক্ষায় রাজ মতির থেকে বেশি নম্বর পায় কিন্তু মীনার মতো নয়। মীনা, গণেশ ও রুপালির থেকে বেশি পায়। গণেশের নম্বর মতির থেকে কম কিন্তু তার নম্বর এদের মধ্যে সবচেয়ে কম নয়। নম্বরগুলিকে নিম্নমুখে সাজানো হলে দ্বিতীয় স্থানে কে?
(a) মীনা (b) রুপালি (c) রাজ (d) কেউই নয়
82. ঘড়িতে 4 : 40 বাজে। যদি আয়নার মধ্য দিয়ে দেখা হয়, তাহলে ক'টা বেজেছে বলে মনে হবে?
(a) 3 : 20 (b) 7 : 20 (c) 7 : 40 (d) 8 : 10
83. যদি কোনও এক বছর 17 জানুয়ারি সোমবার হয়, তাহলে সেই বছর 19 জুন কী বার হবে? (ফেব্রুয়ারি মাসে 28 দিন ছিল)
(a) রবিবার (b) সোমবার (c) মঙ্গলবার (d) বুধবার
84. নীচের শব্দগুলিকে যদি দেয়ালের উল্টোদিকে থাকা কোনও আয়নার মধ্য দিয়ে দেখা যায়, তাহলে কোনটির কোনওরূপ পরিবর্তন হবে না?
(a) BOOK (b) TOOT (c) NOON (d) MOON
85. REVOLUTION শব্দটির বর্ণগুলির সাহায্যে নীচের শব্দগুলির কোনটি তৈরি করা যাবে না?
(a) REVOLT (b) TRAIL (c) VOCATION (d) VOLUNTARY
86. 'BRAKE' শব্দটির অক্ষরগুলি বর্ণানুক্রমে সাজালে কতগুলি অক্ষরের স্থান অপরিবর্তিত থাকবে?
(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি
87. একটি দম্পতির 7 জন কন্যা ও প্রতিটি কন্যার একটি ভাই ছিল। তবে সেই পরিবারের সদস্যসংখ্যা কত?
(a) 15 (b) 16 (c) 10 (d) 9
88. ইংরেজি অভিধান (Dictionary) অনুযায়ী অর্থাৎ Alphabetically নীচের শব্দগুলিকে সাজালে সঠিক ক্রম (Order) কী হবে?
1. Packet 2. Pacifist 3. Pacific (c) Paddle (d) Package
(a) 3, 2, 4, 1, 5 (b) 3, 2, 5, 1, 4 (c) 2, 3, 5, 1, 4 (d) 2, 3, 4, 1, 5
89. B-এর বয়স A-এর দ্বিগুণ, কিন্তু F-এর তুলনায় দ্বিগুণ কম। C-এর বয়স A-এর বয়সের অর্ধেক, কিন্তু D-এর বয়সের দ্বিগুণ। কে বয়সে সবচেয়ে ছোট?
(a) F (b) A (c) C (d) D
90. অপরিহার্য শব্দটি সন্ধান করুন:
সব পয়সাতেই আছে:
(a) চাকচিক্য (b) তামা (c) বিপদ (d) মূল্য
91. A, B, C তিনজন ব্যক্তির মধ্যে একজন সত্যবাদী, একজন মিথ্যাবাদী এবং অপরজন মধ্যবাদী— সে কখনও সত্য কখনও মিথ্যা কথা বলে। B-এর চরিত্র সম্পর্কে প্রশ্ন করা হলে তিনজনের কাছ থেকে তিনরকম উত্তর পাওয়া গেল। A-এর মতে B সত্যবাদী, C-এর মতে B মিথ্যাবাদী এবং B-এর মতে সে মধ্যবাদী।
(a) A মিথ্যাবাদী (b) B মিথ্যাবাদী (c) C মিথ্যাবাদী (d) কোনওটিই যুক্তিসঙ্গত নয়
92. উপযুক্ত বর্ণ বসিয়ে শূন্যস্থান পূরণ করুন।
bb — cd —– bbcc — db — c — dd.
(a) cdbdbc (b) cdbbdc (c) cdcbbd (d) cddbcc
93. যদি + এর প্রতীক P হয়, × প্রতীক R হয়, –-এর প্রতীক S হয় এবং ÷ -এর প্রতীক T হয়, তবে 5R9P7S9T3P6-এর মান হবে:
(a) 55 (b) 54 (c) 39 (d) 128
94. একটি সারিতে নেহার অবস্থান বাঁদিক থেকে দ্বাদশ ও ডানদিক থেকে ত্রয়োদশ। সারিতে মোট মেয়ের সংখ্যা:
(a) 22 (b) 23 (c) 24 (d) 25
95. নীচের ছক্কার 4-এর বিপরীতে কোন সংখ্যাটি বসবে?




(a) 2 (b) 1 (c) 6 (d) 5
96. প্রদত্ত চিত্রে কতগুলি বর্গক্ষেত্র আছে?



(a) 16 (b) 17 (c) 18 (d) 19

97.

| | | |
|---|---|---|
| 2 | 1 | 2 |
| 21 | 22 | ? |
| 1 | 2 | 5 |
| 20 | 23 | 43 |

(a) 40 (b) 48 (c) 50 (d) 36

98.




(a) 127 (b) 31 (c) 217 (d) 328

99.




(a) 83 (b) 84 (c) 82 (d) 81

100.




(a) 75 (b) 26 (c) 25 (d) 20

### উত্তর

1(d), 2(d), 3(d), 4(a), 5(d), 6(c), 7(b), 8(a), 9(b), 10(c), 11(c), 12(d), 13(d), 14(d), 15(b), 16(b), 17(c), 18(a), 19(c), 20(d), 21(b), 22(a), 23(b), 24(b), 25(c), 26(b), 27(c), 28(c), 29(d), 30(d), 31(a), 32(c), 33(c), 34(b), 35(a), 36(c), 37(b), 38(c), 39(c), 40(a), 41(b), 42(a), 43(c), 44(c), 45(d), 46(c), 47(b), 48(b), 49(c), 50(b), 51(c), 52(b), 53(c), 54(b), 55(b), 56(b), 57(b), 58(d), 59(a), 60(a), 61(c), 62(a), 63(a), 64(d), 65(c), 66(d), 67(a), 68(a), 69(d), 70(a), 71(b), 72(c), 73(d), 74(a), 75(b), 76(c), 77(b), 78(c), 79(d), 80(a), 81(c), 82(b), 83(a), 84(b), 85(c), 86(a), 87(c), 88(b), 89(d), 90(d), 91(d), 92(a), 93(a), 94(c), 95(c), 96(d), 97(a), 98(c), 99(a), 100(b).

### সমাধান

51(c): পরাজিত প্রার্থী (100 – 62)% বা 38%
তাহলে, 62% – 38% = 144 বা, 24% = 144
$\therefore 100\% = \frac{144\times100}{24}$ বা, 600 জন।
52(b): মনে করি, রামবাবু'র আয় x টাকা
তিনি ব্যাঙ্কে জমা দেন $\frac{15x}{100}$ টাকা
ব্যাঙ্কে জমা দেওয়ার পর তার থাকে $x-\frac{15x}{100}$ টাকা বা, $\frac{85x}{100}$ টাকা
তাহলে তিনি ব্যয় করেন $\frac{85x}{100}\times\frac{30}{100}$ বা, $\frac{51x}{200}$ টাকা
শর্তানুসারে, $x-\frac{15x}{100}-\frac{51x}{200}=2380$
বা, $\frac{200x-30x-51x}{200}=2380$ বা, $119x = 2380 \times 200$
বা, $x=\frac{2380\times200}{119}=4000$ টাকা $\therefore$ রামবাবুর মোট আয় = 4000 টাকা।
53(c): মনে করি, ওই ব্যক্তির কাছে x টাকা ছিল
তিনি খরচ করেন মোট (40 + 25 + 15 + 5)% বা, 85%
শর্তানুসারে, $x-\left(\frac{85}{100}\right)x=1305$
বা, $\frac{15x}{100}=1305$ বা, $\frac{1305\times100}{15}=8700$ টাকা।
54(b): প্রতি বছরে জনসংখ্যা বাড়ে $\left(4-\frac{1}{2}-\frac{4\times\frac{1}{2}}{100}\right)\%$ বা, 3.48%
মনে করি, মোট জনসংখ্যা 100
তাহলে, 3 বছরের শেষে জনসংখ্যা $100\left(1+\frac{3.48}{100}\right)^3$ বা, 110.8
$\therefore$ 3 বছরে জনসংখ্যা বাড়বে (110.8 – 100)% বা, 10.8%.
55(b): নির্ণেয় যোগফল = (2 + 3 + 5) × 222 = 10 × 222 = 2220.
56(b): সংখ্যাদু'টির নির্ণেয় গুণফল = (যোগফল + বিয়োগফল) (যোগফল – বিয়োগফল) = [(38 + 4) (38 – 4) ÷ 4 = [42 × 34] ÷ 4 = 21 × 17 = 357.
57(b): পরপর বা সমপার্থক্যযুক্ত সংখ্যাসারির গড় = [প্রথম সংখ্যা + শেষ সংখ্যা] ÷ 2
7-এর প্রথম গুণিতক = 7 ও 20তম গুণিতক = 7 × 20 বা, 140
$\therefore$ নির্ণেয় গড় $=\frac{7+140}{2}=73.5.$
58(d): 11 দ্বারা বিভাজ্যতার নিয়ম হল সংখ্যাটির বিজোড় ঘরের অঙ্কগুলির যোগফল, জোড় ঘরের অঙ্কগুলির যোগফলের সমান হবে বা তাদের পার্থক্য 11 দিয়ে বিভাজ্য হবে।
সুতরাং, (7 + 3 + 8) – (5 + *) = 11 বা, * = 2.
59(a): $(226)^2 - (225)^2 = (226 + 225)(226 - 225) = 451.$
60(a): 512 = 2 × 256 = 2 × 16 × 16
512 কে ক্ষুদ্রতম সংখ্যা 2 দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।
61(c): 100 + 50 × 2 = 100 + 100 = 200.
62(a): (3080 + 6160) ÷ 28 = 9240 ÷ 28 = 330.
63(a): $1+\frac{1}{2}+\frac{1}{4}+\frac{1}{8}=\frac{8+4+2+1}{8}=\frac{15}{8}.$
64(d): লব ও হরের পার্থক্য প্রতিক্ষেত্রে সমান হওয়ায় বৃহত্তম ভগ্নাংশ = বৃহত্তম লবযুক্ত ভগ্নাংশ $=\frac{6}{7}$
65(c): দশম ইনিংসে রান করতে হবে = 50 × 10 – 49 × 9 = 500 – 441 = 59.
66(d): নতুন ছাত্রের বয়স = 10 বছর + (24 × 2) মাস = 14 বছর।
67(a): দু'টি সংখ্যার সমষ্টি = সংখ্যাদু'টির অনুপাতের পদগুলির যোগফল × গ.সা.গু. = (4 + 5) × 5 = 9 × 5 = 45.
68(a): চতুর্থ সমানুপাতিটি x ধরা হলে, 3 : 9 = 12 : x
বা, $x=\frac{12\times9}{3}=36.$
69(d): A-এর 30% = B-এর 0.25 = C-এর $\frac{1}{5}$
বা, A এর $\frac{3}{10}$ = B -এর $\frac{1}{4}$ = C এর $\frac{1}{5}$
$A:B:C=\frac{10}{3}:\frac{4}{1}:\frac{5}{1}=(10\times1):(4\times3):(5\times3)=10:12:15.$
70(a): নির্ণেয় লজেন্স সংখ্যা $\left(\frac{100-4}{100+44}\right)\times12=\frac{96}{144}\times12=8$টি।
71(b): চৌবাচ্চাটি পূর্ণ হয় $=\frac{30\times20}{30-20}=60$ মিনিটে।
72(c): নির্ণেয় অংশ x হলে, $\frac{15}{x}=\frac{21}{3/5}$ বা, $x=15\times\frac{5}{21}=\frac{3}{7}$ অংশ।

এরপর সমাধান আগামী সংখ্যায়

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এয়ারফোর্সে ১৪৫ গ্রুপ 'সি'

প্রথম পাতার পর

(সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 4 Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208 008.

বেস রিপেয়ার ডিপো, কোয়েম্বাটোর: এ সি মেকানিক: ১টি (সাধারণ)। পেইন্টার: ১টি (তফসিলি জাতি)। কার্পেন্টার: ১টি (তফসিলি জাতি)। কুক: ১টি (ও বি সি)। মেস স্টাফ: ১টি (সাধারণ)। মাল্টি টাস্কিং স্টাফ: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। হাউস কিপিং স্টাফ: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Sulur, Coimbatore, Tamilnadu-641 401.

বেস রিপেয়ার ডিপো, তুঘলকাবাদ: লোয়ার ডিভিশন ক্লার্ক: ১টি (সাধারণ)। কুক: ১টি (সাধারণ)। মাল্টি টাস্কিং স্টাফ: ১টি (ও বি সি)। হাউস কিপিং স্টাফ: ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Tughlakabad, PO: Pushpa Bhawan, New Delhi-110 062.

বেস রিপেয়ার ডিপো, চেন্নাই: কপার-স্মিথ অ্যান্ড শিট মেটাল ওয়ার্কার: ১টি (প্রাক্তন সমরকর্মী)। মাল্টি টাস্কিং স্টাফ: ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Base Repair Depot, Air Force Station, Avadi, Chennai-600 055.

বেস রিপেয়ার ডিপো, পুনে: লোয়ার ডিভিশন ক্লার্ক: ১টি (ও বি সি)। মাল্টি টাস্কিং স্টাফ: ২টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force, Chandan Nagar, Opp 'D' Mello Petrol Pump Nagar Road, Pune-411 014.

বেস রিপেয়ার ডিপো, নাসিক: কুক: ৩টি (সাধারণ)। মাল্টি টাস্কিং স্টাফ: ১টি (তফসিলি জাতি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Ojhar, Nasik-422 221 (MH).

এয়ারফোর্স স্টেশন, নজফগড়: মেস স্টাফ: ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Air Force Station, Bani Camp, Najafgarh, New Delhi-110 043.

বেস রিপেয়ার ডিপো, নিউ দিল্লি: কুক: ১টি (তফসিলি উপজাতি)। মাল্টি টাস্কিং স্টাফ: ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। হাউস কিপিং স্টাফ: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Palam, New Pinto Park, New Delhi-110 010.

বেস রিপেয়ার ডিপো, পালাম দিল্লি ক্যান্টনমেন্ট: টেলর: ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Base Repair Depot, Air Force, Opposite Sekhon Vihar, Palam Delhi Cantt-110 010.

ইকুইপমেন্ট ডিপো, চেন্নাই: লোয়ার ডিভিশন ক্লার্ক: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ফায়ারম্যান: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। লস্কর/ল্যান: ১টি (সাধারণ)। মেস স্টাফ: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মাল্টি টাস্কিং স্টাফ: ১৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, ও বি সি ৪, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station Avadi, IAF (Post), Chennai-600 055.

ইকুইপমেন্ট ডিপো, নাসিক: কুক: ২টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। মাল্টি টাস্কিং স্টাফ: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। হাউস কিপিং স্টাফ: ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station, Devlali (South)-422 501, Dist-Nasik.

ইকুইপমেন্ট ডিপো, ব্যাঙ্গালোর: মাল্টি টাস্কিং স্টাফ: ৪১টি (সাধারণ ২০, তফসিলি উপজাতি ১, ও বি সি ১২, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৭)। হাউস কিপিং স্টাফ: ৩টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Vimanpura PO Opp HAL Helicopter Division, Bangalore-560 017.

ইকুইপমেন্ট ডিপো, এয়ারফোর্স পালাম: মাল্টি টাস্কিং স্টাফ: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Equipment Depot, Air Force Palam, New Delhi-110 010.

ইকুইপমেন্ট ডিপো, বেতুল: হাউস কিপিং স্টাফ: ২টি (ও বি সি ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Amla Depot (PO), Dist-Betul, MP-460 553.

এয়ারফোর্স স্টেশন, কানপুর: পেইন্টার: ১টি (সাধারণ)। কার্পেন্টার: ১টি (সাধারণ)। মাল্টি টাস্কিং স্টাফ: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, প্রাক্তন সমরকর্মী ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Upaskar Depot, Air Force Station Chakeri, Kanpur, PIN-208 008.

এয়ারফোর্স এয়ার স্টোর্স পার্ক, গুরগাঁও: মাল্টি টাস্কিং স্টাফ: ১টি (সাধারণ)। মেস স্টাফ: ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Air Stores Park, Air Force Station, Gurgaon, Haryana-122 005.

মুভমেন্ট কন্ট্রোল ইউনিট, পালাম: মাল্টি টাস্কিং স্টাফ: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, প্রাক্তন সমরকর্মী ১)। হাউস কিপিং স্টাফ: ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Movement Control Unit, Air Force Station, Palam, New Delhi-110 010.

পি অ্যান্ড এস ইউনিট, কানপুর: লস্কর/ল্যান: ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 4 P & S Unit, N-2 Road, Harjinder Nagar, Kanpur-208 007.

শিক্ষাগত যোগ্যতা: ড্রাফটসম্যান গ্রেড-টু পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মেকানিক্যাল ড্রয়িং, সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ড্রাফটসম্যানশিপ (মেকানিক্যাল বা সিভিল)— যে-কোনও একটি বিষয়ে ২ বছরের ডিপ্লোমা। পাশাপাশি, কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

লোয়ার ডিভিশন ক্লার্ক ও হিন্দি টাইপিস্ট পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ এবং হিন্দি টাইপিস্টের ক্ষেত্রে হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

কপার-স্মিথ অ্যান্ড শিট মেটাল ওয়ার্কার পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ওয়ার্কশপ ফিটার ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে।

কার্পেন্টার ও পেইন্টার পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। কার্পেন্টার পদে আবেদনের জন্য প্রাক্তন সমরকর্মীদের কার্পেন্টার রিগার ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে।

এ সি মেকানিক পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে এয়ারক্রাফট মেকানিক ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে এয়ার ফ্রেম ফিটার ট্রেডে সার্টিফিকেট-সহ ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ইনস্ট্রুমেন্ট রিপেয়ারার পদের ক্ষেত্রে মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট টেকনিক্যাল ট্রেডে সার্টিফিকেট থাকলেও আবেদন করা যাবে।

টেলর পদের ক্ষেত্রে মাধ্যমিক পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

কুক পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৬ মাসের অভিজ্ঞতা।

লস্কর/ল্যান পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা।

মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। ওয়াচম্যান বা লস্কর বা গার্ডেনার বা জেসটেটনের অপারেটর হিসেবে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

মেস স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ওয়েটার বা ওয়াশার-আপ হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

হাউস কিপিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল।

ফায়ারম্যান পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফায়ার ফাইটিং ট্রেনিং নিয়ে থাকতে হবে।

দৈহিক মাপজোক: শুধুমাত্র ফায়ারম্যান পদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ ও ৮৫ সেমি। ওজন অন্তত ৫০ কেজি হতে হবে।

বয়স: ৫-৫-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। শুধুমাত্র ফায়ারম্যান পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ড্রাফটসম্যান গ্রেড-টু পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা, লস্কর/ল্যান, মেস স্টাফ, মাল্টি টাস্কিং স্টাফ ও হাউস কিপিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা এবং বাকি সবক'টি পদের ক্ষেত্রে ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। এ ছাড়া লোয়ার ডিভিশন ক্লার্ক ও হিন্দি টাইপিস্ট পদের ক্ষেত্রে স্কিল টেস্ট এবং ফায়ারম্যান পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপটিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস। ফায়ারম্যান পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬৩.৫ কেজি ওজনের কোনও মানুষকে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার বয়ে নিয়ে যাওয়া, দু'পায়ে লাফিয়ে ২.৭ মিটারের পরিখা অতিক্রম (লং জাম্প) ও হাত-পায়ের সাহায্যে দড়ি ধরে ৩ মিটার ওঠা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোদু'টি দরখাস্ত ও অ্যাকনলেজমেন্ট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট বা ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓নিজের নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটানো একটি খাম।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ____ AND CATEGORY ____'. শূন্যস্থান যথাযথভাবে পূরণ করবেন। ৫ মে-র মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে যে-ইউনিটের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়।

দরখাস্তের বয়ান:

### PROFORMA FOR APPLICATION

APPLICATION FOR THE POST OF ......... in........... Unit

Paste a Self attested Photograph

1. Post applied for: ........................................................
2. Name of the Candidate: ........................................................
   (In Block letters)
3. Father's Name: ........................................................
4. Date of Birth: ................... / ...................... / ...................
   (attach copy of Birth Certificate self attested)
5. Age as on the last date prescribed for receipt of application:
   Years ...................... Months ...................... Days ......................
6. Address for correspondence:
   House No./ Street/ Village ........................................................
   Post Office ........................................ Distt ........................
   State ........................................ PIN Code ........................
7. Permanent Address:-
   House No./ Street/ Village ........................................................
   Post Office ........................................ Distt ........................
   State ........................................ PIN Code ........................
8. Caste: Gen/ OBC / SC/ ST .................... (Attach self attested certifcate in case of SC/ ST/ OBC)
9. Educational Qualification ........................................................
   (attach education certificate self attested)
10. Any other qualification / Experience ........................................
11. Category for which applied:- Gen (UR)/OBC/SC/ST/Ex Serviceman/ Meritorious Sport person/ Physically handicapped ............. (attach self attested copy)
12. Technical Training / Experience : ........................................
13. Domicile ........................................ (attach self attested copy)
14. Whether registered with any Employment Exchange:- Yes/No
    (If yes, mention Registration No. and Name of Employment Exchange
15. I hereby certify that above particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief, if particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

Date: Signature of candidate

**FOR OFFICIAL RECORD ONLY**

1. Received on ........................................................
2. Accepted / Rejected ........................................................
3. Reason for rejection: Underage / Overage / incomplete documents / Any other reason to be specified
4. Index No ........... Date of Test/skill/practical/physical test

**Acknowledgement Card**

Post of ........................................................

Paste a self attested Photograph

(1) Name: ........................................................
(2) Father's Name : ........................................................
(3) Address for correspondence (To be filled same as per Column 6 of application form)
    House No./Street/Village .............. Post Office ..................
    Distt ............... State ..................... Pin Code ..................
(4) Index No. : .......... Date and Time of test / skill / practical/physical test
(5) Venue of Written Test / skill /practical /physical test.

Signature of Controlling Officer

**Annexure to be submitted with the application by Ex-servicemen as per Air HQ / 23049/Policy / PC-3 dated 10 Aug 07**

ANNEXURE-1

**PROFORMA OF CERTIFICATE FOR EMPLOYED OFFICIALS**

I hereby, with the information available, certify that Shri ............. (Name) ...................... (Service Number) .............. (Rank) would complete prescribed period of appointment on .............. (date).

Place: Signature
Dated: Commanding Officer
Official Seal

ANNEXURE - II

**Form of Undertaking to be Given by Candidates Applying for Civil Posts under Ex-Servicemen Category**

1. I understand that, if selected on the basis of the recruitment/examination to which this application relates, my appointment will be subject to my producing documentary evidence to the satisfaction of the appointing authority that I have been duly released/retired/discharged from the Armed Forces and that I am entitled to the benefits admissible to ex-servicemen in terms of the Ex-servicemen (Re-employment in Central Civil Service and Posts), 1979, as amended from time to time.
2. I also understand that I shall not be eligible to be appointed to a vacancy reserved for ex-servicemen in regard to the recruitment covered by this examination, if I have at any time prior to such appointment secured any employment on the civil side (including Public Sector Undertakings, Autonomous bodies / Statutory bodies, National Banks etc.) by availing of concession of reservation of vacancies admissible to Ex-servicemen.

Place Signature of Candidate
Dated:

# সরকারি হাসপাতালে ১০৯৮

প্রথম পাতার পর

বেতনক্রম: ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২১ ও ২২ এপ্রিল।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in অনলাইন দরখাস্ত করা যাবে ১ এপ্রিল থেকে ১০ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় মেডিক্যাল কাউন্সিলের রেজিস্ট্রেশন সার্টিফিকেট আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় লগ ইন আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর আই পি এস)-এ অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে দরখাস্ত পূরণ করতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে। হেলথ রিক্রুটমেন্ট বোর্ডের তরফে জানানো হয়েছে যে, প্রতি মাসের ১ থেকে ১০ তারিখ পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। আগ্রহীরা বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পশ্চিমবঙ্গ পুলিশে ৬১০০

প্রথম পাতার পর

থেকে। দরখাস্ত করা যাবে ৩০ এপ্রিল পর্যন্ত। অফলাইন আবেদনের ক্ষেত্রে ডাকে দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২ মে। অনলাইন দরখাস্তের ক্ষেত্রে চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ মে।

সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে অনলাইন-অফলাইন দরখাস্ত করা যাবে ৬ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের ক্ষেত্রে চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ১০ মে পর্যন্ত।

আবেদন ও ফি-সংক্রান্ত তথ্য এবং অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে আগ্রহীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# এইমসে ২১৭

প্রথম পাতার পর

অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা সার্জারি, এমার্জেন্সি মেডিসিন এবং ইউরোলজি।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সিদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

বেতনক্রম: ৩৭,৪০০-৬৭,০০০ টাকা। অ্যাকাডেমিক গ্রেড পে প্রফেসর পদের ক্ষেত্রে ১০,৫০০ টাকা, অ্যাডিশনাল প্রফেসরের ক্ষেত্রে ৯,৫০০ টাকা এবং অ্যাসোসিয়েট প্রফেসরের ক্ষেত্রে ৯,০০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের ক্ষেত্রে বেতনক্রম ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৮,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ৩,০০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি-সহ বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ভোপাল এইমসে ১৪০

অফিস অ্যাসিস্ট্যান্ট, স্টোরকিপার, রেডিওগ্রাফিক টেকনিশিয়ান, ডায়েটিশিয়ান-সহ বিভিন্ন পদে ১৪০ জন কর্মী নিয়োগ করবে ভোপালের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ হবে 'বি' গ্রুপে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS Bpl/Rectt. Cell/Gr. B/ Non-Faculty/2018/03.

শূন্যপদের বিবরণ: অফিস অ্যাসিস্ট্যান্ট (এন এস): ২৫টি। স্টোরকিপার: ১৪টি। রেডিওগ্রাফিক টেকনিশিয়ান গ্রেড-১: ১৫টি। মেডিক্যাল সোশ্যাল সার্ভিস অফিসার গ্রেড-১: ১০টি। ডায়েটিশিয়ান: ৮টি। প্রাইভেট সেক্রেটারি: ৫টি। সাইকায়াট্রিক সোশ্যাল ওয়ার্কার: ৩টি। মেডিকো সোশ্যাল ওয়ার্কার: ৩টি। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): ৩টি। মেডিক্যাল রেকর্ড অফিসার: ৪টি। সি এস এস ডি টেকনিশিয়ান: ৬টি। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল): ৬টি। পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: ৬টি। ওয়ার্ডেন (হস্টেল ওয়ার্ডেন): ৪টি। জুনিয়র অ্যাকাউন্টস অফিসার (অ্যাকাউন্ট্যান্ট): ৪টি। মাল্টি-রিহ্যাবিলিটেশন ওয়ার্কার (ফিজিওথেরাপিস্ট): ৪টি। টেকনিক্যাল অফিসার (ডেন্টাল)/ ডেন্টাল টেকনিশিয়ান: ৪টি। টেকনিক্যাল অফিসার অপথ্যালমোলজি (রিফ্র্যাকশনিস্ট): ৪টি। লাইব্রেরিয়ান গ্রেড-থ্রি: ৪টি। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল): ৪টি। জুনিয়র ইঞ্জিনিয়ার (এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন): ৪টি। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সিদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsbhopal.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ এপ্রিল।

এই নিয়োগের পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# রাজ্যে সহস্রাধিক অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও লাইব্রেরিয়ান নিয়োগের তোড়জোড়

পুজোর আগেই কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের সরকারি-সাহায্যপ্রাপ্ত ডিগ্রি কলেজ এবং টিচার্স ট্রেনিং কলেজগুলিতে সহস্রাধিক অ্যাসিস্ট্যান্ট প্রফেসর এবং লাইব্রেরিয়ান নিয়োগ করতে চলেছে রাজ্য সরকার।

কলেজ সার্ভিস কমিশন গত ২১ মার্চ একটি নোটিস জারি করে কলেজগুলিতে এই মুহূর্তে কতগুলি শূন্যপদ রয়েছে সেই বিষয়ক তথ্য পেশ করতে বলেছে কলেজগুলিকে। আগামী ৩০ এপ্রিলের মধ্যেই এই প্রক্রিয়া সম্পূর্ণ হবে বলে কমিশন জানিয়েছে। কলেজগুলি থেকে শূন্যপদের তালিকা হাতে পাওয়ার পরই প্রার্থী বাছাই শুরু করা হবে বলে জানানো হয়েছে কমিশনের তরফে।

TECHNO INDIA SALT LAKE
(Main Campus)
EM 4, Sector V, Salt Lake, Helplines : 9836544416 / 17 / 18 / 19

Admission Notice

Applications are invited for admission as per govt. norms at the following courses approved by AICTE / MAKAUT / OTHERS

1) Class XI (Science, Commerce, Arts)
2) Diploma Engineering (3 yrs after Class X)
3) B.Tech (4 yrs.)
4) B.Tech (Lat Entry) (3 yrs. for Dip. Engg. & B.Sc)
5) BCA(H) (3 yrs.)
6) BBA(H)
7) BBA(H) in Hospital Mgmt(3 yrs.)
8) BHM (Hotel Management) (3 yrs.)
9) B.Sc (H) in Media Sc. (3 yrs.)
10) B. Pharma (4 yrs.)
11) D. Pharma (2 yrs. after Class XII)
12) MCA (3 yrs.)
13) MBA (2 yrs.)
14) M.Tech (2 yrs.)
15) M.Sc (Computer Science)
16) Master in Hospital Admin.(2 yrs.)
17) Ph.D (Any Stream)
18) Computer courses (For 10 and 10+2, Graduate Aspriants) : Govt. of India NIELIT O, A-Level, .NET, JAVA, MY SQL, ORACLE, SAP.

Apply online: (1) www.technoindiagroup.com, (2) SMS: 9836544416 / 17 / 18 / 19, (3) Visit TECHNO INDIA (a) On EM Byepass, Near Leather Technology College, (b) 2nd Floor, EM 4, Sector-V, Salt Lake, Kolkata, (c) Chatterjee International, 33A Chowringhee Road, 9th Floor, Room No. - 8, (d) Dorran Tower, House No. 8A/10, Road No. 13, Shubanbag, Danmondi, Dhaka







কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা

সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ

Source - Average Issue Readership, IRS 2017

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in